



নব বস্তু সহজেই নেত্রানন্দ বর্জন করে এবং
মন্ত্রম্য নবপ্রিয়। নবীন যৌবন পরম প্রেমান্সাদ,
রজাবহা এক প্রকার বিড়য়না। কোমলাঙ্গ শীশু
কি পর্যান্ত হৃদয়-স্বাহ্ণায়ক! প্রাভঃকালীন
সদ্য প্রস্ফুটিতা কমলিনী কি মনোরম্যা! কিন্তু
মলিনা হইলে তাহাই আবার স্থান্ত্রব দূর
করে। অতি অপূর্বতন্ জীর্ণাবহা প্রাপ্ত পদার্থ
কালে কালে ক্রমশঃ অনাদরনীয় হয়। বসন্ত
কালে যথন তরুগণ নবীন, কোমল, পল্লবে বিভুবিত হইয়া নবীন যৌবনে উত্তীর্ণ হয় তথন
অন্তর কেমন পুলক-বিপুলে মগ্র হয়। ভাষার
পক্ষে নবীন অথচ স্থভাবতঃ হৃদয়গ্রাহিণী গ্রন্থও
তদ্ধেপ। কাল বিশেষ্ট্রেরাজ্যে কোন বিখ্যাত
ঘটনা না থাকিলে এক খানা নবীন গ্রন্থ তথ
কালে সকলের মনোনিবেশাধীন হয়।

আমি নলিনীকান্ত নামে গ্রন্থ প্রকটন করি-নাম, এই গ্রন্থ যে সাধারণ পাঠক সমাজের মধ্যে

নলিনীকান্তের প্রথম ছন্দ রচনার এক ঘটিকা পূর্বের আমার কোন কণ্পনা ছিল না আমি তৎ কালে এ উপাখ্যান প্রণয়ন করি। এই পুস্তকের উৎপত্তির কারণ বড় চমঙুকার। ১২৬৩ সালে আমি ভারতবর্ষের এক বিস্তীর্ণ ইভিহাস রচনারম্ভ করি এবং ঐ মহুৎ ছুষ্কর ব্যাপারে কিয়ৎকাল নিযুক্ত থাকি, ইভিমধ্যে আমি একদা করাসীস হুইতে ইংব্লাজীতে অনুবাদিত "ফিলাজাকর ও আক্তেশেশত (Philosopher and Actresses)
নামক বিবিধ উপাখ্যান সঞ্চোটিত গ্রন্থের দ্বিতীয় ভাগস্থ প্রসিদ্ধ চিত্রকর করনিলিয়স কটের
(Cornelius Schut) মনোরম্য উপাখ্যান পড়িতে
ছিলাম, পড়িতে পড়িতে আমার মন একপ
অলোকিকরপে উৎসাহিত হইল, যে আমি তৎ
কাণে এই উপাখ্যান রচনারস্ক, করিলাম। ইহা
রচনা কালীন এই ঘটনার বিষয় অনেকে জ্ঞাত
আছেন, এই উক্তি নিষ্কলঙ্ক সত্য, গর্বমূলক নয়।
'ফিলাজাকর ও আক্তেশেশত চিন্ত বিনোদি
ও রসাল, ইহার ক্ষুদ্র ক্ষুদ্র উপাখ্যানগুলি
প্রীতিকর বটে।

পূর্ব্বে অভিপ্রায় ছিল, নলিনীকান্ত ফিলাজাকর আক্তেশেশের ন্যায় সংক্ষিপ্ত গশ্পে শেষ
করিব, কিন্তু লিখিতে লিখিতে নবীন নবীন
ভাবে উৎসাহিত হইবায় আশা উত্তরোত্তর
বৃদ্ধি হইতে লাগিল, স্কুতরাং দৈর্ঘ রচনা করণে
বাধ্য হইলাম।

আমি এই উপাখ্যান প্রণয়ন করিলাম, কিন্তু উপাখ্যানের প্রকৃত অর্থ, উপাখ্যানের কি গুণ, অনেকে জানেন না, বিশেষতঃ একপ উপাখ্যান অস্মেদেশে বিরল, এজন্য ইহার মর্ম্ম সংক্ষেপে ব্যাখ্যা করা কর্ত্ব্য। ১৮৫৮ সালে সেপ্টেম্বর মানে বিশেষ দিবদীয় মেন্টেকীর গার্কেন নামক বিলাতীয় পরে উপাথ্যানের মর্ম প্রকৃষ্টবংগ প্রকাশ হয়, তাহা এই ;—

প্তিপাধ্যাৰ গদ্য বীর রসাঞ্জিত কাব্য:
কিল্ডিং ও চুন্ত ছাত্রেরা এৰপ বলাতে যথোপ্রুক্ত সন্ত্রম বিনা সন্ত্রমাধিক্য লব্ধ করেন না
কারণ সঞ্জনোৎপাদিকা শক্তি এবং বছদর্শিষ্
মহৎ কবির কুন্ফে যেমন নিশ্চয় প্রয়োজনীয়
সাকল্য উপাধ্যানবেন্তার পক্ষেও তাহা সমরূপ
এই অভিপ্রান্ধ দৃঢ় প্রতিপন্ন করণ হেতু উপাধ্যান নিগুড় অন্থেযণের প্রয়োজন নাই, কারণ
সাধারণ পাঠকেরা এই লেথকদিগের স্বপক্ষে
বহু কাল পূর্বের মত দিয়াছেন, যাঁহারা এতন্তিন
জীবনের প্রতিমূর্ত্তি, ইতিহাসবেন্তা, গভীর বিশ্বজ্ঞান শাস্ত্র এবং মনস্তত্ত্ববেন্তার অপেক্ষা প্রকৃত
ও সতেজক্রপে চিত্র করেন, তাহা এক জনের
(ইতিহাসবেন্তার) ন্যায় তিমিরাকীর্ণ এবং অন্য
জনের ন্যায় শ্লখ হয় না।
স

উপাথ্যান শরীরের পক্ষে বিশেষ উপকারী অন্য শাস্ত্র আলোচনা করিলে শরীর ছুর্বল হয়। উপাথ্যান পাঠে শরীর পুষ্ট হয়। উপাথ্যান

[🍨] हेश्वशीप्र मर्स्सारकृषे खेलाचान तहक।

চিন্তা দুর করে, শোক নাশ করে, পুলকে

নলিনীকান্ত হাস্ত্র, অন্ত্রুত, শৃঙ্কার ও করণ রসাজিত গ্রন্থ, কিন্তু করণ রস ইহার প্রধান আধার। ইহা নাটক ভাবে রচিত, কাব্য ভাবে বর্ণিত গ্রবং উপাথ্যানাজিত। ইহার ভাব সংক্ত কাব্যোপাথ্যান সদৃশী, কিন্তু স্থানে স্থানে আধুনিক লোকপ্রিয় ইংরাজী উপাথ্যা-নের পরিশুদ্ধ ভাব ও স্থ্রপালী সমন্বিত।

আমি এই উপাধ্যানে এক স্থারা অবলয়ন করিয়াছি, এই স্থারা নাটকমূলক; অর্থাৎ কোন চরিত্রের অগ্রিম পরিচয় না দিয়া তাহার উপস্থিত কার্য্য বর্ণন করা গিয়াছে। সময়ে সময়ে এক এক চরিত্র অন্তুত অন্তুত ব্যাপার নিষ্পন্ন করিতেছে, পাঠকেরা এমত হলে তাহাদিগের পরিচয় প্রাপ্তেছ্কুক জন্য সহজেই তাহাদিগের ক্রিয়ার শেষ বর্ণন পর্যান্ত পাঠ করেন, তৎ পরে ভাহারা পরিচয় পান। অতএব কত চরিত্রের কত শত আশ্রুমা ঘটনা দেখিয়া তজ্জন্য তাহাদি দিগের পরিচয় গ্রহণেচ্ছুক হইয়াও শেষ ব্যতীত ত পরিচয়, না পাইলে সংশ্রম ছেদনাশয়ে তাহাদিগকে ঘটনার শেষ পর্যান্ত পড়িতে হয়, আবার এক ঘটনা শেষ না ছইতেই অপর ঘটনা উপস্থিত হয়। অতএব পঠিকেরা উত্তরোত্তর সন্দিহান হইক্লা এন্থ সমাপ্ত না করিয়া স্পৃহ। শান্তি করিতে পারেন না।

वाशि "निमिनीकान्त्र" नात्म अहे य व्यक्त মনোহর, উপাধান রচনা করিয়াছি, ইহার ভা-वला, ছत्क्व मातुला ७ गक विनारिमें नालिका কিৰূপ, প্রিয় পাঠকবর্গ, অনুভব করিবেন এই উপাধ্যাৰ দৰ্ম প্রকারে চিত্তবিনোদী ও तममग्न, तरमर्केट टेटा मर्टामख, अज्वत नेतीन ও নবীনাগণের ইহা অধিক প্রেমাস্পদ ও ধেয় ছইবে সম্ভব হয়, কিন্তু হই। স্বভাবতঃ নবীন ও নবীনাগণের দমনকারক, ইহার ভাব পরিণামে পরিদুষ্টমান্ হইবে। ইহার শব্দ বিন্যাস, বিশে-ষতঃ ছন্দ বিন্যাদ, অধিকাংশ অভিনব, অতএব কাহার পক্ষে কাঠিন্য হৃদয়ঙ্গম হইবে, কিন্তু চিক্ত স্থির করিয়া তাৎপর্যাকর্ষণ করিলে আমি পাঠকব্যুহের নিকটে বর্ণনাভিরেক বাধ্যু হইব। আমাদিণের দেশবাদীদিণের কথোপকর্থন অতি ইতর—ভক্র সমাজে দাতিশয় নিন্দনীয়; আমরা করাসীস, বা ইংরাজদিণের কোন মনোরম্য উপাধ্যান পাঠ করিলে ঐ উপাথ্যানস্ চরিত্র-**पिरिश्व कर्रथा शक्यरतत खुन्मत ख्रशाली मन्मर्भरन** কি পর্যান্ত বিনোদিত হই বলিতে পারি নাঃ

অধিক কি বলিব উপাখ্যানের অপেক্ষা ক্ৰোপ্-कथन श्रिक्षकं क दोध इस्र। शतु अन्य एक्नी-দিগের কথোপক্ধন কেবল জ্বন্য নয়, প্রত্যুত मन्त्र्र वशक्त ও व्याकत् विक्रक, वक्र दिनीय द्रक-ममोक है श्राकी कहिटल यबन छन हामकनक অরুভূত হয়, আমাদিগের জাতীয় কথোপকথন তক্রপ-প্রায়। এ জন্য আমি এ উপাধ্যানে कर्षां शक्यन विषया कि क्षिप मत्नार्यां निष्ठाहि — সাহসে সম্পূর্ণ মনোযোগ দিতে পারি নাই, সকলে আমাদিগৈর বন্ধ বন্তী হইলে অনুৰূপ আচরণে বিলম্ব করিব না। ''বলিডোছ্'' এই नक्षीं वानाञ्चवारन व्यवक्ष श्रेरल कि बन अश्रुक रहेशा थारक मकरल असूमान करून, ষধা—'বল্চি।'' কথোপকথনে শব্দের মধ্যে কোন অক্ষর লোপ করা বিধেয়, কিন্তু যে স্থলে লোপ হইবে তৎ স্থলে লোপের একটা চিহ্ন স্থাপনাবশ্যক—তাহা বলিয়া ছকার স্থানে চকার ব্যবহার করা উচিত নয়, যেমন ''বলিভেছি'' স্থানে " বলিডেচি" অথবা কথোপকথনে " বল্-চি" অন্যায্য। পরস্তু ঐ শব্দ শুদ্ধ করিয়া লোপ স্থলে চিহ্ন দ্বিয়া লিখিতে হইলে ব'ল্'ছি এইুৰূপ লেখা কর্ত্তব্য।

ব্যক্তি বিশেষে কভকগুলি ইংরাদ্ধী সংক্ষিপ্ত

শব্দ অন্যায় উচ্চার দ্ব দারায় বিক্রত করেন, বেমন, dont. কেই ইহার উচ্চারণ ডোঞ্ (donch) করিয়া থাকেন। তথাপি ইহা বাঙ্গালা বলির" ন্যায় প্রচলিত নয় এবং লিখন কালে বর্ণমালা বহির্গ হয় না। উচ্চারণ যদিও ধৃতব্য বটে, তথাপি বর্ণমালচ্যুত, বা ব্যাকরণচ্যুত বড় দোষ। সংক্রিপ্ত শব্দে উচ্চারণে সম্পূর্ণ মনো-বোগ না দিলে বড় ক্ষতি নাই, কিন্তু রচনা কালেই সংক্রিপ্ত শব্দ বর্ণমালাচ্যুত, ব্যাকরণচ্যুত, করিলে মহতী দোষ জন্মায়।

এই প্রণালী আমি সর্বতে অবলয়ন করি নাই, করিলে কর্মণ্য হইত না।

পাঠকরন্দ! নলিনীকান্ত স্বত্নে পাঠ করিলে আমি আপনাকে চরিতার্থ নানিব, গণভাহীনে দেশীর ভাষার প্রথম ও প্রক্কত উপাখ্যানটী পাঠ করিয়া বাধিত করুণ।

একেদারনাথ দন্ত।

ক্লিকাতাঃ) ৩০ সে জৈষ্ঠ, ১ ৬৬ ১

निमनीकाछ।

+

প্রথম অধ্যার।

महाराज रुप्तीय राजन महाराज राजन -

ভারতবর্ধের অতি উত্তরে হিমালয় নামক শৈল্যপুরের সমিকটে কাশ্মীর নামী এক ক্যনীয়, মনোহারিণী, নগরী আছে। এ নগরী নানা স্থরম্য উবপরনে শোভাম্বিভা এবং গিরীতে বেটিভা। সে হলের রায়ু, মানকনিকরের সাতি-শ্ম শারীরিক স্থালায়ক ও স্বাস্থপদ। তথাকার কামিনীগণ সর্বাক্সকলরী, এবং কাশ্মীর, কন্যা-গণের রূপমাধুরীতেই অধিক বশস্বিনী হইয়াছে। সেই স্থাধাম মন্দর্শনে অনুভব হয়, যেন স্থামা বিরাক্ষমানা। কাশ্মীর নগরীতে চক্রভীম নামে এক লোকহিতেখী, নরপাল ছিলেন, তাঁহার নলিনীকান্ত নামে এক তন্য ছিল। নৃপ্তি, পুত্রকে বছু যদ্ধে বিদ্যোপার্জন করাইয়া ছিলেন এবং ছৌবন কালে ভূপাল-রাজ তনয়ার
সহিত তাঁহার বিবাই নির্বাহ করিয়াছিলেন।
কিন্তু রাজকুমার বৌবন কালে প্রমোমত হইলেন
এবং অসহ মার্ক বাণ সহ করণে নিতান্ত পরাংমুখ হইয়া দিটি দিন, আকুলে বাার্ক হইতে
লাগিলেন। স্থালিমে, কালকুন্মে তাঁহার বিরক্তি
জ্বিল এবং ক্রিনি প্রেম স্থা পানে মদন বাজে
বাতনা নিবার গ সমুধ্যুক হইলেন।

কাশ্মীর নারীর কোন হলে একটা রমণীর উপরন ছিল ছাবং ক্রজিনী তথার বৌবন ভারে অবনতা হংটে ছিলেন। কন্মিন কালে নলিনীকান্ত বায়ু দেবনছলে তথার উপনীত হইলেন। ঐ উপরন চতুর্দিকে শৈলাশুলে বেটিছ হইবাতে গন্তীর, অথচ মনোহর; শোভা প্রকাশ করিতেছিল এবং বদন্তের আগমনে চতুর্দিক রমণীর কান্তি ধারণ করিয়াছিল। স্থানীতল সমীরণ বহিতেছিল—পক্ষবিশিই গারক, গারিকাগণ, তরণ রক্ষোপরি ললিত গান করিতেছিল—স্ফারণ গন্ত বিশ্বা নর ইসিক, রিসকাগণের নব প্রেমান্তরাগ ইজি করিতেছিল। সন্ত্যা হলা—রজনী প্রকাশিল—স্ববাংশু উঠিল—কুমুদ ফুটিল—নিশান্তর জারিকা। এমত সমলেননীকান্ত উপরন বিহার করিতে ছিলেন

এমত অবস্থায় প্রেমস্থা পানে কোন্ মনুব্যের ना लालमा इस ? द्यान मसूषा ना त्मरे कमनीय, অপচ সাংগাভিক, সুধা পাত্রে হস্তার্পণ করেন ? निनीकान, स्था-गिकूरण मध रहेरलन, किन्न পার হইবার কোন উপায় দেখেন না এবং কাহার নিকটে আত্মলয়েন কিছুই হির করিতে পারেন মা। নলিনীকান্ত, ভীষণ তরঙ্গে সাতিশয় পরিত্যক্ত হইলেন—বিষয় ও জানখুন্য হই-লেন—নিরাশ্রমী হইবেন। তিনি চিন্তাকে আশ্রম করিলেন, কিন্তু চিন্তাভার করিয়াও কিছু উপায় **शारेलन ना। हिस्रा वतक जाँशांक उँछातास्त्र** বিকল করিল। প্রেমের কি অলৌকিক ক্ষমতা! महत्तंत्र कि जीक वाल! निनीकाल जेवल-क्षात्र হইয়া অবশেষে উপবনের অভ্যন্তরে প্রবেশ করিলেন এবং তথায় একটা মনোলোভা অভা-निका (प्रिक्ति- ज्यात्र अर्वासम् इरेलन-অকসাৎ এই ধনী শুনিতে গাইলেন;-

व्यवनीरक बाह्य धक त्रमा छेनवन, रेमनक्षक, मश्रीक्रट्स काकि स्ट्रामां कर । किया त्याका, महनात्माका, स्रोम गर्धन, व्यवहरून हरत ठाटी, सुस्ट्रक्स मन। व्यवहरू करत ठाटी, सुस्ट्रक्स मन। व्यवहरू व्याप स्ट्राम्स समग्र, हमग्र व्यवन ठवू भीठन में इत्र। প্রসারের বড় তাহা করে অধিকার,
চারি দিকু আন্ধাদরের নোহ-অব্যকার।
হির নীরে উঠে তরে তরক ভীষণ,
উপায় বা পেয়ে, গরে ডাহে ক্রীরগণ।
ডনহে প্রথিক কন হিতকর কথা,
না কর, না কর কড় পদার্গন তথা।
স্পথে জেচলে যাও নেদিকে বেও না
পাইবে বাতনা পাত্ত, পাইবে বাতনা।

কোন ভাষা নলিনীকান্তের এত্রিষরে হতজ্ঞান বর্ণনা করিতে পারে? নলিনীকান্ত চমৎকৃত হইয়া প্রিকেত্যার জ্ঞাভুত হইলেনচতুর্দিক নিরীক্ষণ করিলেন—কাহাকেও দেখেন
না—"কে তুরি, কি বলিতেছ ?" তিনি উচ্চৈখরে এবস্থাকার চিৎকার আরম্ভ করিলেন—
কেহই নাই!—কে উজ্ঞর করিবে? অনম্ভর তিনি
থ ধনী অন্থেশার্থ অন্তি অন্তর গেলেন;—
কিছুই দেখিতে পাইলেন না। নলিনীকান্ত
স্কাংপর অট্টালিকার প্রবেশ করিতে যাইতেছেন—পুনশ্চ দৈব ধুনী হইল;—

বিপদ সময়ে লোক জানহার। হয়।
সুপথ দেখিলে তবু ক্পথেতে বাফু
সোলা পথ বেবাইলে ব্যক্ত কায় চলি;
হিত বাকা ব্যাইলে সম হায় ভুলি।
অমৰ্থ কেন পৰিছ হও মতিহীন?
সুধাপাত হাতে পৈনে ইকে না প্রবীণ।

নলিনীকান্তের সমস্ত ইজ্জিল অবশ হইল;
পূর্ণ আলোকমন্ন সোদামিনীর অনুগামী কুলিশ,
বোর নিনাদে তাহাকে অনুগমন করিলে জীবসমূহ যেকগ স্তন্তিত হয়—অচৈতনা হয়, তিনি
অনুক্রপ হইলেন এবং উন্মত্তের ন্যায় বাক্য
প্রয়োগ করিতে লাগিলেন; "আমি কি স্বপ্ন
দেখিলাম! জাগ্রতাবস্থায় বা কিন্তিপ স্বপ্ন
দেখিলা

নলিবীকান্ত তৎ পরে এক উন্নত তরুতে উঠিয়া
চতুজাত্মে অন্বেষণার্থ অবলোকন করিতে লাগি-লেন—''অবশ্য বাটী হইতে ধনী নির্গত হই-তেছে'' স্থির করেন—বাটীতে প্রবেশ করিতে যান—দৈব ধনী শুনেন;

নির্বোধ প্রকিত্রিক বোষাইলে জান, জানিয়া, কটকে কেন কর পদ দান, যাও যাও চলে, বাও প্রাণ হাতে লয়ে, জনক জননী তব আছে শোকালয়ে। তব জননীর দশা কে বর্ণন করে? রমণী ভোমার পছি বাটে কি বা মরে; রাজ্য হাহাকার মন্ধ লোক ভাহে ভাবে। হরা করি, লয়েভরী, বাহু ভার পাশে!

এই ধনী অবনে রাজকুমার সচেতন হইলেন এবং ব্রার জরী লুইয়া গমন করিলেন। ক্রম-দূর যান—স্লোচনা জীহার সম্প্রের প্রায়মান হইল—''আহা রদন স্থাইয়া গিয়াছে ৷ নিরা-অরী। এখন দিলাকর কর দারা ত্যক্ত করিতেছে! হির হও ৷ স্নামার অমুগমন কর ৷ বিভাম করিতে চল।'

কুমার শুন্তির হইলেন, তাহার কণ্-লাবণ্যে
মোহিত হইলেন, গ্রুতে সুধারর পাইলামণ
জ্ঞান করিলেন এবং জুরজিমীর সজিনীর অনুগমন করিলেন অটালিকার প্রবেশ করেন
এমত সময়ে পুরুষ্ঠ দৈবরনী শুনিতে পাইলেন—

চকু আৰ্ট্টে বিশ্ব কান। বিধা অপক্ষপা দেখিয়াও নাহি দেখে না দেখি অৱপা; দেখে কাঁচ্ট তরু ফালে প্রবেশিতে বায়, আহা মহি ছবেই মরি, মরি হায়! হায়! "

রাজপুত্র বার্মার আকৃত্মিক, মনী শুনিরা হতজ্ঞান হইলেন, ভাবিলেন—"কি আভ্রান্থ্য অকস্মাৎ এ সকল কি শুনিতৈছি, কেই বা বলি-তেছে, এ অক্সনাই বা কে, এ কি মায়াকারের বাটা, না আমি মারা পালে বন্ধ হইলাম! হার! এগানে আদিয়া কি শক্ষটে পড়িলাম!—

> चार्ड कि उलाई, चंडिय किश्रीय !"

নলিনীকান্ত বিন্ধা মুনে স্থ কাটাতে আদিবার উপক্রম করেন—স্বলেচিনা উঁহোর হল্তে ধরে এবং কবিভা এ কাল করেছে कि मन उठाउँन भूकन तुष्त ।
कि विकास देविकाण चाह आनवन।
व विकास देविकाण चाह आनवन।
व विकास विकास कि उठावा कि वा जाता।
क्रम्मिनी शाला (गर्ट-निशीएन)
क्रम्मिनी शाला कि कांत्र (गर्ट-निशीएन)
क्रम्मिनी क्रमिनी के विकास कि विकास कर विकास

এই বাক্য সুধ্যে হইতে বিনির্গত না হইতে
ইতে নলিনীকান্ত সার ভাবিলেন এবং স্থলোনার অনুবর্তী হইরা অট্টালিকার সভ্যন্তরে
ামন করিলেন। কিন্তু, নলিনীকান্ত পশ্চাৎ
চাগের এক গুপ্ত ছার নিন্তু স্কটালিকার প্রবেশ
চরিয়াছিলেন।

এই অট্রালিকা উদ্যানের মধ্যবর্তী ছিল এবং
চদ্যান ছই পাথে পর্বতে বেক্টিড ছিল। নানা
দাতি তরুণ তরুতে গোডিড ছিল—মধ্যে মধ্যে
কৃত্, কৃত্ গ রব্ধ হইতে ছিল—মুশীতল
মীরণ হুদর শীতল করিতে ছিল—গলপুলোর
দীগালে উপ্রন আমোদমন ক্রিক্টিল এবং
বিদ্নীর স্থচরীরা হুদুর্লা ইইবা স্পুলাগালী
হুরা, পুলা চর্ম করিতে ছিল। ইক্টি বা

গতক্লম তরুমূলে বারি সেচন করিতে ছিল—কেহ বা উপবন পরিছেন্ন করিতে ছিল—কেহ বায়ু দেবনাকাৰায় তরু তলে বসিয়া ছিল। নলিনীকান্ত এমত কালে বাটীতে প্রবেশ করি-লেন—

"এমত আৰোকময়, জ্ঞান হয় যেন ক্ষণপ্ৰভা-लग्न"--- कूतकिनी जाशांत मन्मू (थ পড़िलन, निन-নীকান্ত তাঁহাকে দেখিবা মত্রি মুচ্ছিত হইলেন। ঐ কামিনী বিংশ বর্ষ বয়োধিকা আকার সন্দ-র্শনে প্রতীয়মান হয়। তাঁহার অঙ্গের লালিত্য ও সুগঠন অতি বিচিত্র—লেশ মাত্র খুঁত নাই। বদন কিঞ্চিৎ দীৰ্ব এবং গণ্ড দ্বয় ঈষৎ পুষ্ট হই-বাতে পরম শোভনীয় হইয়াছে, জ্র যুগল অর্দ্ধ-চন্দ্রের ন্যায় গোলাকার, কোন স্থলে বক্র নাই— নেত্র ক্ষুদ্র নয় এবং নেত্রাপাঞ্চ দীর্ঘাকার--বর্ণ त्रेष९ গোলাব कूस्रम वर्त्त नाम, एकार्य द्रक কমলের ব্লক্তিম বর্ণ প্রকাশ করিতেছে—নিতম্বের ভারিত্ব দেখিয়া মনোমধ্যে আনন্দ জন্মায় এবং পয়োধরের সমান গোলাক্কতি রসিক জনকে উন্মন্ত করে। নলিনীকান্ত তাঁহাকে দেখিয়া মুচ্ছি ত হইলে তিনি মধুময় বাক্য প্রকাশ করিলেন ;— " के के खोननाथ !-- पह आर्त बन !

চমকে अमृति উঠে ट्रेश मीजन।

"আহা মরি মরি প্রাণে দছে যে অন্তর, নিবারহ দিয়া বারী নহে মনান্তর।"

রাজপুত্র প্রেমু সুধা ভক্ষণ করিলেন—তিনি প্রেমার্ণবে ভাসমান্ ইইলেন। কোথায় বা বসন, কোথায় বা ভূষণ, সকল বিষ্ট্রন দিয়া কুর্দ্ধি-নীকে ধরিতে গোলেন। তান সমন্বিত গান, বাদ্য, হইতে লাগিল, কুর্দ্ধিনীর স্যোনীরা নৃত্য করিতে লাগিল। নলিনীকান্ত তাহা দেখিয়া বিহলেল হইয়া তাহাদিগের সহিত নৃত্য আরম্ভ করিলেন। অবশেষে ক্লান্ত হইয়া পথ আন্তি দূরীকরণ জন্য সরোবরে স্থান করিতে গোলেন;—

> बाह्यांग करत्र मनी, ना मनी इस ब्राह्थांमी।

কুমার জুবিল দেখ প্রেম-সিস্কু নীরে, পরিত্যক্ত হয় তায় উচিতে না পারে। সম্ভরণ দিতে চাহে প্রাণ্বাচা'বারে, তর্ম শাধ্যে বাধ বাঁচে কি প্রকারে?

षिতীয় অধ্যায়।

(अमानाम ;-- निकुछ-विद्यात्।

নলিনীকান্ত এখন ছাবিংশ বর্ষ বরোধিক হইরা-পূর্ণ যৌবন প্রাপ্ত হইরাছেন, অতএব এই সময়

কামকেলির উপযুক্ত সময়, এজন্য তিনি সহজেই কুরঙ্গিনীতে নিভান্ত মগ্ন হইলেন, কিন্তু কুরঙ্গিনী ষে কিৰপ কাল সৰ্পিনী তাহ্য ছানেন না। তিনি ব্যভিচারিণী কাশিনীকে মুক্তিপ্রসায়িণী জ্ঞান ক্রিলেন। আহার, নিজা, প্রায় পরিত্যাগ করি-লেন। সোদর পূর্ণ না করিলে নয় এজন্য যৎ-কিঞ্চিৎ আহার করিতেন। স্বস্প নিদ্রা যাই-তেন। নিদ্রাবিষ্ঠায় চমকিত হইতেন এবং নিদ্রা-वदांग्रहे कूत्रकिनीत मूथरमोमामिनी नितीकः। করিতেন—কপোল চুম্বন করিতে যাইতেন এবং সহসা উঠিয়া আলিঙ্গণ করণে উদ্যত হইতেন। অমনি ভূতলে পড়িতেন। নব রসিক রসিকার মধ্যে উত্তরোত্তর প্রেম-বারি বাড়িতে লাগিল এবং প্রেম-সিক্ষু উত্থলিল। এই রূপে কিয়ৎ काल गाउ इहेल, हे जियाधा वकता कूतकिनी थित्र কান্ত নলিনীকান্ত ও দঙ্গিনীগণ সমভিব্যাহারে वाश्च त्मवनार्थ উপवटन गमन कतित्मन। ममद्र अञ्जाक वमन्त्र, भौतियमगण मदक कतिया উপবনে আসিয়াছিলেন তাহাতে প্রজানমূহ রাজ সন্দর্শনে পুলোকে পূর্ণিত হইয়াছিল। **व्यक्ति यानम्मा रहेग्राहिल—स्मी**ण्ल यनिल বহিতে ছিল-ভক্ষমমূহ পূর্ণ যৌবন প্রাপ্তানন্তর অনিল সেবনে প্রফুল্লিত অন্তরে হেলায়মান হইয়া

কৌতুকে তরুণীগণকে আলিঙ্গণ করিতে ছিল, मिट्टे यालिक्षर् उरूनीयन गर्डधातिनी रहेन এবং সময়ে সময়ে কোমল, বিমল ও মাধুরিযুক্ত তনয় তনয়া প্রসব করিল। তনয়াগণ একপ লাবণ্যবতী হইল যে নায়ক নায়িকাগণ তাহাদি-গকে বিলোকনে চিত্তরুত্তি পরিতোষ করিতে লাগিলেন। অন্য স্থলে সংগ্ৰেবরে কমলিনী নামী এক তরুণী রসরঙ্গে নৃত্য করিতেছিল এবং মক-রন্দ আনন্দ-রূদ পানে আপ্যায়িত হইয়া তাহার কপোলদেশের মধু পান করিতে লাগিল— মদিরা পানে মনুষ্য যেৰূপ অচেতন হয়, প্রমন্ত হয়,মধু পানে ভ্রমর অবিকল হইল, এবং বিহ্বলে গুণ গুণ স্বরে গাণ করিতে লাগিল। ভ্রমরের রক্ষ দেথিয়া কলহংদ নিব্নত হইয়া থাকিতে পারিল না, এবং প্রেমদীকে লইয়া জলধ্যুপরি ক্রীড়া করিতে লাগিল। একটা কোকিল বুক্ষো-পরি বদিয়া ভ্রমর ও কলহংদের রঙ্গ দেখিতে ছিল, এমত সময়ে মদন তদীয় গাত্রে পুষ্পবাণ নিক্ষেপের দ্বারা জর্জারিত করিল। তাহাতে কোকিল যাতনায় অন্থির হইয়া স্কস্তরে বিলাপ করিতে লাগিল। কুরঙ্গিনী ইত্যবদরে উপবনে উপনীত। इंदेलन। कुर्तक्रमी উপবনে उँभू-नीज। इटेल महहतीर्गन जार्डिगुर्छ जरूनी তনয় ও তনয়ানিকরকে তয়ণী হইতে কুরক্লিনীকে প্রদান করিল। "আহা কি কোমল!
কি মনোহর!" মৃত্ স্বরে এবস্প্রকার উচ্চারণ
করিয়া কুরক্লিনী অমনি অতি য়ত্নপূর্বাক কতকশুলিকে হৃদয়ে রাখিলেন—কতকশুলি মন্তক্
বিভূষিত করিল—কতকশুলি কর্ণকুগুলের স্বৰূপ
হইয়া কর্ণেরহিল। কুরক্লিনী এবস্প্রকারে অক্ল শোভন করিভেছেন,—দেখিলেন নলিনীকান্ত কিছুতেই মনোর্দিবেশ করিতেছেন না। তাঁহার বদনেক্র যেন স্ব্রিগ্রামি হইয়াছে এবং তাহা
হইতে কিঞ্জিক্ষাত্র জ্যোতিরূপ বাক্য নিঃস্তত

ভূতীয় অধ্যায়।

কুমারের উদ্বেগ---কুরঙ্গিনী কুহক-বচনে তাঁহাকে ভুলান ৷

তিনি এই অবসায় আছেন, ইত্যবদরে কুরক্লিনী তদীয় সম্মুখবর্তিনী হইলেন। কুর্ক্লিনীকে নয়ন কটাকে বিলোকন করিয়া নলিন।
কাস্ত্রতম্ব হইলেন এবং কমনীয় সম্ভাবণে তাঁহাকে
নিক্ল পামে বিশাইলেন। প্রক্ষণে তাঁহার স্থির

চিত্ত-নীর চঞ্চল হইল এবং তিনি ভাবাপন্ন হইয়া মনোমধ্যে কম্পনা করিতে লাগিলেন ;—"আমি জ্ঞাতি, বন্ধু, পরিজনাদি পরিত্যাগ করিয়া কোথায়, কাহার নিকটে রহিয়াছি! একন্যা কে? কোন জাতি ? এ কাহার পুত্তি ? রমণী, একা-কিনী কি নিমিত্ত নিকুঞ্জবাদিনী হইয়াছে ? আমিই বা কি অজ্ঞানী, স্বচ্ছন্দে, নিৰুদ্বেগ চিত্তে ইহার সহবাদে কালহরণ করিতেছি! আমার क्रमक क्रममी क्रिथांग्र! तम्भी क्रिथांग्र! वक्रु, পরিজনাদি কোথায়! অহো! আমার সে বেশ নাই! কই আমার পারিষদ্ধাণ! ধন্তুর্ব্বাণ কই! তুরক্ষ কোথায় ! কুরক্ষ কি পলায়ন করিল ! মামি কোথা রাজ্য শাসন করিব না নির্জ্জন উপ-বনবাদী হইলাম! একি আশ্চর্য্য! একি বিধি-বিড়ম্বনা! আমি কাহার কোপানলে পড়িলাম যে এৰূপ যন্ত্ৰণা সহিতে হইতেছে! হে বিশ্বপতে! হ বিঘুবিনাশক! কোন্ অপর।ধের জন্য আমাকে নির্বিণু দিতেছেন!" নূপনন্দনের ঈদৃশী অলৌ--কিক্ ভাবনা অবলোকনে কুরঙ্গিণী বিপন্ন, বিষণ্ণ, নুনে সকাতর স্বরে জিজাসিলেন,—'নোধ! আজি কি কারেণে চিন্তাকুল হইয়াছ? বদন ম্বধাকর নিরদ হইয়াছে। আহা। নয়ন হইতে

বারিধারা পতিত হইতেছে। দেহ শীর্ণ হইয়াছে! দীর্ঘ নিশ্বান বহিতেছে! প্রাণবল্লভ!
এ অভাগিনী কি অপরাধিনী হইয়াছে, যে জন্য
ইহার উপরে রোষ করিয়াছ?——

"কি দোষের দোষী করি' করিয়াছ রোষ, অভাগিনী কুরঞ্চিণী কি করি'ছে দোষ? তব তুঃখ নির্বিয়া পশু, পক্ষী কাঁদে, তুখিনীকে কৈন কেল অন্তথের কাঁদে! অভয় দানেতে কর ভয় বিমোচন, সেচনে অনজ্ল-শীখা কর নিবারণ; নহিলে এক্ষণে প্রীয় সম্মুখে দেখিবে; তব প্রিয়ত্যা তব বিষাদে মরিবে।"

ব্যভিচারিণী কামিনীগণের বশীকরণবাক্যের অভাব নাই; কুরঙ্গিণী ঈদৃশী নানা বিলাপস্থান্ধ বাক্য কহিলে নৃপনন্দনের পূর্ব্ধ ভাবের অভাব হইল, তিনি প্রেম-ফাঁমে পুনঃ জড়িভুত হইলেন। কামিনী ভাঁহাকে অপরিমিত প্রেম-পীযুষ পান করাইলেন; কুমার শোক-সিন্ধু হইতে প্রেম-সিন্ধুতে ভাসমান্ হইলেন। এক্ষণে শোকাঞ্চ বিনিময়ে ভাঁহার আনন্দাঞ্চ পড়িতে লাগিল। তিনি কুরঙ্গিণীকে দৃঢ় আলিঙ্গণ করণে প্রস্তুত হইলেন; সচতুরা রমণী অমনি উপায় পাইয়া ভাঁহার ইতিপুর্বের আন্তরিক ভাব

বিভাব করিতে ছলতৎপরা হইলেন এবং তাঁহার মন হরণ করণার্থ পশ্চাৎৰূপ উক্তি করিলেন,—

"সংসার নামেতে এক আছে মহা জাল ,
বিভূবনের মধ্যে সে হয় মহাকাল।
বাল, বৄয়, আদি সবে' মৄয় হয়ে পড়ে ,
করাল রজ্জুতে তাহে বদ্ধ হয়ে মরে।
তাহা হ'তে দেখি না যে কাহার নিস্তার ,
মোহ নামে দস্মা এক বলে মার মার!
আজি আছে, কাল নাই, "কালে" টানি' লয় ,
তরিবার তরে গেলে না পায় উপায়।
আজি রাজা, কাল কিন্তু শ্মশান শ্যাতে ,
আজি জয়ে, আজি মরে দেখিতে দেখিতে।
আজি পুল্র, পিতা আছে, কি সম্বন্ধ কাল?
কালের জালেতে পড়ি' দেখে পরকাল।
অতএব তাহে পদ না দেয় যে জন ,
সে জনে স্কেন বলি, সেই তো স্কলন।"

নৃপতিতনম এই উক্তিটা সার ভাবিলেন, কিন্তু
তথাপি অসার বত্মে চলিলেন। তাঁহার অন্তরে
অসাধারণ ভাবোদয় হইল;—"এই অসার
সংসারে প্রভ্যুত কাহার সঙ্গে সম্পর্ক নাই, অতএব যে প্রকারে স্থেখ থাকা যায় তাহাই চেন্টা
করা বিধেয়। আমি রাজ্যে যাইয়া কি স্থ্ধ পাইব,
কল্য যথন কাল আসিয়া রজ্জুর দ্বারায় হন্ত বন্ধন
করিবে, শমন ভবনে লইয়া যাইবে, তথন
আমার রাজ্য কোথায় থাকিবে, কিয়ৎ পরে কে

আমাকে ভাবিবে! অতএব যাহার সঙ্গে কোন
সম্বন্ধ নির্বন্ধ নাই, যাহার সদনে কেবল বিভ্ননা
পাইব, তাহাকে পরিহার করিয়া অন্যত্রে কথঞিৎ
সক্ষলে থাকা কর্ত্তব্য কর্ম। রাজ্যের ভার—
পরিবারের ভার—তাহাদিণের জন্য অনর্থ যত্নকরণ—বিলাপকরণ—অতএব রাজ্যে যাইবার
কি প্রয়োজন ? জামি এছলে বঞ্চিব, প্রেম-পিযুষ পান করিব, স্বচ্ছলে মরিব,—রাজ্যে যাইব না!"

নলিনীকান্ত এক্বপ সার সিদ্ধান্ত করিয়া কুর-ঙ্গিণীকে দৃঢ় আলিঙ্গন করিলেন।

> প্রেম দারে দিয়া থিল কুরঙ্গ-নয়নী, ছঢ় করি' বালি রাখে' কুমারে অমনি 1

চতুর্থ অধ্যায়।

ক্রজিণীর নিকেতনে গন্ধর্ম কন্যাগণের আগমন—আমোদ প্রমোদ।

রাজকুমার কিয়ৎ কাল প্রেম-স্থা পান করেন, ইতিমধ্যে স্থলোচনা এক দিন কত শত জ্রভঙ্গী নির্দ্দেশ পূর্বাক সহাস্ত বদনে কুরঙ্গিণীকে সম্বোধন করিরা কহিল, "কুরঙ্গণে!এই স্থখমগ্র বসন্ত কালে অলিকুল কোমল ফুলে পরিজ্ঞমণ করিতেছেঃ কমলিনীর অঙ্গ-সরোবর মধ্যে সম্ভরণ দিতেছে, অন্তর শীতলকারক প্রেমাষ্পদ মলয়ানিল কাম-তরঙ্গ হিল্লোলে উদ্দীপন করিতেছে, আহা মরি চতুর্দ্দিক কি শোভমান্! একি আমোদের সময়! কিন্তু এমত সময়ে তোমার রম্য নিকুঞ্জ দেখিতে क्ट्टे आहेर्न ना। क्तक्राता े **व्हे** नमरह তোমার ভগিনীগণকে আদরে 'নিমন্ত্রণ কর, আদরে তাঁহাদিগকে ভোজন করাও। তাঁহারা অনেক কাল তোমাকে দেখেন নাই, তুমিও তাঁহাদিগকে এক বার তত্ত্ব কর নাই, অতএব তাঁহারা ব্যাকুলা থাকিতে পারেন।'' কুরঞ্চিণী তৎশ্রবণে দাতিশয় বিমনা হইয়া মধুর স্করুণ স্বরে উত্তর দান করিলেন, "স্থি স্থলোচনে! ভোমার স্নেহ্ময় বাণী শুনিয়া আমার নয়ন তাহাই হইবে, আগত রবিবারে আমি ভগিনী-দিগকে একান্ত দেখিব। আজি তুমি তাঁহাদিগের निकटि यां ७, जाँशां मिगटक मञ्जदम निमल्या করিয়া আইম।" "যে আজ্ঞা" বলিয়া স্থলো-চনা তৎক্ষণাৎ গমন করিল। কুরঙ্গিণী ভগিনী-গণের নিকেতন গিরীগহ্বরে ছিল, স্থলোচনা তথায় উপনীতা হইল। ঐ কামিনীগণ চিত্ৰীরথ নামক বিখ্যাত গন্ধকের ছ্হিতা ছিলেন এবং গীত বাদ্য গন্ধবিদিণের নিদৃষ্ট সাধনীয় বলিয়া তাঁহারা তৎকালে প্রেম-পূর্ণ সংগাত করিতে ছিলেন, স্থলোচনা সম্মুখবর্ত্তিনী হইলে তাঁহারা তাহাকে সমাদরে গ্রহণ করিলেন এবং আগত কুশলবাদ প্রদান পুরঃসর জিজ্ঞাসিলেন, "স্থি! আজি এখানে কি কারণে আসিলে?" স্থলোচনা প্রতিবাক্য প্রদান করিল;—

"না হেরি' ভগিনীগণে সুশীলা কামিনী, বিচ্ছেদ-আগুণে পোড়ে দিবন যামিনী। পাঠা লেন কুরক্লিণী তব নিকেতনে, নিবেদন করি আমি সহিত যতনে; কাদ্যিনী, সুরধনী, পাল্লিনী ভামিনী, ভগিনীর পাশে যাবে যতেক ভগিনী। আগত রবিবারে স্বার গ্যন, স্যোনী সুলোচনার এই নিমন্ত্রণ।"

স্থলোচনা নিমন্ত্রণ করিয়া স্বস্থানে আগতা হইল। অনন্তর কুরঙ্গিণী, ভগিনীদিগের আগ-মন উদ্দেশে গৃহ পরিচ্ছন ও স্থানাভন করিতে আজ্ঞা দিলেন। নিদৃষ্টি দিবস উপস্থিত হইল, এবং কুরঙ্গিণীর স্বস্থাণ পুজ্পবিমানারোহণে শূন্য মার্গ দিয়া ভগিনীর নিকেতনে সমাগতা হইলেন। কুরঙ্গিণী, ভগিনীগণের আগমন বার্ভা শুব্দানন্তর অত্যন্ত ব্যস্ত হইয়া তাঁহাদিগকে যথা-বিহিত স্বেছ প্রকাশে ও সমাদরে অভ্যর্থনা করিয়া বাটীর অভ্যন্তরে লইয়া গেলেন। অন-ন্তর কমলাকান্ত কমলিনীকে বিষাদিনী করিয়া তদীয় পার্শ্ব হইতে সংগোপনে পশ্চিমাচলে লুকায়িত হইলেন। এ দিকে কুমুদ নাথ দিং-মণ্ডল স্বচ্ছ প্রভাতে উত্থল করিয়া আবিভূতি হইলেন এবং প্রণারিণী কুমুদিনীকে গাঢ় আলি-ঙ্গনে বিমলা করিলেন। কুছকিনী যামিনী, মায়া-পাশ ব্যাপ্ত করিয়া থেচর, ভুচর, জলচরকে, অচে-তন করিতে প্রবর্ত্তমানা হইল্য কেবল নিশাচরকে চেতনবিহীন করিতে পারিলনা। এই কালে কুরঙ্গিণী ভণিনীগণ ও নলিনীকান্ত সহ বাটীস্থ এক অন্ত্যুত্তম, রমণীয় অউালিকায় গমন করি-লেন। ঐ অট্টালিকার বিরাম জন্য এক অভি-রাম পুষ্পাদন প্রস্তুত হইয়াছিল এবং তথায় কমনীয়[']গন্ধপুষ্প নির্মিত এক চন্দ্রাতপও ছিল। কুরঙ্গিণী, তদীয় স্বস্থগণ এবং নলিনীকান্ত, সেই পুষ্পাদন পরিগ্রহণ করিলেন। কুরঞ্চিণীর সহচরীর। স্বর্ণ, রোপ্য, পাত্রে বিবিধ প্রকার স্থাদ খাদ্য দামগ্রী আনয়ন করিল, কেহ কেহ ভূঙ্গারে করিয়া হিমকরের করের ন্যায় স্বচ্ছ হিম-কর বারি হত্তে করিয়া দণ্ডায়মানা রহিল, কেহ পুষ্পে শোভিত তালরম্ভ আনিয়া বায়ু সঞ্চারণ করিতে লাগিল। কামিনীরা নলিনীকান্ত সহ

প্রীত চিত্তে ভক্ষ দ্রব্যাদি আহার করিলেন। ইতিমধ্যে এক সযোনী একটা স্থরাপূর্ণ হিরম্ময় পাত্র আনিয়া উপস্থিত করিল, কুর্ঙ্গিণী দেই পাত্রটী গ্রহণ করিলেন এবং আদৌ নলিনী-কান্তকে কিঞ্চিৎ স্থরা প্রদান করিয়া আমস্ত্রিত রমণীদিগকে আমুপূর্ব্বিক প্রদান পুরঃসর আপনি তাহার অবশিষ্ঠ ভক্ষণ করিলেন। পানের ব্যবহার পূর্ব্বকালে আমারদিগের ভূপা-লর্ন্দের মধ্যে প্রচলিত ছিল না, অতএব নলি-নীকান্ত কামিনী প্রদন্ত আদব পাইয়া হতজ্ঞান হইয়া একেবারে স্তস্তিভুত হইলেন;—''এ কি আশ্চর্য্য ! এ কি ঘূণাবহ ব্যাপার ! মদ্যপান ! " किछ छाँशांत रम माधूच मीर्चकाल तरिल ना, मन-হারিণী কামিনীগণ হাব ভাবে তাঁহাকে মোহিত ও বশীভূত করিল, কুরঙ্গিণী তাঁহাকে মাদক রুস পান করিতে অনুরোধ করিলেন।—ইহার মধ্যে এক কামিনী ভাঁছার গাত্রে যুগল নয়নবান এৰপ প্ৰবলৰপে নিক্ষেপ করিল যে তিনি মদ্য পানে যাতনা নিবারণে প্রবর্ত্ত হইলেন। নলি-নীকান্ত ইতিপূব্বে স্বন্স বিমনা হইয়াছিলেন, সুরা পানে তাঁহার বিরক্তি দূরে গেল, তিনি প্রমদাকরে পড়িয়া প্রমন্ত হইলেনণ বিশেষতঃ তিনি কাস্তার স্থগণের ৰূপ-মনোহর নিরীক্ষণে

নাতিশয় বিহ্বল হইলেন এবং অন্তরে কম্পনা করিলেন;—"আহা! আজি কি দুখময়ী ইন্দুকান্তা প্রকাশমানা হইয়াছে! আহা! এই কামিনীসমূহের কি অপরূপ রূপ! ইহারা কি মোহিনী প্রভা ধারণ করিয়াছে!—কি দেব কন্যা, কি গন্ধর্ম কন্যা, কি অপ্সরা, এতন্মধ্যে ইহারা কে কিছুই স্থির করিতে পারি না! আহা! ইহাদিক্রের আলিঙ্গন কি আনন্দপ্রদ!" কামিনীগণও সহকান্তের রূপে স্বম্প বিমোহিতা হয়েন নাই, তাঁহারা তাঁহার মাধুর্য্যভায় চমকীত হইলেন এবং অনিমেষ নয়নে তাঁহার প্রতি পূর্ণ দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন। এতন্মধ্যে কাদ্দিনী নামী রুমণী প্রেমানন্দ সম্বরণ করিতে পারিলেন না এবং কুরঙ্গিণীকে সম্বোধন করিয়া স্বস্থ-কান্তের উদ্দেশে পশ্চাৎরূপ গান করিলেন;—

[রাগিণী—বিঁঝিট। তাল—আড়াঠেকা।]

গীত।

"কিবা অপরূপ শোভা হেরিলো নয়নে ধনি! রতিপতি জিনে রূপ আমরি মরি সংযানি! গগণ ভাজিয়া শশী, পড়িল ভুতুলে খসি, আইল সুখের নিশি, প্রকাশিল কুমুদিনী। যুবতী বিরহী--গণে, বঞ্চে আনন্দিত মনে, নায়কের আলিঙ্গনে, হয়ে প্রেমবিলাধিনী !

কোকিল সংগীত করে, কুছ, কুছ, কুছ, স্বরে, বিনোদে অলি গুঞ্গরে,

व्यविधां उतिनामिनी!"

তান, লয়, বিশুদ্ধ এই গানটা প্রবণে তাবৎ अक्रना शूलकशूना रहेशा हर्ष धनी अक्रवेन कति-লেন এবং উন্নাদিনী হইয়া নর্ত্তন করিতে লাগি লেন! নলিনীকান্ত তাঁহাদিগের কৌতুক দেখিয় নিরুত্তে অবস্থান করিতে পারিলেন না এবং স্থরা পানোমন্ত প্রযুক্ত তাঁহাদিগের সহিত নর্ত্তনারং করিলেন। পানমগ্ন হইলে কি ইন্দ্রিয় বশে থাকে ? নাজ্ঞান-চক্ষু সতেজ ও বিমল থাকে ; নলিনীকান্ত অজ্ঞানে আরত হইলেন, ইন্দ্রিয় দোবে অভিভূত হইলেন,—রমণিপ্সু হইয়া অঞ্চ নাগণের কুট যুগলে হস্তার্পণ করিয়া কামলীল সাধনে উদ্যম করিলেন। অঙ্গনারা রসিকের পরিহাস দেখিয়া রঙ্গরদে পরস্পরে একেবারে ঢলিয়া পড়িলেন—কেহ কেহ রুদিকের গ†ে ছুই একটা কোমল স্থাচুম্বন করিলেন—নলিনী কান্ত নবীন রসিকাগণকে সে সকল চুমুন প্রতি

দান করিলেন। সে রাত্রিতে আর আর কত শত রক্স, কত শত কামকেলী, হইল কে বর্ণিতে পারেন;—ঐ দেখা, প্রেয়সীর প্রতি নিদয় হইয়া শনী পশ্চিমাচলে পলায়ন করিতেছেন!—দেখি-ভেছ, পূর্বাচল হইতে তরুণ অরুণ আদিতে-ছেন! নিশি বিয়োগে, শশীবিরহে, তিগ্নাংশু আদিয়া তীক্ষু অংশু বিতরণে অভিনব দিনারম্ভ করিলে গন্ধর্ব কন্যাগণ ভগিনী কুরক্ষিণীর নিকটে বিদায় লইয়া স্বস্থ ভবনে গমন করি-লেন।—"ও রাজকুমার! ও নাথ! কোথায় যাও! তুমি পাগল হ'লে নাকি!" মহিলারা গমন করিলে নলিনীকাম্ভ তাঁহাদিগের অনুগমন করিলে; কুরক্ষিণী ইত্যাদি তাঁহাকে অনেক যত্নে ক্ষান্ত করিলেন।

পঞ্চম অধ্যায়।

নলিনীকান্ত আত্মীয় বিরহে পরিতাপিত হয়েন;— এক সাহসিক পলায়নের উদ্যম এবং তাহাতে বাধা প্রাপ্তি !

নলিনীকান্ত সেই অবধি দাত্ত্বিক ভাব পরি-ত্যাগ করিয়া বিলক্ষণ মদ্যপায়ী হইয়া উঠিলেন এবং কুরঙ্গিণীর মঙ্গে কিয়ৎকাল রস-সম্ভোগে

সময় যাপন কারিতে লাগিলেন। কিন্তু কালান্তে তাঁহার দে ভাব অকন্মাৎ লুপ্ত হইল এবং গৃহ, পরিজন, পিতৃ, মাতৃর বিষয় তাঁহার শারণমার্কে আরু ছইল, তিনি তাঁহাদিগের বিরহ শোকে 'দিন দিন ক্ষীণ হইতে লাগিলেন, তাঁহার স্থবর্ণ-সম স্থ বৰ্ণ ক্ৰমে ক্ৰমে মলিন হইতে লাগিল এবং তিনি শ্রীভ্রফ হইলেন। নলিনীকান্ত আর সে প্রকার শ্রীমন্ত রহিলেন না, তিনি বন্ধু বিচ্ছেদে বিকলে জড়িভুত ইইলেন এবং বিলাদ, পরিহাস, নিজাদি, পরিবক্ষন করিলেন। কুরঞ্জিণী তাঁহার বিরুদ্ধ ভাব দেখিয়া অনির্বাচনীয় অসুতা-পিনী হইলেন এবং তাঁহাকে ভাবান্তর করিবার প্রত্যাশায় বহুল বিলাপ ও কাতরোক্তি করি-লেন, কিন্তু তথাপি তাঁহার অবস্থা পরিবর্ত্ত হইল না, তিনি উত্তরোত্তর আরো চিন্তাকুল, শোকা-কুল হইলেন। কুরঙ্গিণী তাঁহাকে বিস্তর বুঝা-ইলেন এবং বিধিমতে শান্ত্বনা করিতে লাগি-लन, किन्छ गरेक्व विकल इहेल। कि निमा, কি দিবা, কুমার মর্ব্ব কালেই শোক-বিহ্বল ; কোন কালেই ভিনি শান্ত-অন্তর হইলেন না। কুরজিণীও এমত মাধুর্য্যুক্ত বল্লভ বিচ্ছেদে সাতিশয় ভাবাপনা হইয়া দিন থামিনী ভাবনা করিতে লাগিলেন এবং রাজ্য সম্পত্তির লোভ

প্রদর্শন করিয়া তাঁহার মন হরণ করণে চেষ্টা করিলেন, কিন্তু অবশেষে তাহাও বিধংস হইল। একদা নিশিযোগে নলিনীকান্ত একান্ত মনে ভাবিভেছেন, কুরঙ্গিণী তাঁহার পাশ্ব বর্ত্তিনী হইয়া অপূর্ব্ব শয্যায় শয়ন করিয়া ছিলেন, তিনি প্রাণ-কান্তকে নিদ্রাহীন ও চিন্তান্থিত প্রত্যক্ষণে সাতি-শয় কাতরা হইয়া তাঁহাকে পুনঃ সান্ত্বনা করিতেও গার্হ বিষয় বিশারণ করাইতে যত্ন পাইলেন এবং সুমিই সকরণ স্বরে এই থেদোক্তি করিলেন;—

[রাগিণী—বাগেশ্বরী। তাল—শাড়াঠেকা।]

भोज।

'ছঃখিনীর প্রতি কেন হলে নিদারণ কিনের লাগিয়া এত মনে উচাটন রাহু গ্রামে স্থাকর, চারিদিকে অন্ধকার, মেদিনীতে হাহাকার,

ভग्नकत श्रीनथन !

ভব মলিনে মলিনা, কুরক্সিণী কুলাক্সনা, ভোমার করুণা বিনা, বাঁচিব না ক্সাচন!"

নিশান্তে রাগিণী সমেত মধুবং স্কৃষ্বে এই সংগীতটা শ্রুণে নলিনীকান্ত কিঞ্চিৎ করুণান্ত হইলেন এবং আপন নাশসাধিনী কুরক্ষিণীকে শান্ত বচনে শান্ত করিলেন। কিন্তু পরক্ষণে তিনি আপনি শান্ত রহিলেননা এবং সে হল হইতে পরিত্রাণাবেষণ করিতে লাগিলেন। তিনি পলায়নের উপায় করেন; কুরঙ্গিণী তাঁহার প্রতিবন্ধকিনী হয়েন এবং তাঁহাকে অবরোধ করিতে নানা যুক্তি করেন। নলিনীকান্ত তাঁহার নিকটে বারম্বার বিদায় প্রার্থনা করিলেন; কুর-ক্সিণী বারম্বার অসম্মতা হইলেন এবং তাঁহাকৈ রাখিতে নানা আকিঞ্চন ও অমুরোধ করিলেন। কিন্তু মনের কি চঞ্চলা গতি; নলিনীকান্ত একে-বারে দে সমস্ত অগ্রাহ্য করিলেন। এই প্রকারে কিয়ৎ কাল গত হয়, ইতিমধ্যে এক দিন নলিনী-কান্ত একান্ত পলায়ন করণে প্রতিজ্ঞা করিলেন। দিবাবদান হইল—ইন্ফুকান্তা প্রকাশিল—দক-লে আহার করণানন্তরে শয়ন করিলেন—সকলে নিদ্রিত হইলেন—নলিনীকান্তের নিদ্রা নাই, তিনি কেবল পলায়নের পন্থা অন্বেষণ করি-তেছেন।

পরস্ত কুরন্ধিণীর নিকৃঞ্জ হইতে পলায়ন সহজ ব্যাপার নয়, ইহাতে বছল সাহস অসামান্য সতর্কতা ও অসীম বৃদ্ধি প্রয়োজনীয়। উপবন, নলিনীকান্তের পক্ষে প্রকৃত কারাগারের স্বৰূপ ছিল, অট্টালিকার বহিছারে যম-কিঙ্করের ন্যায় চারি জন ভীষণাকার নপুংসক নিযুক্ত হইয়াছিল, তাহারা সতত দার রক্ষা করিত। আমরা অগ্রিম কহিয়াছি, যে উপবনে স্ত্রী বিনা একটীও পুরুষ ছিল না। কিন্তু দার রক্ষা পুরুষ ব্যতীত হইতে পারে না, যোষাগণ স্বাভাবিক সাহসরহিতা, ক্ষীণান্তঃকরণা ও শক্তিহীনা প্রযুক্ত এবম্প্রকার কাৰ্য্যে সমগ্ৰৰূপে অনুপ্ৰোগ্যা;--নপুংস-কেরা এবস্প্রকার ব্যাপারে পুরুষাপেক্ষা নিতান্ত व्यसूत्रयुक मिकास इम्र ना, धकान्नरावर कून-क्रिनी जाशांतिगरक (मोवांत्रिक-शरम निर्या-ঙ্গিত করিয়া ছিলেন। অতএব অপ্রতিরোধে অট্টালিকা হইতে নিঃসরণ হওয়া নৃপতি-তনয়ের পক্ষে অজ্ঞাত বস্তু ছিল। বিশেষতঃ নলিনী-কান্তকে অধিক রাত্রে বাটী ইইতে নিঃস্ত হইতে নিবারণ কারণ কুরঞ্চিণী ঐ নপুংসক দারপালদিগকে ইঞ্চিত করিয়া ছিলেন। নিকু-ঞ্জের প্রবেশ ছার ছয়ে অপর চারি চারি জন নপুংসক দৌবারিক ছিল এবং প্রত্যেক দারে চারি চারিটা শাছ ল-সম রহদাকার কুরুর থাকিত। প্রহরীরা ঐ কুকুরদিগের তত্ত্বাবধারণ করিত এবং তাহাদিণকৈ আহারীয় দিত। কোন স্থপ-রিচিত তাহাদিণের গ্রাস মধ্যে পড়িলে তাহারা তাহাকে দস্তাঘাতে নিশ্চয় খণ্ড খণ্ড করিত, এই হেতু তাহাদিগকে দিবদে বহিন্ধ্ত করা যাইত না। রাত্রিকাল ভাহাদিগের বহিষ্করণের উপ-যুক্ত কাল বোধে তৎ কালে প্রহরীরা তাহাদি-গকৈ পিঞ্জর হইতে আনিয়া নিকুঞ্জ দার দয়ে বাঁধিয়া রাখিত। কিন্তু এৰূপ প্রতিরোধ হইতে এই সময় স্থাময় করা নলিনীকান্তের ছৃষ্কর সাধনীয় হইয়াছিল। রাজপুত্র মনোমধ্যে নানা-ৰপ আন্দোলন করিলেন তথাপি কোন ৰূপে পলায়নের পন্থা পাইলেন না; নিশাযোগে প্রহরীগণের চকু রোধ করতঃ ভাবী পরিত্রাণের পন্থায় পদার্পণ করা অতি অসম্ভব তিনি হির করিলেন। ফলতঃ তাঁহার শুভাদৃফের শুভ মার্গ ক্রমে নিকটে স্বাসিতেছে। ইত্যবদরে কুরঙ্গিণী স্থময় অনিল সভোগার্থ নলিনীকান্তের সঙ্গে অট্টালিকার ছাতের উপরে উপ্থিত হইলেন। যদিও দে সময়ে বসন্ত ঋতুর শেষে গ্রীয়ের আগ-মন হইয়াছে তথাপি সেই কাল কুর্ক্লিণীর উপ-বনে এবং হিমালয় শৃক্তে বসন্তরূপে আনন্দ-শরী-রী ছিল, অতএব এমন কাল নায়িকার স্থুখ সম্ভো-গের কাল হইবে বিচিত্র কি! কুরঞ্চিণী নামিকা, নায়কের সমভিব্যাহারে ছাতের ইতস্তঃ ভ্রমণ করতঃ বায়ু দ্বারা কলেবর লোমাঞ্চিত ও স্লিগ্ধ পুরঃসর দিক্ সকলের মনোহর কান্তি, তরু সমূ-

হের অপূর্ব্ব ঞী, নিরীক্ষণ করিতে লাগিলেন, পাশ্ব ই উপবনের সীমাবর্জক হিমালয়াচলের এক শৃঙ্গ এক্ষণে তাঁহাদিগের বাক্যালাপের প্রিয় বস্তু হইল।

"আহা! কি কমনীয় অথচ ভীষণ শোভা!"
কুমার কুরন্দিণীর প্রতি কটাক্ষপাতে ইভ্যাদি
বাক্যাবলিমুখ হইতে বিনির্গত করিয়া কহিলেন।
"অবিকল—সন্দেহ কি!" কামিনী এবস্থাকার উত্তর দিলেন।

"আহা স্ফিকর্তার কি স্থন্দর কৌশল,— দেখ, প্রস্তুর রাশীও কি শোভাকর—কি ভয়-ক্ষর!" নলিনীকান্ত পুনশ্চ অপর এই বাক্য প্রকটন করিলেন।

'এই লোকহীন ভয়ানক পর্ব্বত তাঁগর কোশল গুণে অন্ধকার রাত্রেও স্থানে স্থানে আলোক ধারণ করে। এই শৈলই মন্তুষ্যের নানা প্রকারে উপকারী।" কুরঙ্গিণী একপ প্রতিবচন প্রয়োগ করিলেন।

'প্রেয়তনে, মত্য বটে! প্রস্তর রাশীই মনু-ব্যের ধনাকর। স্বর্ণ, তামু, লৌহ, প্রভৃতি ধাতু, ও হীরকাদি বহুমূল্য প্রস্তর, এই সামান্য প্রস্তর হইতে উদ্ভূত, তাহা মমুব্যের কি না উপকার করে;—ধন বাড়ায়, জাঁকজমক বাড়ায়, চাষাকে লাঞ্চল দেয়, রাজ আভরণের উপায় করে, বণিককে মুদ্রার পরিচয় দেয় এবং লোকের ভাণ্ডার হৃদ্ধি করে। '' নলিনীকান্তের এই বিবে-চক উত্তর হৃইল।

''নাথ! সেই মহোত্তম বিধির আশ্চর্য্য বুদ্ধি বলে আর বিপুন্ধ কুপায় মানবের হিতের জন্য এই বিশাল পর্ব্বতও গুণাকীর্ণ হইয়াছে'' ইত্যাদিতে কুর্ক্সিণী প্রতিবচন শেষ করিলেন।

অন্তালিকার অনতি পাশ্বে একটা উচ্চতর,
বিশাল শাল্ললি বৃক্ষ ছিল, তাহাতে অগণনীয়
লোহিত-বর্ণ-বিশিষ্ট কুসুমচয় বিক্ষিত হইয়াছিল,—অকস্মাৎ দর্শনে অনুভব হইত চিত্রবিচিত্র বিহক্ষমসমূহ বিদিয়া আছে। সেই সৌহৃদ
তব্ধ নলিনীকান্তের মনোনিবেশাধীন হইল। ঐ
বৃক্ষের একটা শাখা ছাতের উপরে উত্তীর্ণ হইয়াছিল। নলিনীকান্ত তাহা হইতে তুইটা পুষ্প
চন্নন করিয়া তাহাদিগের ও তাহাদিগের প্রস্থতির গুণ ব্যাখ্যা করিতে লাগিলেন।

"কুর জিনি! এই কুস্তমন্বয়ের মনোহারিত্ব দেখিয়া নয়ন ভৃষ্টি কর। দেখা, দেখা, ইহারা রক্ষাীকে কি মনোরঞ্জনী, মনোহারিনী করি-য়াছে! প্রেয়দি! এই রক্ষ কিংশুকের ন্যায় কেবল পুষ্পের দারায় শোভান্থিতা নয়, ইহাতে তুলা উৎপন্ন হইয়া থাকে এবং তাহা হইতে অনেক উপকার জন্মে।"

নলিনীকান্ত এই বলিয়া কুরঙ্গিণীর কর্ণ ছয়ে ছুইটী পুষ্প সংযোজন করিয়া সম্বাদরে কহিতে লাগিলেন;—

'প্রিয়ে! এখন তোমাকে কি মনোজ্ঞা দেখা-ইতেছে! ওহে স্থন্দরি! তোমার অঙ্গ-প্রভ্যঙ্গ কিবা অনির্বাচনীয় শ্রী আকর্ষণ করিয়াছে!''

'হাঁ মনোচোর! হাব-ভাবে তুমি কতই কহ, তোমার বাক্পানে কে প্রবেশ কংরতে পারে, তুমি সরলা অবলাগণের মন হরণ কংরবার জন্য বুঝি এই সকল জাল স্বজন করিয়াছ। বলি এ বিদ্যা কাংর কাছে শিংখলে, কোন্ রসিকা শিখা'ল ?"

"ভাল পরিচয় !—সিমন্তিনি ! তোমার অপে-কা মনোহারিণী, চিন্তবিনোদিনী কে আছে ? ঐ ভ্রযুগল, যে কত শত শত জনকে বিহ্বল করি-য়াছে কে বলিতে পারে ;——''

এই সময়ে সম্মুখীন গিরী পুনর্বার রাজ-তন-য়ের অন্তরাকর্ষণ করিলে নলিনীকান্ত উপস্থিত কথোপকথন পরিহার করিয়া পুনন্দ তালার শোভা বর্ণন করিতে লাগিলেন;——

''श्रियः । वे प्तथ, जावात शिदींगे जञ्चत-

রাজিতে আচ্ছন্ন হইবাতে কি রমণীয় হইয়াছে;
বিচিত্র! বিচিত্র! বিচিত্র! ঐ স্থানেই অঙ্গনাগণের—অপ্নরাগণের কামকেলীর যোগ্য স্থান,
নির্জনে, অবাধে, রস-রঞ্জে বঞ্চিবার স্থান বটে,
ঐ জন্যই তো পার্ম্মতীপতি, পার্ম্মতীর সঙ্গে,
রস-রঙ্গে পর্মতে পর্মতে জীড়া করিতেন, তোমার পিতা চিত্রশ্বও তো প্রেয়সীর সহিত ঐকপ
করিয়া থাকেন, এমন স্থেধাম না হইলে কুবের
কেন বল কৈলাশে নিলয় স্থাপন করিবেন।
বিনোদিনি! ঐ স্থানটা কেমন প্রেমাস্পদ!"

"প্রাণনাথ! সত্য কহিলে, হাদয় জুড়া'লে, আমি আর কি কহিব, তোমার মধুর বাক্য পোষ-কতা করি।"

পকুরঙ্গিণি ! আমার নিতান্ত ইচ্ছা তোমার সঙ্গে ঐ থানে গিয়া চিত্ত বিনোদন করি। তোমার উপবন দিয়া ওখানে যাইবার কি কোন পথ নাই ১০০

''হাঁ হৃদয়বল্লভ! আছে, তোমার যদি একান্ত মনন হয় এখানে কালি যাওয়া যাইবে।''

কামিনী যৎকালে এই উত্তর করিতেছেন কুমার সেই সময়ে অন্থির নয়নে একবার পর্বতে, একবার ছাতের উপরের শালালি তরুর শাখাতে পূর্ণসৃষ্টি ক্ষেপণ করিতেছেন। আহা! সেই সময়ে তাঁহার মনে কতই ভাব উদয় হইতেছে, কতই ভবিষ্য স্থা সেই ভাবের মধ্যে দিপ্তী প্রকাশ করিতেছে তাহা বর্ণনাতীত। মনুষ্য কোন ছ্ৰহ কর্ম সম্পাদন করিবার নিমিত্ত কত উপায়ামুসন্ধান করে, কত কাল কত শত চেন্টা-করে, তথাপি কৃতকার্য্য হইতে পারে না, কিন্তু তাহা অবশেষে সামান্য অগোচর বস্তু সমাধা করে। বিধাতার এইৰূপ অপৰূপ মহিমা;—তাঁহার অনুগ্রহে কথন কথন অচেতন পদার্থ সচেতন অপেক্ষা মঙ্গলসাধক হয়।

সে যাহা হউক, এই কালে তিগাংশু মুদিত.
ছইলে ইন্দুকান্তা নিকটবর্ত্তিনী হইল এবং কুরক্লিণী, কান্ত সহ ছাতে হইতে অবব্লোহণ করিয়া
গৃহ মধ্যে প্রবেশ করিলেন।

যন্ত অধ্যায়। চন্দ্ৰভীম রাজা।

এক্ষণে আমরা চন্দ্রভীম রাজার ছ্:থের আথ্যায়িকা একাশ করিব। চন্দ্রভীম এক্ষণে বৃষ্টিবর্ষীয় হইয়াছেন এবং যদিও রৃদ্ধাবস্থার তাঁহার চর্মাস্বল্প লোলিত করিয়াছে, কেশ শুভ-বর্ণ করিয়াছে, তথাপি তাঁহার কলেবর তাদৃশী জীর্ণ হয় নাই, প্রত্যুত তিনি পুষ্টাঙ্গ ছিলেন। তাঁহার ভাব-ভঙ্গীতে সারল্যের চিহ্ন দেখা যাই-তেছে, ভাঁহার আকার-ইঙ্গিতে নির্দোষিতা প্রকাশ পাইতেছে, কিন্তু প্রত্যেক অঙ্গপ্রত্যক্ত্রে গাম্ভীর্য্যতা বিব্লাজ করিতেছে। প্রায় মাসত্রয় তিনি পুত্র বিচ্ছেদে জর্জরিত হইতেছেন এবং পরিতাপে তাঁহার দেহ ঈষৎ পরিক্ষীণ হই-য়াছে। এই সময়ে তিনি রাজবাটীর শয়নাগারে এক পর্য্যক্ষোপরি বসিয়া আছেন, পার্শ্বে মলি-নবেশা, অসংলগ্ন-কেশা একটা মহিলা, গগুদেশে হস্ত দিয়া রহিয়াছেন। ঐ মহিলা সম্প্রতি এক-চল্লীশ বৎসর বয়োধিকা হইয়াছেন, তথাপি আ-কার সম্বন্ধে অনুমান হয়, তাঁহার বয়ংক্রম চতু-ব্রিংশ বৎসরের অধিক নয়। তাঁহার কেশ-শ্রেণী সম্পূর্ণ ক্লম্বর্ণ এক গাছও খেত হয় নাই, প্রকটীও দন্ত পতন হয় নাই, দন্তপংক্তি শঙ্খের সম ধবলবর্ণে শোভমান আছে। তাঁহার প্রতি-মূর্ত্তি শীলতার আধার স্বরূপ। তাঁহার অবস্থান ও আকার-ইঙ্গিতের ভাব দারা বোধ হইতেছে তিনি বিমনা, বিষণ্ণা হইয়াছেন। একটা কণ্ণুলিকা ও দাঘরা পরিয়া রাজ পাখে বিদিয়া আছেন।

রাজমহিষীর দীর্ঘস্বরাম্ভর সংযুত দেববাচক

নাম দাক্ষায়ণী ছিল—পুত্র বিচ্ছেদে পরিতা-পিতাহেতু কাতর মৃত্ত স্বরে স্বামীকে জিজ্ঞা-দিলেন;——

''ভুপাল-রাজ দূত অন্য কিছু বলিল না?'' ''না, স্কুদ্ধ এই মাত্র বলিয়া গেল।''

্প্রিয় পাঠকবর্গ, ইহার মর্ম্ম অবধান কর। নলিনীকান্ত, রাজবাটী পরিত্যাগ করিয়া কুরঞ্চি-ণীর উপবনে আগমন করিলে চক্রভীম রাঙ্গা তাঁহার তত্ত্বাসুদক্ষানার্থ দেশে দেশে দৃত পাঠা-ইয়া ছিলেন, তমধ্যে এক দুত নলিনীকান্তের শশুরালয় ভূপালরাজের ভবনে উত্তীর্ণ হইয়া-ছিল, ভুপালরাজ ছহিতাকে অতিরেক স্নেহ করিতেন, জামাতার এৰূপ ছুর্ঘ ট শুনিয়া তাঁহার অবেষণার্থ স্বয়ং এক দূতকে প্রেরণ করিয়া ছিলেন এবং ঐ দুত নানা স্থান পর্যাটন করিয়া তাঁহার উদ্দেশ না পাইয়া ভূপালরাজ্ঞকে তদ্বিব-রণ জ্ঞাত করিলে তিনি সাতিশয় উৎকণ্ঠিত হই-লেন এবং পুনঃ অন্বেষণের জন্য আপন পুত্তকে পাঠাইয়া চক্রভীমকে তাবৎ বিষয় জ্ঞাত করি-লেন। রাজা অন্তঃপুরে মহিষীর নিকটে ঐ বিষয় কহিয়া ছিলেন্। দাক্ষায়ণী বিশেষৰূপে সমাচীর জজ্ঞানা করিতেছিলেন।

''মহারাজ! তবে বুঝি নর্লিনীকান্তকে ''জম্মের

মত' বিদর্জন দিলাম। দেই শশী-বদন বুঝি আর দেখেব না!'' দাক্ষায়ণী দকাতরে এই গুলি বলিতেছেন, নম্মন-জল বাহিনী হইয়া প্রবাহিত। হইতেছে।

"অভাগিনী চিম্তাকুলা, নিরাশা, হইও না, ভোমার কুমার ঈশ্বরের অনুগ্রহে গৃহে আদিবে, আবার ভুমি ভাহাকে নয়নে দেখবে, অন্তর শীতল কংরবে, বক্ষ জুড়াংবে।" রাজা এবস্প্র-কার প্রবোধ বচনে রাণীকে শান্ত্রনা করিতে লাগিলেন, তথাপি ভাঁহার নয়নবারি নিবারণ করিতে পারিলেন না, স্নেহ-বারি নয়ন হইতে অবিশ্রান্ত পড়িতে লাগিল।

'বিধি! এ সম্পদ্, এ রাজ্যকে ভোগ করিবে! অপত্যহীনা প্রাণীর প্রাণ রুথা, আমি এ প্রাণ আর রাখিব না;—হে বস্ক্রারে! বিদীর্ণা হও আমি তোমার আলিঙ্গন আশ্রয় করি!''

"বরাঙ্গনে! দ্বির হও, এত উতলা হইও না!
ঈশ্বরের ক্রপা থাক্লে কি না হয়, মহা মহা ছুর্ঘ ট
হ'তে মুক্ত হওয়া যায়। পঞ্চ পাওবের দশা
দেখ, তাঁহারা জতুগৃহে পুড়িয়া মরিয়াছেন সকলে দ্বির করিয়া ছিলেন, দেই গাওবেরা জতু
গৃহ হইতে মুক্ত ইইয়া রাজ্য প্রাপ্ত হ'ন্।"

সপ্তম অধ্যায়।

নলিনীকান্ত ও ক্রঞ্জিণীর বিশেষ বেশ ভূষা—শৈল বিহার—চৌর হইতে অপস্থত চারি জন ব্যক্তি ক্রঞ্জিণীর নিকটে শার্ণাগত হ্ন—তিন জনের প্রাণ দণ্ড ৷

পাঠকেরা সম্প্রতি নলিনীকান্ত এবং কুরঞ্চিগীর বিশেষ বেশ-ভূষা ও শৈল গমনের রুভান্ত
শ্রবণ করুণ। আমরা পূর্ব্বে কহিয়াছি, নলিনীকান্ত ও কুরঙ্গিণী ছাতের উপর হইতে শৈলের
বিচিত্র শোভা দেখিয়া পর দিন তথায় যাইতে
স্থির করিয়া যামিনী নিকটগামিনী জানিয়া গৃহাভ্যন্তরে প্রবেশ করিলেন। পরে আহার
করিয়া নিজার্থ খট্টোপরি শয়ন করিলেন! অনন্তর প্রভাত হইলে প্রাভঃকৃত্য সমাপন পুরঃসর
ভোজনাদি সমাপন করিয়া ইতন্তভঃ কথোপকথনে সময়াতিপাত করিতে লাগিলেন;——

"কি বসনভূষণ পারবে ?" কুরঙ্গিণী নৃপ-নন্দনকে জিজ্ঞাসিলেন।

"কি বসন, ভূষণ, পারবে ?"—বৈশাথ মাস— গ্রীমখাতু ;—তরল বসন হলেই ভাল হয়।— "ভূষণ!" ভূষণে কামাকি,—রঙ্গিণি!ভূমি ভূষণ পর, সোণার, অঙ্গে চটক্ কর, আমার ভূষণ স্থানে শু—ন" পভূষণ স্থানে শূ—ন' পশুন্য! স্থানর ব্যক্ত বটে; ওহে নট! তোমার শ্রীঅক্টের কাছে এই কদর্য্যা কামিনী কি শোভা পায়। রাধাতে, কুজ্ঞাতে কি ভুলনা হয়।"

"না দময়ন্তীতে ব্যাধেতে হইয়া থাকে!"
নৃপনন্দনের এই তুলনা উভয় লিঙ্গের তুলনা
হেতু অধিক ন্যাষ্য হইবায় কুরস্পিণী লক্ষিতা
হইলেন, কি উত্তর প্রকটন করিবেন দ্বির করিতে
পারেন না, অনম্ভর কহিলেন;—

"বিটপ! ভারুক্! তোমার চতুরালি অন্তরে রাখ—এখন যা' উচিত কর। আমার লম্পট চূড়ামণি! তোমার এক নব বেশ করিয়া দিই।"

"তা ক'রতে পার, তুমি যে বছৰপা, তোমার ভেল্কীর অভাব কি,—জানি তুমি তো সকলি কংরতে পার।"

"প্রাণেশ্বর! এখন ও সব নাগরালিতে কায' নণই—যা' বলি তা' শুন, এক ,অভিনব বেশে ভোমাকে অপ্সরার মতন করিয়া দিই।"

ঐ মোহিনী, এ ৰূপ শিল্প-নৈপুণ্যা ছিলেন

যে, নানা প্রকার অভিনব বেশ প্রস্তুত করিতে পারিতেন। সৌচি কর্ম্মে তাঁহার চমৎকার পারিপট্য ছিল; সময়ে সময়ে তিনি নব বেশ প্রস্তুত করিতেন, নব বেশ বিন্যাস করিতেন, ষড় ঋপুর পর্যায়ণ ক্রমে তিনি ভিন্ন ভিন্ন বেশ ধারণ করিতেন, নলিনীকান্তেরও নবীন নবীন বেশ করিয়া দিতেন। আপনি যে ৰূপ বেশ ধরিতেন নলিনীকান্তকে তদ্ধেপ ধারণ করাইতেন। কখন মানবী হইতেন, কখন দানবী হইতেন, কখন দেবী হইতেন, কখন গল্পবা হইতেন, কখন করিতেন।

তাঁহার বেশ-ভূবণের এক পৃথক গৃহ ছিল, তাহাতেশত শত প্রকার পরিচ্ছদ থাকিত, এক্ষণে তিনি উৎকৃষ্ট মলমলের ছুইটা তরল চণ্ডাতক ও ছুইটা কঞ্চুলিকা বহিষ্কৃত করিলেন। উহা নানা রত্নে শোভিত এবং স্বর্ণোপরি শিল্পকার্য্যে খচিত ছিল; কুরক্সিণী সেই পরিচ্ছদসমূহ স্থলোচনা সহচরীর হস্তে দিয়া কঙ্কাতিকার দ্বারায় কেশ বিন্যাস করিতে লাগিলেন, নলিনীকান্ত তাঁহার অনুরোধে দীর্ঘ কেশ রক্ষণে বাধ্য হন্ত্রমা ছিলেন, পণ্যাক্সনা অতঃপর তাঁহার কেশ বিন্যাস আরম্ভ করিলেন,—ঈষৎ হাস্যে কহিলেন;

"তুমি যদি "মেয়ে মানুষ" হ'তে তা' হ'লে কত বেটা উন্মাদ হ'ত, "মরি, মরি," তোমার কি চিকন কেশ !"

''বা ! তুমি যে এ'কবা'র ''ঢলে' প'ড়লে ! আহ্লাদের আর যে দীমা নাই।''

"না প'ড়ব কেন? আহ্লাদের সীমা থা'ক্বে কেন? তুমি ও চাঁদমুখ দেখদেখি, আপনার মুখ তো, তবু তুমি মৃচ্ছবিধাবৈ।"

নলিনীকান্ত নয়ন ইঙ্গিত করিয়া কহিলেন ;— ''ইস্! ইস্! এত ''ছেনালি,'' এই বয়েনে এত ঠমক, কি কথাই শুনালে!''

"তুমি যে অরসিক্, তুমি রদের কি ধার, ধার, "চাষায় কি জানে মদের স্বাদ।"

কামিনীর এই রহস্ত শুনিয়া নলিনীকান্ত আর দ্বির হইতে পারিলেন না, ত্বরায় উঠিয়া কুরঙ্গি-ণীর গালে চুম্বনারস্ত করিলেন, বুকে, বুকে, জিবে, জিবে, মুখে, মুখে; যে কত "মজাই" হ'ল পাঠক-গণ আভাবে অমুভব করুণ।

পরে কুরঞ্জিণী মনাক্ বিরাগিনী হইয়া কহিলেন; "আঃ আঃ ও কি? ক্ষান্ত হও, ছিছি,
সহদ্যীগণ কি মনে ক'র বে, তাহারা নিকটে।"
এই বলিয়া নলিনীকান্তের আলিঙ্গন হইতে
কিঞ্চিৎ অন্তরে গেলেন।

"এখন "পিছও" কেন, বড় যে অরসিক বল্'-ছিলে, এখন কা'র অরসিকের লক্ষণ?—"সহচরী-গণ কি মনে ক'রবে",—আহা! কি সতী-সাধ্যা ব'ল'ছেন, যা'ট "হয়েছে" ক্ষমাকর;——"

নলিনীকান্ত "সভী-সাধ্যা," শব্দ ছয়ে বিশেষ ভর দিয়া বলিয়া ছিলেন, ঐ শব্দ ছয় বার-বিলাসিনীর অন্তর ভেদ করিল, তিনি একেবারে নিরুত্তরা হইয়া ক্ষণ কাল দ্বির ভাবে দণ্ডামানা রহিলেন, পরে ভগ্ন স্বরে ও ভগ্ন শব্দে "তোমা-য়া-য়া-রার কা-য়া-য়া-মাছে হাগরিলাম।" উত্তর করিলেন।——

অনন্তর কঙ্কতিকা লইয়া তাঁহারা ছিন্ন ভিন্ন কেশ পুনশ্চ বিন্যাদ.করিতে লাগিলেন এবং পরিচ্ছদ পরিধান করিয়া তামুল ভক্ষণ করি-লেন।

নায়ক নায়িকারা বড় তামুল প্রিয়, তাহাদি-গের রীতি এই যে তাহারা বেশ ভূষা করিয়া তামুল ভক্ষণানস্তর কিয়ৎ ক্ষণ বিশ্রাম পূর্বক বায়ু সম্ভোগ করে। অতএব নলিনীকান্ত ও কুর-ক্ষিণী তালর্ম্ভ লইয়া নিজ নিজ কলেবর ব্যঙ্গন দ্বারা শীতল ক্রিতে লাগিলেন।

অতঃপর উভয়ে চণ্ডাতক ও কঞ্চু লিকা পরিয়া বাটী হইতে বিনির্গত হইলেন। নায়ক নায়িকার বেশ কাহার সঙ্গে তুলনা করিব ? অপ্সরাগণ
অথবা আরব্য, বা পারস্থ উপন্যাদের পরিগণ,
কিয়ানহম্মদের স্থর্গনিকাগণের মধ্যে কাহাদিগের
কপের সহিত ইহাঁদিগের কপের তুলনা হইতে
পারে আমরা সিদ্ধান্ত করিতে অক্ষম হইলাম।
কলতঃ ইহাঁদিগের মাধূর্য্য স্থর্গনিকাদির কাহারও
মাধূর্য্যাদির অপেক্ষা নিরুষ্ট নয়। নিলনীকান্ত
পুরুষ ছিলেন বটে, কিন্তু তাঁহার অক্স-প্রত্যুক্ত
ত্রীবৎ কোমল, মনোহর ছিল, জভঙ্গি, অপিচ
স্বর ও হাস্থ পর্যান্ত ত্রীর ন্যায় দর্শন-মনোহর
ছিল। তিনি যে পুরুষ তা' এখন অন্তর করা
ছুষ্কর হইয়া ছিল;—না, তিনি রমণীয় রমণী
সকলের জ্ঞান হইবে।

নলিনীকান্ত ও কুরঙ্গিণী ধনুর্ব্বাণ হন্তে লইয়া উপবনে উপনীত হইলেন। স্থলোচন। প্রভৃতি সহচরীগণ তাঁহাদিগের সঙ্গে দঙ্গে চলিল। ভাহাদিগেরও হন্তে ধনুর্ব্বাণ ছিল! ইহার ভাৎপর্য্য এই, যে কুরঙ্গিণী মৃগয়া করিতে অভি-লাধিনী হইয়া ছিলেন এবং তজ্জনাই ধনুর্ব্বাণে প্রস্তুত হওন।

েতাঁহারা এবম্প্রকারে শৈলাভিমুখে চলিলেন। কিন্তু শৈলে উঠিতে তাঁহাদিগের কফ্ট বোধ হইল। অত্যুচ্চ, প্রকাণ্ডাকার শৈলটী দেখিলে মানবের প্রাণ স্থায়, তাহাতে উঠিতে হইলে শ্রমাতিশয় কর্মাণ্য।—কুরঙ্গিণী নলিনীকান্তের এক হত্তে ও সহচরী স্থলোচনার অপর হত্তে ধরিয়া শনৈঃ শনৈঃ উঠিতে লাগিলেন। পর্বতে উঠিতে মাতঞ্চীর মন্দ মন্দ গতির ন্যায় কুরঙ্গি-ণীর গতি হইল, তাহাতে নিতয় টল, টল, ঢল, ঢলে, অহ্বির হইল; ঠমকে, ঠমকে, পদ নিক্ষে-পে সেই পণ্যাঙ্গনার অন্তর্ভাব প্রকাশ করিল।

কি রক্ষিণী ক্রক্ষিণী ঠমকে চলিছে।
টল মল করে পাছা পলকে মোহিছে।
বেস লো, বেস লো বেস ; চল লো, চল লো।
হেলিয়া ছলিয়া চলে ঢল লো, ঢল লো।
চল চল চল যৌবন ভরে,
টল, টল, টল, নয়ন করে।
কি নাচন ক্রক্ষিণী নাচিছে ছলিয়া!
কাঁপিয়া চঞ্চল কর ঘাঘরা তুলিয়া;
খাও লো প্রেমের মধু মানস প্রিয়া।

সেই ললনা, নলিনীকান্ত ও স্থলোচনার হস্তা-কর্ষণ করিয়া এবস্প্রাকারে গিরীর উপরে উঠিলেন। এখন বেলা অবসান হইতে কিয়দণ্ড অপেকা আছে। এবং তাঁহারা "হিমশৈল্যাগ্রে"——

"নানাবৃক্ষ সমাকীৰ্ণং ফলপুজ্পোপশোভিতম্।"

দেখিতে 'দেখিতে ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন! গিরীর কিমাশ্চর্য্য শোভা! ইহা

মানবনিকরে পরিবর্জ্জিত হইয়াও বর্ণনাসাধ্য ৰূপাকর আকর্ষণ করিয়াছে। কত স্থলে শত শত ৰূপ নেত্ৰানন্দদায়ী পদাৰ্থ তছুপরি শোভি-তেছে। এখানে দেখ, কতকগুলি মাধবীলস্স একটা স্থতরুকে স্বাচ্ছাদন করিয়াছে। স্থ ভরুরও পরম ভাগ্য বলিতে হয়, যে মাধবীলতা হইতে এমন স্বথানিক্ষন প্রাপ্ত হয়। 'ওখানে দেখ, কতকগুলি মঞ্জিকা হাস্ত পরিহাস্ত করি-তেছে, অন্য হলে কিংশুক্সমূহ অপৰপ মাধূৰ্য্য ধারণ করিয়াছে। স্থানান্তরে দেখ, কেতকীরাজি **हर्जुफिरक मोगञ्च लिशन क**रिडिंग्ड । थे प्रथ, ছিব্নণ্য বর্ণের চম্পক কুস্থম, ব্লক্ষেতে ঝুলিতেছে। মালি নাই যে তরুমুলে বারি সেচন করে—তরু, লতাদি রকা করে—তাহাদিগকে যত্ন করে। কিন্তু এ তরুরা মালাকারের প্রতিক্ষা করে না, মালাকার বিরহেও ইহাদিগের সৌন্দর্য্যের সীমা নাই। কুরঙ্গিণী ও নলিনীকান্ত বিবিধ প্রকার कुरुमिनारेक वद्विध अनःमा कतिलान, अन्छत কিয়ৎ অন্তরে যাইয়া ফলবতী তরুণ তরুণীগণকে নিরীক্ষণ করিতে লাগিলেন। এই পর্বতে নানা জাতি ফল রক্ষ ছিল। আমু রক্ষ আমু ভারে নত হইয়া ছিল, তমধ্যে কতকগুলি আমু পরিপক্ হইয়া ছিল। নলিনীকান্ত একটা তরু হইতে জুইটা

আমু পাড়িয়া আপনি একটা ভক্ষণ করিতে লাগিলেন, অপরটা কুরঙ্গিণীকে দিলেন। কুর-ক্ষিণী মধুরস, আমুরস পান করিতে লাগিলেন। কিয়দ্দুরে একটা সরসী ছিল, ভাঁছারা তথায় গমন করিয়া মুথ প্রকালন করতঃ শীতল নিষ্কলঙ্ক বারি পান করিলেন,—ক্ষণকাল তথায় বিশ্রাম করিলেন—নদীর বেগ দেখিতে লাগিলেন। নদীটীর জল "কাকের চক্ষর মতন পরিষ্কার" ছিল এবং ভাছা শ্রোতে মন্দ, মন্দ, বাহিত হইবাতে সাতিশয় স্থন্দর দৃশ্য প্রকাশ হইয়াছিল। কতিপয় রাজহংস তাহাতে কেলী করিতে ছিল—তাহাও এক শোভার আধার—"সংখেপে" পক্ষী সকলের গানের অভাব ছিল না।

কিয়ৎ বিশ্রামান্তর নলিনীকান্ত ও কুরক্সিণী
স্থীগণ সহ শৈলোপরি পুনশ্চ স্থুখ ভ্রমণারন্ত
করিলেন। কিয়জুর যা'ন—ক্রমশঃ যা'ন—যাইতে
যাইতে, হঠাৎ এক হলে উপস্থিত হইলেন;—
ভয়ের বিষয় আর কিছুই নয় কেবল এক গভীর
গহরে। নলিনীকান্তের "জ্রুক্সেপও" নাই, তিনি
চলিতেছেন, ক্রমশই চলিতেছেন। কুরক্সিণী ভয়ে
ধর ধর কম্পন্তানা;—"চল ভাই অন্য দিকে, চল,
হরীণ মারি গিয়া" তিনি কাঁপিতে কাঁপিতে নলিনীনীকান্তকে এই বাক্যাবলি কহিলেন। নলিনী-

কান্ত তাঁহাকে কম্পমানা দেখিয়া জিজ্ঞাদিলেন, "প্রিয়ে! ভয়কি, ভয়কি, এত উচাটন কেন, কি কারণে কাঁপিতেছ?"

ঈবৎ হান্ডে (কিন্তু বাহ্যিক মাত্র, আন্তরিকে কি বিষম ভাব তা অমুভাই করা ছক্ষর) পাপাচারিণী, কুরঞ্চিণী উত্তর দিকেন,—

"নাহে ভর আবার কি, কিঞিৎ শীত হইয়াছে এজন্য দেহ কাঁ গৈতেছে। সে কথায় কাংয
নাই, বেলা অধিক নাই, চল ভাই মৃগয়া করিতে
যাই—এ দিকে চল ।" এই বলিয়া নলিনীকান্তকে অন্য দিকে কইয়া গেলেন।

"ইহার কোন অপ্রকাশিত কারণ পাণকবে, বোধ হয় শীতের জন্য কম্পনানা নয়, তাং হংলে অকস্মাৎ ও দিক হংতে এ দিকে আংসবে কেন আমাকে আংনতে এত অনুরোধ করংবে কেন।" নলিনীকান্তের মনে এই সংশয় জন্মিল। সে বিষয় এখন স্থানিত পাকুক, নলিনীকান্ত কুরঙ্গি-ণীর সঙ্গে অন্য দিকে গমন করিতে লাগিলেন। কণকাল গমনের পর সম্মুধে একটা কুরঙ্গী দেখিলেন।

হরিণী নমনপথারু তৃত্তলৈ নলিনীকান্ত ও কুর্ ক্লিণী উভয়েই ধনুকে জ্যা দিয়া, শর সংযোজন পূর্বক ততুদ্দৈশে শর নিক্ষেপের উপক্রম করি- তেছেন, অকস্মাৎ নয়ন-গোচর হইল চারি জন মন্ত্র্য তুর্ণ বেগে তাঁহাদিগের অভিমুখে আসি-তেছে,—

"চোর, চোর," বজুের নাায় শীঘ্র ও সতেজে
কুরঙ্গিণীর মুখ হইতে এই বাক্য বহিষ্কত হইল।
নলিনীকান্ত এই ব্যাপার দেখিয়া এবং শব্দ শুনিয়া ভাত্তিত হইলেন। হন্ত হইতে ধমুর্বাণ পতিত হইল। কিন্তু কুরঙ্গিণী এই ব্যাপারের বিলক্ষণ মর্মা জানিতেন, অতএব তাহাদিগের উপরে বাণ প্রক্রেপানা করিয়া হির চিত্তে দণ্ডায়-মানা রহিলেন। ঐ চারি ব্যক্তি ক্রমে ক্রমে তাহার নিকটে আসিল—

"চোর, চোর," কুরঞ্জিণী পুনশ্চ বাক্যন্তর প্রয়োগ করিলেন।

"কখন নয়।" ঐ চারি ব্যক্তি একেবারে ও এক স্বরে উত্তর দিলেক—

"তবে তোমবাকে?" কুরক্লিণী গর্বিতা হইয়া জিজ্ঞাদিলেন—

"হে দেবি! অথবা গন্ধবি, অথবা মানবি,
আপনি ইহাঁদিণের মধ্যে যে সংজ্ঞা ধারণ করুণ,
এই ছুর্জগা ব্যক্তিদিণের বিনীত কাতরোক্তিতে
অনুকম্পা প্রকাশে অবধান করুণ। আমরা
চোবু নহি, বরঞ্চ চোরের দারা মগহত হইয়াহি,

চোরে আমাদিণের বস্ত্রাদি তাবং অপহরণ করিয়া লইয়াছে। আমরা এই মহা শঙ্কটে পড়িয়াছি। আমরা এক্ষণে নিরাঞ্জী, বন্ধুহীন। আমরা আপনার স্মরণাগত হইলাম, রূপা বিতরণে আমাদিগকে সম্প্রতি রক্ষা করুণ, আশুয় দানে নিরাশুয়ীদিগকে বিশ্ববাধিত করুণ। তাত মৃদ্ধু স্বরে তাহাদিশ্বের মধ্যে এক প্রধান ব্যক্তি কহিলেন, কারণ আশ্বার ইঙ্গিতে তাঁহাকে সহংশ-জাত জ্ঞান হয়।

"তাবতই মিধ্যা। সত্যের বিন্দু মাত্র নাই। অচতুরা, সুশীলা জীকে মিট কথায় ভুলা তব এমন বিবেচনা করিও না। আমি মমুধ্যদিগের ধূর্ত্তমি ভাল জানি।" কুরকিণী উত্তর করিলেন।

কিন্তু তিনি ঐ ব্যক্তির রূপ দেখিয়া মোহিত।
হইয়াছিলেন। ঐ ব্যক্তির বয়ক্রম অনুভবে
দাবিংশতি বর্ষ হইবে। তাঁহার অল-প্রত্যক্তে
লেশ মাত্র খুঁত নাই, কিবা রূপ যেন কাঞ্চণের
প্রভা বাহির হইতেছে। কেশগুলি এমন পরিছেন যেন চিত্রকুরে চিত্র করিয়াছে। মুখ খানিতে
যেন সাক্ষাৎ শুলী বিরাক্তরেতিছেন। কিবা
আ এর বেন ইক্ত ধন্তর আকার্য এক হানেও বক্র
নাই। নয়ন কুরক্তের নার দীর্ষ এবং চঞ্চল হইবাতে আরো শোভাকর হুইয়াছে।

সে বে প্রকার হউক, কুরঙ্গিনী তাঁহাকে ঐবপ উত্তর দিলে অপর এক ব্যক্তি কিঞ্চিৎ বিরাগ প্রকাশে কহিল;—"আপনি আমাদিগের ছঃখে ছংখিতা না হইয়া আমাদিগকে অপবাদ দিতে– ছেন এবং যুবরা—(দত্তে জিহ্বা কাটিয়া) এবং এই মহাশয়কে ধূর্ত্ত জ্ঞান করিতেছেন। কিন্তু জানি— বেন ইনি সামান্য মন্ত্র্যা নহেন এবং কটু বাক্যের যোগ্য নহেন।"

এই বচন শুনিয়া কুরক্ষিণী রাগে মুখ ফিরা-ইলেন—ক্ষণ পরে কহিলেন, "ত।' বিবেচনা কুরা বাইবে এখন দকলে আমার সঙ্গে চল।"

কুরঙ্গিণী, নলিনীকান্ত, স্থলোচনা, প্রভৃতি
সহচরীগণ এবং ব্যক্তি চতুষ্টয় ক্রমে ক্রমে পর্বত
হইতে উপবনে অবরোহণ করিলেন। উপবনে
উত্তীর্ণ হইলে কুরঙ্গিণী প্রহরীদিগকে আহ্বান
করিলেন—কহিলেন, "এই চারি জন দস্যা দস্যারত্তি করণতে আমাদিগের নিকটে বেগে আগনভৈছিল ইহাদিগকে বন্দী করিয়া রাখ—(চূপি
চূপি কর্ণাকর্ণি) ঐ ব্যক্তিকে উপরের এক ঘরে
রাখ এবং ঐ তিন জনকে বন্ধুর বাটী—রাত্রে—
রাত্রে ভুলনা রাত্র।"

" বে আজা।" প্রহরীরা উত্তর করিল।

"রাত্রে—রাত্রে—ভুলনা রাত্রে—" কুরঙ্গিণী চুপি চুপি, আন্তে আন্তে, কহিলেন——

"তার কটি হ'বে না" প্রহরীরা কহিল।

প্রহরীরা কুরঙ্গিণীর নির্দেশিত সম্পন্ন করিতে গোল—শৃত্থল আনিয়া চারি জনের হস্ত পদে দৃঢ়-ৰূপে সংলগ্ন করিল।

দিবাকর রক্তিমবর্ণ হইয়া অন্ত গিরীতে লুকা-রিত হইলেন—রজনী নিকটাগতা—কুরক্তিণী ও নলিনীকান্ত গৃহে প্রবেশ করিলেন—আহা-রাদির পরে শর্ম করিলেন।

পর দিন পূর্ব্বদিকৈ মরিচিমালী উদিত না হইতেই নলিনীকান্ত ও কুরঙ্গিণী শয্যা হইতে উঠিয়ানিত্যক্ত কর্ণানন্তর আহার করিলেন।

আহারাদি সমাপনানন্তর কুরঞ্জিণী উপবনে গমন করিলেন—প্রহরীদিগকে সমীপে আহ্বান করিলেন—জিজ্ঞাসিলেন—"রাত্রের অন্ধ্রপেচক সকল——"

"পটল তুলিয়াছে"—প্রহরীরা উত্তর দিলেক [উক্তৈশ্বরে হাস্থ]

" আত্তে ২, এত চেঁচাইয়া নয়—দাবধান—"
কুমক্লিণী হুত্ত স্বরে ও আরক্ত নয়নে কহিলেন—
"ক্ষাকুরুণ" বলিয়া প্রহরীরা ক্ষমা প্রার্থন
করিল——

কুরঙ্গিণী তাহাদিগকে পুরষ্কার দিয়া বিদায় করিলেন——

" ফুলোচনা"——

" কি আজ্ঞ। ঠাকুরাণি!" বলিয়া করছয় দংলগ্ন করিয়া স্থলোচনা সন্মুখে দণ্ডায়মানা রহিল——

কেমন ভালৰূপে ভো ভত্তাবধারণ করিয়াছ— কর্ণাকর্ণি) উৎকণ্ঠা দেখিলে কি—আহারীয় সব প্রস্তুত ?——"

" করিয়াছি—উৎকণ্ঠিত সন্দেহ নাই,— তত্ত্বাবধারণের কোন ভুল হয় নাই।" স্থলোচনা প্রভ্যান্তর করিল——

' যথেক্ট, তুমি এখন আপনার কর্ম কর গিয়া'' এই বলিয়া কুরঙ্গিণী গৃছে গেলেন।

নলিনীকান্ত এতক্ষণ একাকী ছিলেন, প্রেয়সিকে পাইয়া ব্রুবঙ্গের নানা কথাবার্তা কহিতে
লাগিলেন। মুখ চুম্বন প্রেম জ্বরের অমুপান
হইল, পয়োধর মর্দ্ধনে কুমার অনেক উপশম
পাইলেন, পরে বক্ষন্থলে হান দানে অন্তর্জালা
নিবারণ করিলেন। এইবপে সময় অতিপাত
হইতে লাগিল, দিবাকর প্রার দিপ্তীহীন হুইলেন, এমত কালে কুরঙ্গিণী স্ববিন্মে নলিনীকান্তকে কহিলেন,——

"প্রাণেশ্বর! আমার কনিষ্ট ভণিনী ভামিনীর ব্যাম হইয়াছে আমি এখন তাঁকে দেখতে যাব, আজু বোধকরি এখানে আগতে পারে বনা, দেখানে আজি থাকতে হবে, এজন্যে তোমাকে বলি, তুমিভাই আজ এখানে একলা থাকবে, দেখ ভাই কিছু মনে ক'র না, বিপদ এ জন্যে তোমাকে একলা কেলিয়া হাই; তরু আমার মন এখানে র'বে, ভোমাকে আশ্রর ক'র বে।—

কুরক্সিণী তৎপরে বস্থাগারে গেলেন এবং পূর্ব্ব বেশ ত্যাগ করিয়া এক নতীন বেশ পরি-লেন। অনন্তর নালনীকান্তের নিকটে পুনশ্চ আসিয়া বিদায় লইলেন। বহিছারে গিয়া "স্লোচনা" বলিবা মাত্র স্লোচনা উপস্থিত। হইল।

'';স্কুলোচন। (কর্ণাকর্ণি) সাবধান—কুমারের গতিবিধি দেখিও—ও '' পাভায় পাতায় বেড়ায়'' পস্থ। পাইলে রক্ষা আছে ?''— " কিছু আজ্ঞা ক'র তে হ'বে না, ঠাকুরাণি ! আমি সব বুঝিয়াছি—এই চাবী লউন—" বলি-য়া স্থলোচনা বিদায় হইল।

নলিনীকান্ত নির্জনে আছেন—এই সময়ে তাঁহার মনে কতই চিস্তার আবির্ভাব হইতেছে— সকল চিন্তার অপেক্ষা এক ভব্নাবহ চিন্তা তাঁহা-কে আশ্রয় করিল এবং "হত্যাই" সেই চিস্তা— " হত্যা! নহিলে আমাকে একাকী ফেলিয়া গেল কেন—ইহার ভিতরে অবশ্র ছুর্ভেদ্য বড়যন্ত্র আছে, আর ঐ মহিলার তো অসাধ্য কর্ম্ম নাই। এখন কি করি, আমি একা মাত্র কি করিতে পারি—বল পূর্বক কি পলায়ন করিব ? না তাণ হইলে তো আপনার বিপদ আপনি আনিব— रुजा ना रहेरल ७ रहेर भारत, अथवा আমার ভ্রান্তি জিমিয়াছে, কলে, বড়বন্ত্র—বড়-यञ्च—वज्यञ्ज! वज्यञ्ज निःमत्मर्थ—त्मिथे देशांत র্ভান্তটা কি ?—" কুমার এইৰূপ চিন্তা করিয়া >গৃহ হইতে বাহির হইলেন। গৃহের সম্মুঞে একটা বারাণ্ডা ছিল, তাহা দিয়া অনতি অন্তরের অপর এক গৃহে যাওয়া যায়। তিনি সেই দিক নিরীকণ করিতে লাগিলেন, হঠাৎ সেই দুক হইতে শব্দ আদিতে লাগিল, তিনি নিঃস্তব্দে আত্তে, আত্তে, তথার যাইতে লাগিলেন। এমন

মৃদ্ধ গতি, যে তাঁহার পা পড়িতেছে কি না অমু-ভব হয় না। তথন রাত্র প্রায় এক প্রহর, গগণ-মগুল নক্ষত্রবাজিতে পরিপূর্ণ, কিন্তু চল্ডে বির-হিত, কারণ অমাবস্থা তিথি। রাজপুত্র অপ্পে, অস্পে, দেই গৃহের নিকটে উত্তীর্ণ হইলেন, দেখিলেন গৃহের দাস্কু মুক্ত রহিয়াছে। তাহাতে 'প্রবেশ করিলেন; প্রবেশ করিবা মাত্র অভ্যন্ত-রস্থ অপর এক গৃহের দার রুদ্ধ হইল।—''চোর, চোর," নলিনীকান্ত অনুভব করিলেন—"দেখি-না কেন—" এই বদিয়া গৃহ দারে গিয়া তথায় কর্ণার্পণ করিলেন-ক্রি শুনিলেন ?-এক কামি-নীর কাতরোক্তি ও মিনতি, সে কামিনী কে এবং কাহার নিকটে কাভরোক্তি করিতেছে রাজ-নন্দন তাহার তত্ত্ব অবধারণ করিবার জন্য দারের ফাঁক দিয়া দেখিতে লাগিলেন—কি দেখেন ?— বরে একটা দীপ জলিতেছে, ভূমিতে এক খানি গালিচা পাতা আছে, ঘরের এক ভাগে এক খানি খটা আছে, তছুপরি ধবল বর্ণের উত্তম শয্যা রহিয়াছে, এবং তছুপরি এক ব্যক্তি বিদয়া আছেন-ভুমিতলে এক কামিনী অঞ্জ-নমুনে কর্মার সংলগ্ন করিয়া খট্টোপরি ব্যক্তির নিকটে ক্ষমা প্রার্থনা করিতেছে; কথন কথন ভুমে লুগিতা হইতেছে—কুরঞ্চিণীই সেই

কামিনী, কিন্তু কুরঞ্জিণী কি না যথার্থ ধার্য্য করিবার জন্য নলিনীকান্ত তদভিমুখে পূর্ণ দৃষ্টি
ক্ষেপণ করিলেন—"না আমি এখন বাতুল হই
নাই, আমার চক্ষেও ছানি পড়ে নাই—কুরক্সিণী—কুরঞ্জিণী—কুরঞ্জিণীই বটে—" রাজকুমার মনোমধ্যে আন্দোলন করিতে লাগিলেন।

কুরঙ্গিনীই সত্য; পাঠকবর্গ ইহার তাৎপর্য্য হৃদয়য়য়ম করুণ। কুরঙ্গিণী ভণিনী সন্দর্শনছলে নলিনীকান্তের নিকটে বিদায় লইয়া পূর্ব্বোক্ত গৃহে প্রবেশ করিলেন। আমরা কহিয়াছি থটার উপরে এক জন ব্যক্তি বিদায়ছলে, সেই ব্যক্তি আর কেহ নয় পূর্ব্ব ঘটনার চারি জন বন্দী-দিগের মধ্যে ইনি এক জন এবং তাঁহাদিগের মধ্যে প্রধান ব্যক্তি ছিলেন। কুরঙ্গিণী তাঁহার রূপ দর্শনে মোহিতা হইয়া তাঁহাকে ঐ গৃহে বন্দী করিয়া রাখিয়াছিলেন বলিয়াভুমিতলে পড়িয়াতাঁহাকে সম্প্রতি মিনতি করিতেছেন—

'হে মহাজন! অবলা স্থাতিরা স্থাতাবিক অন্তরক্ষীণা, তাহাদিণের বুদ্ধি অপ্প, তাহারা আগামি বিবেচনা করিয়া কাষণ করে না, অভএব আমি বিবেচনা না করিয়া আপনাকে কত কটুক্তি করিয়াছি এবং বন্দীর মতন এখানে রাথিয়াছি।
আমি মহোৎ কুলোদ্ভবা—হে মহান্! আশ্চর্য্য
হইবেন না আমি গন্ধর্মান্ত চিত্ররথের কন্যা—
মহোৎ লোকের কন্যা ও মহোৎ কুলে জন্ম বলিয়া
পাছে লোকে অপবাদ দেয় এ জন্যে আপনাকে
নির্জনে রাথিয়াছি—ধৈর্য্য ধরুণ—উন্না ত্যাগ
করুণ—আমি আপ্রার প্রেমের বশীভূতা।

ইত্যাদি বলিয়া কুর্মিণী কপটে রোদন করিতে
লাগিলেন—

"হে স্থন্দরি! আপনি গন্ধর্বরাজের ছহিতা
আমি জানিতাম না, হে শুভে! সামান্য মানবের
নিকটে মিনতি কেন? বিলাপ ত্যাগ করুন—
ধরা হ'তে উঠুন (হস্তে ধরিয়া উন্তোলন) কিন্ত হে বরাজনে! আপনি চিত্রাক্ষদ গন্ধর্বের কন্যা,
তবে আপনি একাকিনী এই উপবনে থাকেন কেন—আর শারণ হয়, গত দিবসে আপনার
সঙ্গে একটা সর্বাক্ষস্থন্দরী রমণী ছিলেন,
তিনি কে?—"

"হে মহাশর! আমাকে এত মান্য ক'রতে হ'বে না, কেননা আমি আপনার নিতান্ত অধীনা; প্রেমু সম্পর্কে আমি আপনাকে গুরু বলিয়া মানি, আপনার ঐচন্দ্রমুখ আমার মন হরণ করিয়াছে— তাং আশ্চর্য্য নয়, আপনার ঐ মুখ দেংখলে কে না মোহিত হংবে। হে প্রাণপ্রির! পিতা আমাদিগকে এই উপবন দিয়াছেন—এথানে থা কতে
আমাদিগকে আজ্ঞা করিয়াছেন তবে তিনি কখন
কখন এখানে আংদেন—দেই কন্যাটী আমার
জ্যেষ্ঠা ভগ্নী—নাম নলিনীমণী।"—কুরঙ্গিণী
সকপটে এই উত্তর করিলেন।

অন্টম অধ্যার। অন্নদান।

্ সেই ব্যক্তিতে ওকুরঙ্গিণীতে এইৰূপ কথোগ কথন হইতেছে এবং নলিনীকান্ত দারদেশে তাহা শুনিতেছেন, ইত্যবসরে তিন জনকে অলোকিক চিন্তায় আচ্ছন করিল—

"ना जाश्हे इंग्टर—एनहें मूथ—एनहें क्रथ— एनहें जक्र-क्षज्रक्र— जरूमारन एनहें वहक्रम— जामात हटक्कत यिन ना कीन एनिय धित्रा थारक हटत जामात "जरूमान" जर्मना नह—किन्छ क्षेट्रे रिवा विद्यारिक जाथनात क्ष्मिकी हभी विज्ञा मीनिएउ हिन— "नाम निनीमनी"—थात्र एनहें नारमत जित्कन—जरहा ! छेथरतत छर्छ हें वे लाम क्षिनी क्ष्मिन हहें मेरिह—ना, ना, की नम्म निक्स जरूमान हम् की नम्न । किन्छ क्षेट्रे दमनी कि जुलाहेल, जामात्र ममीर्थ मिथा কহিল—চাতুরি করিল, অথবা আমার নিতান্ত ভ্রান্তি জন্মিরাছে !" ঐ ব্যক্তি মনোমধ্যে অভি-সন্ধি করিতে লাগিলেন——

"হাঁ, তা'ই বটে;—যে ৰূপ—যে মধুময়।
গন্তীর কথা—যে শীলতা—তা' না হ'বে কেন।
বিশেষ পূর্ব্ব দিনে পর্ব্বতে এক জন পরিচয় দিবার
জন্যে "যুবরা" বিশ্বিয়া হঠাৎ ত্রস্ত হ'ল এবং সে।
কথা ঢাকিয়া অন্য কথা ব্যবহার করিল।" কুরক্লিণী এ প্রকার ভাবিতে লাগিলেন—

"তাই তো বটেঁ; কি আশ্চর্য্য যেন তাঁ'র আকার বিদ্যমান রহিয়াছে, যেন তাঁগর মুখখানি বসাইয়া দিয়াছে, অহা ! কথাগুলি পর্য্যন্ত তাঁ'র। মতন। আমি হতজ্ঞান না হই তবে আমার নয়নে ইনি সে ব্যক্তি!" নলিনীকান্ত "অনুমান " করিতে লাগিলেন।

গৃহস্থ অপরিচিত ব্যক্তি কুরক্সিণী হইতে কপটা নলিনীমণীর পরিচয় শুবণানন্তর পূর্ব্বোক্তৰপ চিন্তা করিতে ছিলেন, কুরক্সিণীও পূর্ব্বোক্তৰপ চিন্তায় জড়ীভূতা হইয়াছিলেন, অতএব ক্ষণ কাল কাহার বদন হইতে একটাও বাক্য বিনির্গত হব নাই—গৃহাভান্তরে সকলই নিন্তর ; অনেক কণের পরে কুরক্সিণী সেই অপরিচিত ব্যক্তিকে জিজ্ঞাসিলেন ;—"মহাশয়ের নাম—আপনি

কোন বংশ উত্থল করিয়াছেন—চন্দ্রবংশ, কিয়া সূর্য্যবংশ, তুর্ভাগ্যক্রমে আমি জানি না।——"

"মনোরনে! আমার নাম হিমদাগর, আমি
সং বংশে জনিয়াছি—চন্দ্র, স্ব্যাবংশে আমি
দাহদে বলিতে পারি না—স্থন্দরি! আমি আপনার নাম জগনিতে চাহিলে বোধকরি আপনি
লক্ষিত। হ'বেন না—কোধ ক'রবেন না—

››

"পিতা মাতা আদর করিয়া আমার নাম কুরক্লিণী রাথিয়াছিলেন, কিন্তু আপনি আমাকে
মান্য করিয়া উত্তর দিবেন না, কারণ আমি প্রেমাপ্রদা—আপনার প্রেমাপ্রদা জানিবেন।" বলিতে, বলিতে তাঁহার নয়নাক্র পড়িতে লাগিল—

হিমদাগর কুরঞ্জিণীর প্রেম বিষয়ক বাক্যে এতক্ষণ মনোযোগ করেন নাই, তিনি স্বাভাবিক পরম ধার্ম্মিক ছিলেন, প্রেমানুরাগ এখন পর্যন্ত তাঁহার অন্তরে প্রবেশ করিতে পারে নাই, তাঁহার এক দাধ্যা স্ত্রী আছেন, তিনি তাঁহারই অনুগত, নয়নকটাকে, কামভাবে, তিনি এখন পর্যান্ত কোন মহিলার প্রতি নেত্রার্পণ করেন নাই, তাঁহার পিতা ধর্মাশাস্ত্রে ও নীতিশাস্ত্রে তাঁহাকে বিশেষ দিকিত করিয়াছিলেন, তাহাতে মছনবান তাঁহাকে ক্ষতশরীর করিতে পারে নাই। কুরঞ্জিণী বার্ষার প্রেমস্কৃচক বাক্য প্রেমাণ

করিলে তিনি তাহাতে অন্যমনা হইয়াছিলেন, কিন্তু ঐ বাক্য অবশেষে তাঁহার মন মধ্যে আবদ্ধ হইল, তিনি তাহাতে তটয় হইলেন—

"এঁ তুমি কি উচ্চারণ করিলে—সাবধান— মান রাখিয়া কথা কছিও।" তিনি স্বণ্প কটিন বাক্য দাবা কুরঙ্গিণীকে ভং মণা করিলেন—

"হে প্রির! তোমার তিরকার পশ্চাতে রাখ! হে নাথ! আমি তোমা বিনা কাণকেও জানি না, প্রেম কিরপ আমি ক্রখন জাণনতাম না, তোমাকে দেখিয়া পর্য্যন্ত আমাকে বিরহ জালা ধরিয়াছে, এ জন্যে তোমার মুখ চুধন, তোমার আলিঙ্গণ বিনা আমি প্রাণে ম্বরব।" এবস্প্রকার বচনে ক্রঙ্গিণী হিমসাগরের মুখ চুধনে উদ্যতা হই-লেন—

স্থির হও, স্থির হও, অন্তরে যাও, নহিলে ভোমার বড় প্রমাদ ঘণ্টবে—ব্যভিচারিণি ! নির্লজ্ঞা! গল্পর্ব বংশে কলঙ্ক কণরভেছ—যাও, যাও, ভাল চাও ভো এ দর হণতে বাহির হও, নতুবা—শ

'নতুবা প্রমাদ ঘটা'বে, আমি তা' এক্বার মনেও করি না—জক্ষেপ্ত করি না—জান তুমি আমার বশে, আমি ভোমার বশে, নই—কিন্তু আবার বংলুছে আমি ভোমা' বিনা অন্যকে জানি না, আমাকে ব্যভিচারিণী বলিয়া দোষ
দিও না আজ পর্যান্ত আমি পর পুরুষের সঙ্গে
সহবাস করি নাই—আমার বিবাহ হয় নাই—
আমার শরীর অতি পরিত্র, অতএব সাবধানে
কথা কই নহিলে এখনি ভগ্নীকে ও সহচরীদিগাকে ডাকিয়া আংন্ব—আবার বংলংছি, সাবধান
কটু কথা কহিও না । পুরু ক্লিণী উত্তর করিলেন—

হিমসাগর কুরঞ্জিণীকে ব্যক্তিচারিণী প্রভৃতি
যে অশ্লীল বাক্য বলিয়াছিলেন, কুরঞ্জিণী সাহদে
কপট সতীত্ব প্রকাশ করিলে তিনি তজ্জন্য অস্তভাত হইলেন, কিন্তু কুরঞ্জিণী, বাক্যানুযায়িক
সাধ্যা কিনা ত্বরায় বিশ্বাস করিলেন না—"কামিনীরা কত ছল জানে—ছলে কিনা ক'রতে পারে"
তিনি মনে কম্পেনা করিতে লাগিলেন, পরে
কহিলেন—

'বাণ ব'ললে ভাগ কি সভ্য ?''—

"তার এক চুলও মিথ্যা নয়" (উর্দ্ধে হস্তো-তোলন করিয়া) হে পরমেশ্বর! আমি দতী কি অসতী তুমিই জান, কিন্তু আমি বার্মার এত অপমান সহিতে পারি না—বাগকৈ লক্জা, মাল, সকল সঁপিলাম দেই আবাক অপবাদ দেয়— সেই আবার বৃণা করে। বলিতে বলিতে কুরক্রিণীর কপটাব্রু পড়িতে লাগিল——

হিমাসাগর একেরারে কথায় বলে "থ" হইয়া রহিলেন, কি করিবেন—কি উত্তর দিবেন ভাবিয়া নিদর্শন পা'ন্ না, কিন্তু কুরক্ষিণীর তীক্ষু বাক্য-বান তাঁহার অন্তরে প্রবেশ করিয়াছিল এবং কুরক্ষিণী যে সতী-ক্ষাধ্যা বিলক্ষণ স্থির করি-লেন। অনন্তর সংযোজিত হত্তে, মিনতি প্রকাশে এবং ন্যু স্বরে কহিকোন—

"হে অঙ্গনে। স্থির হও—বিষয়া হইও না— আমার অপরাধ ক্ষমা কর—আমি না বুঝিয়া ভোমাকে কটু কহিয়াছি—কিন্তু ভোমার গুণ পরীক্ষার জন্য এত শ্রমাদ ঘটাইলাম।"

নলিনীকান্ত বহিন্ধ রৈ দাঁড়াইয়া গৃহাভান্তরের গুপ্ত ঘটনা ভাবৎ শুনিভেছেন, তাবৎ দেখিতে-ছেন এবং কুরজিণীর চতুরালি প্রকৃষ্টরূপে হৃদয়-ক্ষম করিতেছেন। কুরজিণীর ব্যভিচার—গোপনীয় এবছুত কেলী তাঁহার নয়নে জ্যোৎসার ন্যায় সহু দেখাইতে লাগিল। কুরজিণীর বাক্-জালে হিমসাগরের বন্ধন দেখিয়া তিনি আক্সর্যা মানিজেন এবং প্ররিণানে কি ঘটে, এই প্রতীক্ষায় নিজক ছুইয়া রহিলেন। কিন্তু তিনি আত্ম পথ ভুলেন নাই, প্লায়নের পথ তিনি

সভত দেখিতেছেন, বর্ত্তমানের ঘটনার অপেকা পলায়নে উপায় শত গুণে, অধিকম্ভ সহত্রপ্তণে গুরুতর, সহজেই—স্বভারতই অনুভব করিতে-ছেন। বদিও বর্ত্তমানের ঘটনা তাঁহার মনো-যোগের অধীন হইয়াছে, তথাপি তিনি ইহা পামান্য দেখিতেছেন—পাঠকরন্দ সহত্র নয়নে যা' দেখিতেছেন এবং এই ঘটনা ভাঁছাদিগের যত প্রয়োজনীয় বোধ হইতেছে, নলিনীকান্তের সহস্র নয়ন হইলে পলায়নের পদ্ধা ডিনি ততো-ধিক দেখিতেন এবং ভভোধিক প্রয়োজনীয় বোধ করিতেন। ক্রিকেই ছাড, দেই শালালি বুক্ষ, দেই পর্বত, তাঁহার অন্তরে অহনিশি জাগরুক রহিয়াছে—স্বপ্রেও ছিনি যেন সে তাবৎ पिथिट्डिंग, स्व पिक्ट **विकास स्वा**यन "পলায়ন" প্রির শব্দ যেন সূত্রাক্তিত রহিয়াছে দেখেন। একাকী, এমত হু সময়; এমত হু দিন আর কবে হংকে, পলায়নের এই তে। সময়। কিন্তু তিনি কিন্তেপ, কোন্দিক্ দিয়া পলায়ন करतम ?—विस्ववना कतिएक एत्रह!

> नर्ग अशास्त्र। श्रीवंत्रन

नलनीकां अलायम-भर्तायन इङ्ग्राहित्लन वटि, किन्छ जिन "किकार्यन, कान् फिक् फिन्ना भनायन

করেন ়ং এই প্রশ্ন উত্থিত হইতেছে। তিনি বাৰীর প্রকাশ্র ছার ছিয়া প্রভায়ন করিবেন কি? না, তথায় প্রহরীরা আছে, তাহাদিনের হস্তে পরিত্রাণ নাই, অপর্ঞ্ স্থলোচনা নীচের এক শরে শয়ন করিয়া থাকে, দে আবার গ্রহরীদিলের অপেকা "এক কার্ক্স সরেদণ তা'র তো শত দিকে চোখ—''পাত য়া, পাতায়, কেড়ায়ণ বিশেষ, কুরক্ষিণী তাহাকে কিন্দু দত্তর্ক থাকিতে অমু-মতি করিয়াছিলেন টাণতে তাণর স্বার কি সে রাত্রে নিদ্রা আছে 🏞 তবে নলিমীকান্ত কোন দিক্ দিয়া পলাইবেন্ট যে স্বায় দিয়া তিনি প্রথমে স্লোচনার সহিত কুর্কিণীর নিকটে আসিয়া তাঁহার প্রেমে মথ হইয়া ছিলেন দেই গুপ্ত দার দিয়া ভবে কি ভিনি পলায়ন করিবেন? ভাহাও নয়, নে ছারের সমাধে এক জন প্রতিহারী দণ্ডামমান স্বাহেনা—লেই ছাতের উপর দিয়া!— হাঁ দেই ছাতের উপক দিয়া তিনি পলায়ন করি-বেন, কিন্তু ভিনি ছাতের উপর দিয়া কেমনে পলা-ইবেন ? কেন, সেই শাঝাল বুক দিয়া! ভাল, শাললি যে কণ্টকাকীর্ভাণ কেমনে পলায়নের পৰ হংতে পারে ১ সভ্য, কিন্তু নলিনীকান্ত পূর্বে তাংর পথ করিয়াছেন, ভিনি পুর্বে এক গাছা দৃঢ় রজ্জু শরনাগারের পাটের নীচে সংগ্রহ

করিয়া রাথিয়াছেন, তিনি দেই রক্জু শাল্মালির শাখায় বাঁধিয়া তদ্বলয়নে পলাইবেন।—দেখ তিনি রক্জু লইয়া অঙ্পে, অঙ্পে, দোপান দিয়া ছাতে উঠিতৈছেন—ছাতের দ্বারে উত্তীর্ণ হই-লেন—দেখেন দ্বার বদ্ধ, তালার দ্বারা সংযো-বিত—এখন কি করেন—তালা মূক্ত—অহো ভঙ্গ করিবার উপায় করেন—হস্তের দ্বারায় কি ভঙ্গ হয়! নলিনীকান্ত তৎপরে নীচে আদি-লেন—অস্ত্ৰ-শৃস্ত্ৰ খুজিতে লাগিলেন—কিছুই দেখিতে পাইলেন না-কুরঙ্গিণীর শয়নাগারে ুপ্রবেশ করিলেন—তথায়ও কিছু নাই না কি ?— এক দেশে দেখেন, একটা বৃহৎ ছড়কা পড়িয়া রহিয়াছে—নলিনীকান্ত তাহা গ্রহণ করিলেন, কিন্তু তাঁহার মনে এক চিন্তার উদয় হইল এবং তিনি কুরঙ্গিণীবন্ত পরিধেয় ছাড়িয়া বস্ত্রা-গার হইতে আপনার ইতিপূর্বের বেশ আনিয়া পরিধান করিলেন—সঙ্গে আর কিছু লইলেন না—গৃহ হইতে বহিৰ্গত হইলেন। নলিনীকান্ত তৎ পরে কুরঙ্গিণী ওহিমদাগর যে গৃহে আছেন, সেই গৃহহর ছারে নিরবে দণ্ডারমান হইয়া ষারের ফাঁক দিয়া দেখিতে লাগিলেন—দেখি-লেন, হিমদাগর ও কুরঙ্গিণী খটে শুইয়াছেন, কিন্তু উভয়ে উভয়কে পশ্চাৎ করিয়া শায়িত

আছেন-"হাঁ তবে বুঝি কাৰ্য্য দিন্ধি হয় নাই ধা হংক্ আপ্মার পদ্মা ছাড়ি কেনগ নলিনীকাং এই ভাবিয়া পুনশ্চ ছাতের ছারে উপনীত হই লেন এবং ক্রমে, ক্রমে, আন্তে, আন্তে, (পারে শব্দ ইয় এজন্য ক্রে ক্রমে আন্তে আন্তে) ছড় কার দারায় তালিকা ডম করিলেন—ছাবে গেলেন। এখন দ্বিজীয় প্রহর নিশা, গগণ মণ্ডন স্বন্ধ মেঘাচ্ছন হইবাতে চন্দ্ৰিমা ক্ষণে কৰে অম্ব गर्या लुकाविष इहेरण्डम—कर्ग, कर्ग প্রকাশ পাইতেছেন সকলি নিস্তন্ধ, জন-মান বের 'শোড়াণ নাই, পরন অম্প 'শেন্ শন্ণ ধর্নী করিতেছে মাত্র, রক্ষের পল্লব নড়াতেও অণ্ড শব্দ হইয়াছিল, নতুবা দকলে পঞ্জ পাইয়াছে र्यनित हरा। द्राष्ट्रभुख धकरात हर्जुर्फिक् निती ক্ষণ করিলেন—দৈখিলেন, কোথায়ও কেহ নাই পরে দেই পূর্বেক্তি শাল্মলির কাছে গেলেন— কেছ আসে কি না জানিবার জন্য নিঃশব্দে দাঁড়া' জানিলেন কেহই তঁশয় পশ্চাতে নাই, তথ অল্পে, অল্পে শাল্যালির পূর্ব্ব কথিত ছাতে: 👻 পরের ভালে কড়ি বাঁধিয়া তদুবলম্বনে নিমে নামিলেন, কিন্তু হুড়কাটা ছাড়েন নাই, কারণ তাহা হ'তেও এক সময়ে উপকার হ'তে পারে

বিবেচনা করিয়াছিলেন। যুবরাজ নিমে নামিয়া পুনশ্চ দাঁড়ালেন, পুনশ্চ চতুর্দ্ধিকে কর্ণ পাতি-लंन, भूनक रुजू किक् प्रिश्टिंज नाशितन, रान পাষানের মূর্ত্তি তিনি এৰূপ নিস্তক্ষে দাঁড়াইয়া ব্লহিলেন। 'ধ্যদি কেহ আক্রমণ ক'রতে আদে তথন কি করি" ভারিতে লাগিলেন—"্যা' হ'ক্, যে প্রকারে হ'ক্ আজি পলায়ন কংরব, ইহাতে যদি সহস্র, সহস্র বিপদ ঘটে সেও স্বীকার, কিন্তু আমি অস্পে ছাড়'ব না, য়ে প্রথমে ধংরতে আ'সবে তা'র প্রাণ শংসয় এবং এই হুড়কা আমাররক্ষক!" নলিনীকান্ত মনোমধ্যে ইত্যাদি ৰূপ কল্পনা করিয়া পর্বভাভীমুখে গ্রমন করিতে লাগিলেন, চন্দ্ৰ এক্ষণে মেঘ মধ্যে লুকায়িত হইয়াছেন, অতএব পর্ব্বত কেবল অন্ধকাররাশির ন্যায় বোধ হইতেছে, দৃষ্ণ পদার্থব্যুহ অনুমান করা কঠিন-কর। নলিনীকান্ত পর্বতের নিকটে উত্তীর্ণ হন্ এমত সময়ে অন্দ্রমা অশ্বর হইতে অর্জাঙ্গে বাহির হইলেন এবং দশ হাত দুরে এক প্রহরী এক থানা টাঙ্গী হস্তে করিয়া ভ্রমণ করিতেছে দেখা-গেল। কিন্তু সে তথন নলিনীকান্তের অভিমুথে না আদিয়া, তাঁহার অভিমুখ হইতে অন্য জিকে याहरण्डिल । यूर्वताक प्रिश्तिन प्रमश नक्कि, এবার আমার দিকে আদিলেই আমাকে ধরিবে

সন্দেহ নাই, এখন আপন স্থাোগ সাধি।' নলিনীকান্ত এই ভাবিয়া তড়িতের ন্যায় ত্রান্থিত হইরা
ছড়কার দ্বারায় প্রহরীকে আঘাত করিলেন,
প্রহরী অমনি মৃতবং হইরা ধরায় ধুবরিত হইল,
কিন্তু বর্ণনে অন্তুত ও শক্ষান্থিত হইতে হয়,
কারণ তৎ দত্তে পর্বতের অভ্যন্তর হইতে আকশিক্ শব্দ বহিষ্কৃত ইইল, যাহা শুনিয়া, যাহা
ভাবিয়া কলেবর শীৎকার হয়—চরাচর স্তম্ভিত
হয়—ভয়াবহ! ভয়াবহ! এমত নিশিতে, এমন
নির্দ্ধন শক্ষান্থিত স্থানে ভয়াবহ নিঃসন্দেহ, কিন্তু
পাঠকেরা নিরবে শুমুন্—

"এই তো মানবের কার্য্য চমৎকার। শত, শত, সাধুবাদ করি বারবার। সাধু, সাধু, সাধু বটে, সাধু মহাশয়, এরপে করণ শীল্প, বিপক্ষের ক্ষয়।"

নলিনীকান্ত একেবারে জ্ঞানশূন্য—চেডনরহিত এবং বাক্বর্জিত হইয়া রহিলেন। এই ধনী
বে তাঁহার পক্ষে মূতন এমত নয় তিনি, কন্মিন্কালে এৰপ ধনী শুনিয়াছিলেন—অলিক উপন্যানে যে সব শাঁথচিন্নীর বিষয় শুনা যায়—তাহ্রা ক্লেৰপ ক্ষাণ স্বরে—সান্ত্রনাশিকায় কথা কহে,
কুমারের মনে তজ্ঞপ ভাবোদয় হইল, তিনি
শুনিবা মাত্র ঠিক বিবেচনা করিলেন পর্বতের

ভীতর হইতে শাঁধচিনীতে কথা কহিতেছে।
কিন্তু সে শ্বর সামুনাশিক শ্বর ছিল না। সৃত্ত ও
ভগ্গর ছিল। নলিনীকান্তের ইন্দ্রিয় অরশ,
চক্ষ মুদিত, কলেবর হিমাঞ্চ, নিশ্বাস অণপ বহমান—নাড়ীর গতি অতি হক্ষা—বক্ষ এখন ধুক্,
ধুক, করিতে ক্ষান্ত হইয়াছে,—কলেবর আর
শীংকার করিতেছে না—অমুমান হয় যেন মৃতকণ্পা—দেখ, দেখ, ভিনি মুক্ত্র্গিত হ'ন্!—কিন্তু
আরো আশ্বর্যা বর্ণন করেতে, কারণ পর্বতের
ভীতর হ'তে সেই দণ্ডে আবার এক ধনী প্রকাশ
পাইল—

" हार्य ! हार्य ! এ कि नांग्र कि घटि श्रेमान ,
हर वंत्र ननीट उट्टे उद्धल दिवान ;
कि वान अमन नांद्र्य नांद्र्य खीइति ,
गांद्र्य उद्धार खारा यदि, यदि—
छैठे; छैठे, महाजन, नहां कर्त्र नृत ,
विद्युचना, नांह्र जनी, यह श्रुह्त ।
छेठे दिवलन छैठे छैठे छन्त्र ।
छेठे दिवलन छैठे छैठे छन्त्र ।

যুবরাজ পুনর্বার এই উৎসাহিত ও চেডন-উৎপাদক ধনী অবণে কিঞ্চিৎ চেডন পাইলেন এবং সভয়ে এ ধনী শুনিতে লাগিলেন, কিন্তু সকল শব্দ কর্ণগোচর হইলনা, কারণ তিনি এখন সম্পূর্ণ সচেডন হয়েন নাই, এবং পশ্চাতেক্সধনী শুনিয়া বদিও তিনি প্রথমে কিঞ্চিৎ চেতন পাইয়া ছিলেন, কিন্তু মৃতকল্পের যেমন নিশ্বাস বায়ু ক্রমে ক্রমে শেষ হয় এবং পরলোকে লইয়া যায়, সেই রপ সেই চেতক ক্রমে ক্রমে ক্রমে বিনাশ পাইল এবং যুবরাজের নিকটে আর একবার বিদায় লইল। সময় অতীক হইতেছে এবং তড়িতের ন্যায় অতীত হইতেছে— যুবরাজের চেতননাই— তথন শৈলাভ্যন্তর হইতে পুনশ্চ এই বাণী বহিগতি হইল—

"ভর কি, ভয় কিনে, কি ভয় আপনার, আচতন-সিন্ধু হ'বত শীত্র হ'ন পার ৷
শৈলের ভীতরে হুলী আছি হুরাশয়,
আমার সমান হুখো নাই মহোদয়!
কুকর্মের ফল ভোগ করি সচকিতে,
এ সব মতিনা পাই কুর্মিণী হ'তে।"

নলিনীকান্ত এতক্ষণ অচেতন ছিলেন, কুরক্ষিণী
নামটা যেন তাঁহার অচেতন ভক্ষ করিল, চেতন
পাইয়৷ তিনি পুর্বের উক্তি শ্বরণ করিতে লাগিলেন, ঐ উক্তি মমুব্যের ছঃখ প্রকাশ করিতেছে
তাঁহার ক্ষমক্ষম হইল—অহো! দেই মনুষ্য
কুরক্ষিণী হইতে এত ছঃখ পাইয়াছে এবং দেই
মনুষ্য শৈলাভ্যন্তরে বন্দী আছে ৷ রাজনন্দন
আবার পরক্ষণে ভাবিলেন—"না এ স্বপ্রের মত
বোধ হয়, হাঁ শুপুই হ'বে, তা নহিলে সভ্য কি

পর্বতের ভীতর মামুষ থাকে!' পুনশ্চ ভাবি-লেন—"বাং! আমি কি কেপিলাম, স্বপুই বা কেন হ'বে, মনুষ্যের স্বর বিলক্ষণ শু'ন্লাম এবং দত্যা, সত্যা, পর্বতের ভীতর হ'তে স্বর বাহির হইয়াছে!"

নলিনীকান্ত এবপ্রাকার ধার্য্য করিতেছেন, ইত্যবদরে এক ক্ষীণ, সরল ধনী খিদ্যমানে প্রকাশ করিল—

" (र ७। निधिन् । जुरु र'त्वन ना, योगि मसूषा —হাঁ আমি মন্ত্র্যা; যদিও এখন মন্ত্র্যের আকার নাই। হে মনস্বি! কুকর্ম্মের ফল ভোগ শাক্ষাতে मिथून, পাপ कंग्रल य किरल প्रतारक नांखि ভোগ করিতে হয় এমন নয়, ইহ লোকেও কাহার শান্তি ঘটিয়া থাকে, আমি তা'র দৃষ্টান্তের।স্বৰূপ। আমার পাপের দীমা নাই—কুকর্মেতেই জীবন শেষ কংরলাম—রুটি ধারার সংখ্যা হয়— আমার পাপের সংখ্যা নাই—ধূলীরারশি যদি এক এক কণার গণনা করা খায়, তথাপি আমার যন্ত্রণার গণনা হয় না-এসর যন্ত্রণা কেবল কুর-त्रिभी रुप्ए — हैं। कूद्रकिभी रुप्ए, किस तिरे ছ্লারিণী দ্বেভাগিনী হইয়াও আমার বন্ধন-कार्तिनी—स्थय अनिवित्ती हरेबाट्ट। यात्रात पतीत जारमान-अरमारनरे कम रहेमारह, कामिनी

দন্তোণেই আমি দীর্ঘকাল কাটাইয়াছি—আমার বোবন কেবল কাম-কেলীতেই বিনাশ পাইয়াছে

—ধর্ম-পথে একবারও পদার্পণ করি নাই—ধর্ম
অগ্রাহ্যের মধ্যে—উপহাদের বস্তু জানিতাম—
কহিতে শরীর শীৎকার করে, কিন্তু হে করুণানিধান ক্ষমাকরুণ! ঈশ্বরের বিষয়ে আমার সন্দেহ
ছিল। আমি অতি জ্বন্য, নীচ, ও ঘূণাপ্সাদ
লম্পট ছিলাম, কিন্তু কুরক্সিণীর ফাঁদে পড়িয়া
লাম্পট্যের কল ভোগ করিতেছি—মহাশয়!
আমাকে উদ্ধার করুণ—রক্ষা করুণ!"

নলিনীকান্তের হৃদয়ে ভয়ের সঞ্চার হইল কিন্তু সাহসাকর্ষণ করিয়া ঐ অঙ্গানিত প্রাণীকে জিজ্ঞাসিলেন—

"আপনি দেব, গন্ধৰ্ম না মনুষ্য সভ্য বলুন, ছলনা ক'ৱবেন না—এখন আপনি কোথায়, আমি কিছুই দে'খতে পাই না ?''

"অদৃষ্টে এ সব করে, হার! হার! আপনি
এখনও সন্দেহ কংরতেছেন—আমি অধম মন্ত্র্য্য
—মন্ত্র্য্য—মন্ত্র্য্য, জানিবেন, আমি মন্ত্র্য্য। আমি
এই পর্বতন্ত্র কারাগারে আছি—করুণা প্রকাশে
যদিশামাকে উদ্ধার করেন তবে পর্বতের উপরে
উঠুন, কিঞ্চিৎ অঠিলে দেংগতে পাংবেন, এক
রহৎ প্রস্তরন্ত্রাপিত আছে, এ প্রস্তরের চুই দিকে

রহৎ রহৎ তালিকা রহিয়াছে—প্রস্তর তাহাতে
সংলগ্ধ, আপনি কৌশলে ঐ তালিকা ছুইটা
ভাঙ্গিতে পারিলে এবং প্রস্তর থানা তুলিতে
পারিলে আমার উদ্ধার নিঃসন্দেহ—" কিন্তু ঐ
অজ্ঞাত মনুষ্য এই কথা বলিয়াই থিদ্যমানা হই—
লৈন এবং সকরুণ উচ্চৈস্বরে কহিলেন—"হে
পরমেশ্বর! ঐ প্রস্তর থানা কি প্রকারে তোলা
যাইবে, ও তোলা এক জন মানুষের কর্ম্ম নয়,
চারি জন প্রহরীতে যে প্রস্তর তোলে সে প্রস্তর
কি এক জনে তুলিতে পারে? হায়! সব আশা
সুথা হইল—কাঠবিড়ালের সাগর বন্ধন হ'ল।"

নলিনীকান্ত উত্তর দিলেন "আপনি ছির হ'ন, পর্বতে উঠিয়া দেখি, দেখি—আমার যত ক্ষণ শক্তি থা'ক্বে আর পরমেশ্বরের অনুগ্রহ থা'কলে আমি আপনাকে"—নলিনীকান্ত ইহা বলিয়া কিছু দন্দিহান হইয়া কহিলেন, "আপনি যদি দত্য মনুষ্য হ'ন আপনাকে উদ্ধার করিতে চেক্টা ক'রব।" তিনি এই উত্তর দিয়া সমাহদে পর্বতে উঠিলেন।

নলিনীকান্ত পর্বৈতোপরি কিঞ্চিৎ উঠিয়া দেখেন, যথার্থ এক খানা বৃহৎ প্রস্তর তাহাওৈ হাপিত আছে এবং তাহার ছই দিকে ছইটা

তালিকা সংযোজিত রহিয়াছে। তিনি ইহা দেখিয়া অজ্ঞাত প্রাণীর বাক্য প্রমাণ্য অনুভব করিলেন এবং হুড়কার দ্বারায় তাহা ভাঙ্গিতে छेमाज इटेरनम, किन्छ इठीथ विरवहमा इटेन, তালিকা ভগ্ন করিলেও কার্য্য সিদ্ধি হইবে না, কারণ ভাঁহার বিলক্ষণ হৃদয়ঙ্গম হইল এক জনে প্রস্তুর উত্তোলন করা ছুষ্কর, অভএন ভিনি প্রায় হতাশ হইলেন—কিন্তু তাঁহার চিন্তা অন্য দিকে গেল এবং তিনি দেখিলেন, ভূমিস্থ আঘাতি প্রহরী চেতন পাইয়াছে এবং ভূমি হইতে উঠি-বার উপক্রম করিতেছে—দেখিবা মাত্র তিনি['] তীরের ন্যায় দ্রুত হইয়া তথায় গমন করিলেন কিন্তু তাহার প্রাণ নষ্ট করিলেন না। তাঁহার মনে অন্য চিন্তা আবিভুত হইল এবং তিনি আদৌ প্রহরীর টাঙ্গী লইয়া তাহাকে কঠি यदा करिलन- এই प्रौत्री प्र'थ्ए इ. हेराः মধ্যে তোমার প্রাণ আছে, কিন্তু ভাল চাহ যদি তবে আমার কথা শুন।"

"কি আজ্ঞা করেন ?" আঘাতিত নুমু ও বিনঃ
বাক্যে জিজ্ঞাসিল—

কি আজ্ঞা করি শুন, তোমাকে হত্যা করি-তে আমার ইচ্ছা নাই, আমার এক উপকার কর—তোমার প্রাণ রক্ষা হ'বে, কিন্তু তুমি যদি "পেঁচে' ফেল্তে চাও এবং চীৎকার করিয়া প্রহরীদিগকে জ্ঞাত কর তা' হ'লে প্রথমে এই টাঙ্গী থানা ভালৰপে দেখিও—জানিও মুথ খুলিবামাত্র এথানা ভোমার হৃদয়ে প্রবেশ হ'বে। এখন ইহার মর্ম্ম বুঝিয়াছ ?" তিনি ভয় প্রদর্শনে জিজ্ঞানা করিলেন—

"স্পাফৰণে," প্ৰহ্রী ভীত হইয়া উদ্ভর করিল—

নলিনীকান্ত প্রহরীর সঙ্গে পর্বতে উঠিলেন
এবং সতেজে ও অসামান্য বলে তালিকাদ্বয়
কুড়কার দারায় ভগ্ন করিতে লাগিলেন। ঐ
তালিকা যদিও রহৎ ও দৃঢ় ছিল তথাপি
নলিনীকান্তের অসীম বলে ভগ্ন হইল। যদিও
ভগ্ন হইল তথাপি নলিনীকান্ত সাহসে প্রন্তর
উঠাইবার উপক্রম করেন না, তাঁহার ভীষণ শঙ্কা
হইল পাছে শৈলাভ্যন্তরে নারকী যোনি থাকে,
অভএব তিনি প্রহরীকে চুপি, চুপি, জিজ্ঞাসিলেন—'ইহার মধ্যে কে আছে ?''

"ধর্মাবতার। ইহার ভীতরে এক রাজপুত্র আছেন।" প্রহরী চুপি চুপি উত্তর করিল।

"না আমার বিশ্বাস হয় না !" যুবরাজ কল্পনা করিতে লাগিলেন "এঁ রাজপুত্ত !—আছা দেখা যাংক্——" নলিনীকান্ত প্রহরী সহকারে তৎপরে প্রস্তরো-ভোলনে প্রব্রুত্ত হইলেন, কিন্তু তাঁহাঁর সম্পূর্ণ বোধ আছে প্রস্তরোভোলনের সময়ে প্রহরী বিশাস-ঘাতক হইয়া তাঁহাকে শৈলী কারাগারে ফেলিয়া দিতে পারে, অতএব তিনি প্রথমে পদের নীচে হুড়কা ও টাঙ্গী রাখিয়া প্রহরীকে পুনশ্চ জিজ্ঞা-সিলেন—"দেখ, কিশাস্থাতক ইইও না, আমি তোমার প্রাণ রক্ষা করিতেছি—হইলে সাংঘা-তিক হ'বে।"

ধর্মাবতার! এখন কি আমার কথায় প্রত্যয়
 করেন না
 প্রহরী কিছু বিরক্ত হইয়া কহিল।
 অঙ্গীকার ক'র'ছি আমি আপনার আজ্ঞাবহ।

"তবে এই দিকের শিকল ধরিয়া পাথরখানা তোল সে—আমি এ দিকের শিকল ধরি।"

ধে আজ্ঞা! প্রবিয়া প্রহরী এক দিকের
 শৃত্বল ধরিয়া প্রস্তর উত্তোলন করিতে লাগিল—

নলিনীকান্ত, কেহ আদিতেছে কি না এবং কেহ নিকটে লুকাইয়া আছে কি না জানিবার জন্য ক্ষণ কাল চতুর্দ্দিক্ নিরীক্ষণ করিলেন— যখন দেখিলেন কেহ কোথায়ও নাই—''জন-মান্ধবের শাড়া, শব্দ নাই" তথন তিনি অপর দিকের শৃঞ্চল ধরিয়া প্রস্তর তুলিতে লাগিলেন। ঐ প্রস্তর খানা যদিও ব্লহৎ ও ভারী ছিল, তথাপি নলিনীকান্ত সাহসাবলয়ন পূৰ্ব্বক এৰূপ অসাধারণ ও অলৌকিক শক্তির সহিত উহা উত্তোলন করিতে লাগিলেন, যে কিঞ্চিৎ বিলয়ে তাহা উপিত হইল। প্রহরী যদিও নলিনীকা-ষ্টের অপেক্ষা বলিষ্ঠ ছিল তথাপি তাহার সে দময়ে তাঁহার ন্যায় বল প্রকাশ হয় নাই। প্রস্তর ধানা ক্ষণঃপরে উপরে উত্থিত হইলে মেঘাচ্ছন্ন শশী মেঘ হইতে সেই দণ্ডে প্রকাশ পাইলেন, কিস্তু শুনিলে শরীর রোমাঞ্চ হয়—অঙ্গ ধর, ধর, কম্পমান হয়, কারণ এমন সময়ে শৈলী-কারাগার মধ্যে " অञ्च हर्म्म मात्र" এक मीर्चाकात, भीर्न एम् প্রত্যক্ষ হইল এবং আরো ভয়স্কর, কারণ তাহা দেখিবা মাত্র রাজপুত্র মূচ্ছাপিলের ন্যায় হইয়া **উর্ধস্বরে** চিৎকার করিতে উদ্যত **হইলেন**। প্রহুরী তৎক্ষণাৎ তাঁহার বাছ ধারণ করিয়া রহিল এবং উৎসাহিত বচনে কহিল—প্রভু! ও কি? ভয় দূর করুণ—ছঃখেতে ঐ মহাজনের শরীর এমন শীর্ণ হইয়াছে।"

নলিনীকান্ত প্রহরী হইতে এই আশ্বাসিত বাক্য প্রবণে সজ্ঞান হইলেন এবং পূর্ণদৃষ্টে শীর্ণ দেহ অবলোকন করিতে লাগিলেন—যখন ক্ষেত্রি-লেন যে এটা শীর্ণাকার মন্ত্র্যা বটে তখন ভাঁছার সন্দেহ দুরে গেল এবং তিনি সে ব্যক্তির অবস্থা

দেখিয়া সাজিশয় খিদ্যমান হইলেন। ঐ শৈলী-कारागादात थक जारा धकरी कीर्ग मरन्मापती পড়িয়াছিল। কারাগারের এই মাত্র "আস্-বাব।" তাহার ভীতরে এরপ জঞ্চাল—গূলি রাশী ছিল, যে তাহা দেখিলে খ্ণা জন্মিত, তাহা হইতে এৰূপ ছুৰ্গন্ধ ৰহিষ্কৃত হইতেছিল, যে **उम्हाल " िर्फन** जोत्र।" यूदद्राष्ट्र थे प्रर्शक পাইয়া এবং কারাগারের ছব্রবছা দেখিয়া ঘূণা-वगठः किथिष अवरत शासन—उरक्रगंद ভাঁহার সে ভাব দূরে গেল এবং কারুণিক ভাব উদয় হইল, তিনি শীর্ণদেহীকে কারাগার হইতে মুক্ত করিয়া প্রহরীকে আপন হন্তাঙ্গুরী খুলিয়া দিলেন—কহিলেন, এই তোমার পুরস্কার হইল, এখন আমরা প্রস্থান করি, আমরা অনেক দূর অতিক্রম করণলে তুমি আমাদিণের পলারনের ब्रखांस क्षकांग कद्र।" श्रहती कूजूरल "यांश আজ্ঞাণ বলিয়া প্রস্থান করিল। নলিনীকান্ত শীর্ণদেহীর হস্তাকর্ষণ করিয়া পলায়নে তৎপর হইলেন। যাইতে যাইতে এক স্থানে তাঁহার षाकित्रक् ভारना षातिजू ज रहेन, प्रशितनन, সম্বাদুর্থ একটা প্রকাণ্ড গহরে রহিয়াছে। ঐ গহরর তাঁহার পক্ষে অপরিচিত 'নয়, কস্মিন্ কালে তথার কোন ঘটনা ঘটিয়াছিল। পাঠকেরা

জানেন, নলিনীকান্ত, কুরঙ্গিণী সহ বায়ু সেবনাশয়ে পর্বতে উঠিয়াছিলেন এবং ইতস্ততঃ জ্বমণ করি-তে করিতে তাঁহারা উক্ত গহরের নিকটে গিয়া ছিলেন, কিন্তু কুরঙ্গিণী তাহার সমীপবর্ত্তিণী হইবা মাত্র তটষ্ হইয়াছিলেন এবং নলিনীকা-, ন্তকে কৌশলে সে দিক্ হইতে অন্য দিকে লইয়া গিয়াছিলেন ৷ অতএব নলিনীকান্ত পুনশ্চ তাহার সমীপবর্ত্তি হইলে সংশয়ান্বিত হইবেন সন্দেহ কি ? যাহা হউক, তিনি সংশয় ছেদ কর-ণার্থ গহররের চতুষ্পার্খ নিরীক্ষণ করিলেন। কিস্তু আমরা কম্পিত কলেবর হইবনাকি ? কারণ গহ্বরাভ্যন্তরে দৃটি নিক্ষিপ্ত হইলে এক অনি-র্বাচনীয় অলৌকিক ব্যাপারের অনুকরণ প্রত্যক্ষে লোচনাধীন হইল—দেখিলেন, তন্মধ্যে অন্থি-রাশী বিস্তার আছে—কতকগুলি চর্ম্মরহিত, অস্থি-যুক্ত নরাকার রহিয়াছে এবং চেতনহীন তিনটী মনুষ্য পড়িয়া আছে। ঐ তিন্টী মনুষ্য রাজ-পুজের পূর্ব পরিচিত বটে—তিনি যে দিবস কুর ক্লিণীর সক্লে বায়ুবেসন করিতে পর্বাতে উঠিয়াছিলেন সে কালেই ঐ তিন্টী অপর এক মনুষ্টের সহিত এক দিক হইতে স্বরায় সাম্যুরা ठाँहामिरगत जावार नग्न, अवर जाहाता होत ধারায় অপহৃত হ্ইয়াছে প্রমাণ্য করে। উহার

মধ্যে চতুর্থ ব্যক্তিটী নাই—থাকিবেই বা কেন, কারণ কুরঙ্গিণী তাঁহাকে লইয়া আপন ভবনে রাখিয়াছেন পাঠকদিতোর বিলক্ষণ শ্বারণ আছে। যাহা হউক, সেই তিনাব্যক্তি সংহারিত হইয়াছে নলিনীকান্ত দেখিলেন এবং কুরঙ্গিণীই তাহাদি-গের সংহারকারিণী বিশ্চয় স্থির করিলেন। সেই নিষ্ঠুরা কামিনী যে ব্যক্তিকে স্বাপন নিলয়ে রাধিয়াছেন তিনি ইহাদিগের প্রভু, অতএব প্রভু হইতে কামিনী কামিনীর কার্য্য সাধন হইলে ভৃত্যের প্রয়োজন করে না, এ জন্য ইহাদিগের এ দশা—গহুর মৃত দেহে পূরিত থাকাতে দে স্থলে ছুৰ্গন্ধ হইয়াছিল এবং তাহা হইতে ছুৰ্গন্ধ ভাব বহিষ্কৃত হইতেছিল বিশেষ তাহাতে এই বিকট দৃ**খ্য কে টে^{*} ্কতে পারে। স্থতরাং রাজপু**ত্র সে স্থান হইতে ত্বরায় প্রস্থান করিতে বাধ্য হই**-**লেন। শীর্ণদেহী অন্তরে বিশ্রাম করিতে ছিলেন, এ ব্যাপার তিনি চক্ষেও দেখেন নাই। দেখিলে কি নিস্তার ছিল? একে ক্ষীণ, অস্থি চর্ম্ম সার; मिथिता मूर्क्श भन्न रहेगा भक्षत्र भारेरजन मत्मर নাই, তাঁহার অন্তর ধুক ধুক করিয়াছিল—দেহ ধরু প্লর কম্পাবিত হইয়াছিল—তাঁহার অধিক শঙ্কা এই, পাছে গহার হইতে ভূত যোনি উত্থিত হইরা জাহাকে আক্রমণ করে। কিন্তু করুণ।

তাঁহার দে শক্ষা দুরীকরণ করিল এবং তিনি সকরুণে কহিতে লাগিলেন—' হায়। কি লোচন-নিপীড়ক ব্যাপার দেখি! আহা! ইহাদিণের মধ্যে কত রাজপুত্রই ছিলেন—কত বিপুল ঐশ্ব-ব্যাধিকারীই ছিলেন। কি পরিতাপ—এখন रेरोफिटभेत कि एमा ! এখন रेरोफिटभेत म রাজ্যই কোথায়! ধনই কোথায়! প্রিয় বান্ধবগণ কোপায়! দেই অমূল্য রাজাসন কোপায়!—হায়! ভোমরা এখন ধরাদনশায়ী! ছে পথভ্রমী পথিক রাজি! কুরক্রিণী হইতে তোমাদিণের এ ভূর্দশা, কিন্তু তোমরা কেহ তাহার অনিষ্ট করিতে[°] পা**র** নাই, তোমাদিগকেই বা কি বলিব বুঝি যমও তাহাকে ভয় করেন।" নলিনীকান্ত ইত্যাদি विनया गीर्नेट्रिश इंख भारत करिया शलायदन অগ্রসর হইলেন। স্বন্প ছূরবর্ত্তী হইলে পূর্ব্ব **मिक क्रेय** इक्जिम वर्ग थात्रग कतिल—स्मिमिनी স্থাংশুর বিমলাংশুবিহীনা হওনানম্ভর দিনমণীর তেকোরশ্মি–ৰূপ শুক্লাম্বর পরিধান করণে প্রস্তুত हरेलन। हिनमनी अञ्चल सिहिनीत अना जारी রশ্মি বিতরণ করিতে ছিলেন, অধুনা সে ভাগ जिमित्रमग्र कतिया तथारतारंग शुक्क जातेण्डार्य कितन वर्गार्थनोर्थ छेमग्रीवल हुए। अवलयन कति-लन। किमीरी शिहीर धेर ममस अमरश

পুপাবতী ভুরুই আপন আপন মাধুর্যাতা প্রকাশ করিতেছিল, পুজোপরি নিহার পতিত হই-বাতে পুষ্পাসমূহ আরও শোভা ধারণ করিয়া-ছিল—বোধ হয় যেন মুক্তাবলীতে বিভূষিত হই-য়াছে; সমীরণ মন্দ মন্দ সঞ্চারিত হইয়া পুল্প-সৌরভ বিস্তার করিছেছিল; বায়ুচরের। স্থরস-ময় ধনী করিতেছিল ৷ সেই গিরী তলে নবীন, শ্বামল,মেঘরাজি শৃত্বকাবিদ্ধ হইয়া বিরাজ করাতে গিরীটা কমনীয় ৰূপ-মাধূরী-সংযুত হইয়াছিল,
দৃশুমনোহর ময়ুর ময়ুরী, আহ্লাদে গদাদ-চিত্ত
হইয়া—কামে বিমোহিত হইয়া, রুদরক্ষে নৃত্য করিতেছিল—কোন স্থানে বকসমূহ সেই নীরদকে বিলোকন করিয়া ভ্রুভিমুখ গমনে হৃদয় শীভল করণাশয়ে শ্রেণীবদ্ধ হইয়া চলিল—বকের প্র-মোদ নিরীক্ষণে সভৃষ্ণ চাতকেরা ভৃষ্ণা নিবারণ কারণ সদস্ভোষে উর্দ্ধওষ্ঠ হওতঃ আশার ফলপ্রদ জলধরের নিকটে যাইতে ছিল—মনোহর প্রাতঃ-कालित 🛍 पिथिया कूत्रक कुलित हर्सित चात দীমা নাই,তাহারা ক্রীড়ারুরাণে মগ্ন হইয়া কেলী করিয়া বেড়াইতে ছিল—ুযেন কেশ বিন্যাশিত রমণীয় শুক্ল কেদরে সজ্জিত ছাগদমূহ চরণ করিতে ছিল। হিমালয় ক্রোড়ে এক প্রকার বেণু রক্ষ আছে, পূর্বতন কবিয়াণ তাহার গুণাণু-

কীর্ত্তন ক্রিয়াছেন, সেই বেণু প্রন সহযোগে স্রসপূর্ণ শন্ শন্ ধনি-ৰূপ গান করিতে ছিল। নলিনীকান্ত এমত সময়ে পলায়ন করিতেছেন, কিন্তু এমন মনোহর, স্থময়, সময়ে তাঁহার মনো-तक्षन रहेल ना। यमिछ शृह, পরিজনাদি তাঁহার অন্তরে জাগরুক রহিয়াছে, যদিও তিনি তাহাদি-গের জন্য কুরঙ্গিণীকে পরিবজ্জ ন করিয়া আসি-গ্লাছেন, তথাপি তিনি দেই কামিনীর প্রেমানু-রাগ বিশ্বত হয়েন নাই, তাঁহার স্মারণ-পথে ভদীর প্রেমালিকণ বিরাজমানা রহিয়াছে।— িতনি কুরঙ্গিণীর প্রেমের দ্বারায় আকর্ষিত হই-লেন—চলৎশক্তি রহিত হইলেন। প্রেমশক্তি তাঁহাকে উপবনের অভিমুখে আকর্ষণ করিল, তাহাতে তিনি সেই দিকে পুনঃ গমন করণে বাধ্য হইলেন—কুরঞ্চিণীর উপবনে পুনঃ প্রবেশ করি-বার উপক্রম করেন, প্রণয় ও স্নেহ ভাঁহাকে আকর্ষণ করিল, তাহাতে তাঁহার গৃহের বিষয় শারণ হইল। নলিনীকান্ত কিঞ্চিৎ পশ্চাতে আদেন, প্রেমাকর্ষক ভাঁহাকে টানিতে লাগিল। अग्राकर शैनवली श्रेट कन, म नलिनी-কান্তকে রাজবাটীতে আনিবার জন্য কল প্রকাশ করিতে ক্রটি করিল না। উভয় স্থাক-র্বক উভয় দিক হইতে আকর্ষণ করিলে রাজ-

কুমার উভয়ের মধ্যবর্তী রহিলেন, কাণ কাল কোন দিগে যাইতে পারিলেননা, তাহাতে তিনি দাতিশয় মিুয়মানা হইলেন এবং অচল পদার্থের ন্যায় অচল হইলেন। তাঁহাকে গ্রহণ করিবার জন্য উভয়ে যৎপরোনান্তি চেফা ও শক্তি ক্ষয় क्तिल। व्यवस्थि धानशाकर्यक विक्रशी श्रेल। প্রেমাকর্ষক পরাজিত হইয়া অন্তর্গত তুঃখানলে দগ্ধ হইয়া কাতর স্বরে কুরঙ্গিণীর আত্রয় প্রার্থ-না করিলেক।—" কুরুক্ত ে! আমাকে রক্ষা কর, আমি তোমাকে এত কাল আত্ময় করিয়া বছ দস্তোগ ভোগ করিয়াছি, তুমি এক্ষণে আমাকে व्यवस्टल পরিভ্যাগ করিও না। রক্ষাকর! রক্ষাকর " প্রেমাকর্ষক এবস্থাকার নানা প্রকার থেদ করিতেছে—নলিনীকান্ত বিষয় অন্তরে পর্বতের পন্থা ক্রমশঃ অতিক্রম করিতেছেন এমত সময়ে শীর্ণদেহী সাতিশয় ক্লান্ত প্রযুক্ত নলিনীকান্তকে বিশ্রাম স্থল অন্বেষণ করিতে অনুরোধ করিলেন—দৃষ্ট হইল কিয়ৎ অন্তরে করেক পর্ণশালা রহিয়াছে। নলিনীকান্ত দেই স্থল বিশ্রাম স্থল স্থির করিয়া শীর্ণদেখীর সমন্তি-वार्शित महे पिरक ठलिएन धवुर कर्गस्टर তথায় উপনীত হইলেন। উপনীত হইয়া দেখেন পর্ণকৃটীরসমূহ দীর্ঘাকার ভয়ক্ষর অসভ্য

জাতির দারায় নিবাসিত হইয়াছে—যাইবা মাত্র তাহার। তাঁহাদিগকে অভ্যর্থনা করিয়া বিশ্রাম করিতে বলিল, কিন্তু তাহাদিগের ভাষা অভিনব কপে, অনুমানে আচার, ব্যবহারে বোধ হয় তাহার। ফ্লেছ। নলিনীকান্ত তাহাদিগের মনোগত ভাব কেবল ইঙ্গিতে বুঝিয়া শীর্ণ-দেহীর সহিত তাহাদিগের গৃহে বিশ্রাম করিতে লাগিলেন।

দশম অধ্যায়।

কুরঙ্গিণী নলিনীকান্তের অন্বেষণার্থ ইতন্ততঃ ভ্রমণ করেন—হিমসাগরেক অকাল স্তত্য ।

এ দিকে কুরক্সিণী রজনীযোগে হিমসাগরের
মন হরণ করিয়া তাঁহাকে "চাতরে" ফেলিতে
ঘৎপরোনান্তি সাধ্যসাধনা করিলেন, তথাপি
আপন আশা-তরু ফলবতী করিতে পারিলেন না।
অবশেষে হতাশা হইয়া তদীয় পাছে শয়ন
করিলেন। ক্রমে ক্রমে রজনী বিগতা হইল
এবং আঘাতিত প্রহরীর বিলাপজনক স্বর তাঁহার
কর্ণাস্কুড় হইল। পরে অন্য প্রহরী ও সহচরীগণের স্বর ঐ স্বরের পশ্চাৎ গম্ম করিল, তিলি
উনিতে পাইলেন—অমনি কটিতি গাতোপান
পুরঃমর দ্বারে তালিকা সংলগ্ধ করিয়া তত্ত্বামু-

সন্ধানার্থ বহির্দেশে গমন করিলেন—দেখিলেন, সন্মুখে আঘাতিত প্রহরী পড়িয়া চীৎকার করি-তেছে—"এর কারৰ কি, আঘাতিত কেন?" তিনি ঐ ভূমিস্থ প্রহরীকে জিজ্ঞাসা করিলেন।

" আর ঠাকুরাণি। দেখেন কি, নলিনীকান্ত হণতেই আমার এই ফুর্দ্দশ।" প্রহরীটী কাতরে এবপ্রকার উত্তর করিল।

"নলিনীকান্ত। নৈ কি!' গল্পৰ্ক ছহিতা অক্চৰ্য্যে অভিভূতা হইয়া এ পৰ্য্যন্ত বলিলেন, কিন্তু বলিয়াই দন্দিহানা হইলেন।

" হাঁ রাজপুত্র নলিনীকান্তই আমার এই দশা ঘটাইয়াছেন—ভাগ্ৰপছেন কি, তিনি কি আর হেখায় আছেন।" আঘাতিত একপ সাংঘাতিক উত্তর প্রদান করিলেক।

"সর্বাশ কি শুনি! এঁ নলিনীকান্ত এখানে নাই—ওমা কি হ'ল" বলিয়া বিলাপ করিতে লাগিলেন। তদনন্তর স্থির হইয়া প্রহরীকে তৎ রম্ভান্ত কহিতে বলিলেন।

প্রহরী কুরঙ্গিণীকে রঙ্গনী সংঘটিত তাবৎ বিবরণ অবগতি করিল।

কুরক্রিণী নলিনীকান্ত, অধিকন্ত শীর্ণদেহীর পলায়ন সংবাদ শুনিয়া একেবারে অধীরা হই-লেন—ক্সং খুন্য দেখিলেন, তথাপি কৌশল চাতুরী নিযুক্তের অপেক্ষা করে, অতএব তিনি দঙ্গিনীগণকে নিকটে ডাকিয়া কহিলেন, "দথি! চল একবার প্রতি, কাননাদি খুজিয়া দেখি।"

কুরক্সিণী পর্বতে উঠিলেন—ইতন্ততঃ অমুদক্ষান করিলেন—' প্রাণবল্লভ কোথায়—নলিদীকান্ত কোথায়! পর্বতেও যে দেখিতে পাইতেছি না;—

গন্ধর্ম কন্যা বিশেষ অন্নেষ্ণের পর নলিনী-কাস্তকে পর্বাতে না দেখিতে পাইয়া সকপট কাতর স্বারে কহিতে লাগিলেন—

"নাথ! অভাগিনীর প্রতি কি এমুন নিদয়
হ'তে হয় হে! তুমি কি আমার সঙ্গে ব্যক্ত করিভেছ ? কোথায় লুকাইয়া আছ ? দেখা দেহ—
প্রাণ রাথ!—কোথা গেলে! কোথা গেলে—
অনন্তর কুরঙ্গিণী কুমারের উদ্দেশে সকাতরে
গান করিতে লাগিলেন;—

[রাগিণী—ললিত। তাল—আড়াঠেকা।]

"যামিনী বিগতা হ'ল কোথা গেলে গুণুমনি!

ছঃখিনী, তাপিনী, হয়ে ছঃথে বঞ্চি একাকিনী!

নিশাকর কর হীনে

•কুমুদী কি বাঁচে প্রাণে!

সদা পোড়ে মনাগুণে

বিচ্ছেদেতে অনাথিনী।

মুদিল স্থাপের ফুল্প বিকশিন্ত না রহিল, অভিমানে প্রাণে ম'ল, প্রফুলিতা সরোজিনী ৷ পড়ি আকুল-সাগরে মরি হে ব্যাকুল-নীরে! কুলে ক্লাথ প্রাণামারে! কাতরে ডাকে কামিনী ৷ নাগর আনহ তরী সাগরেতে ত্বা করি! নহিলে যে প্রাণে মরি

হয়ে চির বিরহিণী!"

কুরক্লিণী বিলাপছলে নলিনীকান্তের উদ্দেশে
গান করিলেন—নামা স্থান অন্তেষণ করিলেন,
কিন্তু নলিনীকান্তকে কোথায়ও দেখিতে পাইলেন না—অবশেষে অতি মুানা হইয়া উপবনে
কিরিয়া আদিলেন। তিনি নলিনীকান্তের প্রত্যাশা একেবারে পরিত্যাগ করিয়া ব্যাকুল-বিহ্বলা
হইলেন—তাঁহার অন্য কোন উপায় নাই, হিনসাগর হইতে তাঁহার প্রেম-সাগর উপলিবার
কোন সন্তব নাই। হিমসাগর নিতান্ত নিদারণ
তিনি ভাল জানেন—তথাপি চেন্টার আবশ্যক
হরে, প্রথম চেন্টায় মনোর্থ পূর্ণনা হইলে হতাশ
হওয়া উচিত নয়—আরো চেন্টা করা বিধেয়,
অতএব তিনি এক কুল হারাইয়া, অন্য কুল

হিতাৰ্থী নয় জানিয়াও দেই কুল প্ৰাপ্ত হইবার চেষ্টা করিলেন। এক কুলে বঞ্চিতা হওনে যে পরিতাপ উৎপন্ন হইয়াছিল কুরঞ্চিণী সেই পরি-তাপ বিমোচন করিবার নিমিত্ত হিম্সাগর-কুলে উত্তীর্ণ হইবার উপক্রম করিলেন—হিমসাগরের নিকটে গেলেন—ভাঁহার মন ভুলাইতে বিবিধ কাতরোক্তি, যুক্তি, করিলেন, কিন্তু হিমসাগরে ব্লহৎ ব্লহৎ তরঙ্গ উঠিবাতে তিনি আর " ধই " পাইলেন না, প্ৰবল স্ৰোতে তাঁহাকে ভাগাইয়া লইয়া গেল। হিমদাগর নলিনীকান্তের পলায়-নের বিষয়ক সম্যক অবগত আছেন—প্রাতঃ-কালে আঘাতি প্রহরী কুরঙ্গিণীকে যাহা বলিয়া-ছিল এবং তাহা শুনিয়া তিনি যাহা যাহা করিয়া-ছিলেন (অর্থাৎ পর্ব্বত অন্বেষণাদি) হিমসাগর বাতায়ন হইতে সে সকলই দেখিয়াছেন, অতএব তজ্জন্য তাঁহার আরো শংসম জন্মিয়াছে এবং কুরঙ্গিণীর যে প্রকৃত প্রকৃতি, রীভি, চরিত্র, এখন তিনি ভাল জানিয়াছেন।

প্রোণনাথ! আমার প্রতি এত নিদারণ
কেন? রসিক তুমি কি রসের জলে ভাস নাই—
রসিকার প্রেমে মজ নাই। ওহে তুমি কি এতই
ভদ্ধ—কথন কি প্রেমিকা জনের ডালিম ধর নাই
ভালিম গাছের কাছে বেঁস নাই। ভোমার

বটে য়দি এ সব না বটিয়া থাকে তবে তোমাকে ধিক্। ছিছি! অবদিকের সঙ্গে কি রসরঙ্গ ক'রব। যে মানুষের দেহে প্রেম নাই সে মানুষই নয়—গশুদিগেরও তো প্রেম আছে ভাই, ভা'রাও ভোভাই "লট ঘট করে" করেঁ—যদিও ভাহাদিশার প্রেম এক জনের সঙ্গে থাকে না ভবু তাংরা প্রেমের শুণ ভো জানে।" কুরঙ্গিণী রঙ্গভঙ্গে হিমসাগরকে একপ্রকার বাক্চতুরালিতে ফেলিয়া ভাঁহাকে ভুলাইতে আর একবার যত্ন করিলেন, কিন্তু হিমসাগর ভুলিলেন না, বরঞ্চ রুফ্ট হইয়া প্রতি বাক্য প্রদান করিলেন—

"আমি ললনার ছলনায় ভুলিনা। ও ললনে! কেন স্থালাতন কর, তোমার চাতুরালী-জলে কি আমি পা দিব, কথন এমন মনেও কংর না। ছেড়ে দেহ প্রাণে বাঁচি——"

"মেনা থাব না বংললে বাঁচি—ওমা কোথায় যাংব—এ আন্ত অজ্ঞানটা কোথায় ছিল। আমি ছুর্জনা নারী, তাই আমার ঘটে এমন যোটে। গন্ধক কন্যা হিম্মাগরকে একপ ব্যঙ্গ করিলেন তাহাতে হিম্মাগর সাতিশয় রাগান্বিত হইয় কুর্কশ স্বরে কহিলেন—

"ব্যক্তিচারিণি! দূর দূর! পাপীয়সি! তোর এত আস্পর্জা, কুলে কলক দিয়া বদিয়াছিদ্ ভোকে ধিক্! মদনকে ধিক্!—আমি চণল্লাম্ণ —এই বলিয়া বেগে পলায়নে ধাৰমান হইলেন।

"ওকি, ওকি,—ও প্রহরী ধর্ ধর — হিম
গাগর পলার শীঘ্র ধর — " কুরন্সিণী চীৎকার

করতঃ সকলকে সচকিত করিলেন। প্রহরীরা

অমনি তৎপর হইয়া অবিলয়ে হিম্যাগরের

হস্তাকর্ষণ করিল। হিম্যাগর এখন জালের

কপোত হইলেন, পলায়ন করিবার তাঁহার আর

পন্থ। রহিল না—পরিত্রাণেরও কোন উপায়

রহিল না। কামিনী সতেজে আদিয়া তাঁহাকে

ধরিলেন—তাঁহাকে অলিক ভর্মণা করিয়া

জিজ্ঞাসিলেন—" এখন তুমি আমার বশ

হণতে চাহ কি না স্পেইবল, নহিলে কৃতান্ত্রকে

আনিব।"

"যথন তোণর হাতে পড়িণছি তথন আমার নিস্তার নাই ভাল জানি। একটাকে তো এত দিন মৃতকণ্প-প্রায় করিয়াছিলি—আর এক জনকে তো "জুজু বানাইয়াছিলি"—তাহাদি-গের কপালের বড় জোর তাই এ যম পুরি হণতে উদ্ধার হইয়াছে—আমি এ সব র্স্তান্ত কি জানি না—আমি সব শুনিয়াছি—"

" একটাকে তো এত দিন মৃতকম্প-প্রায় করিয়াছিলি—সার এক জনকে তো়ে " জুজু বানাইয়া " ছিলি।" হিমসাগর এই হৃদয়ভেদী
অথচ ন্যাব্য বাক্যাবলি প্রকাশ করিবাতে কুরক্লিণী স্বতরাং ক্রোধে অভিভূতা হইলেন; একে
নলিনীকান্ত বিরহ, তাহাতে নলিনীকান্ত সহ
শীর্ণদেহীর পলায়ন ইহাতে যে তিনি প্রজলিতকোপনা হইবেন বিচিত্র কি! তিনি কর্কশ দীঘ
স্বরে হিমসাগরকে প্রতিবচন প্রদান করিলেন;
—"তোকেও "জুলু বানাব" পর্বত-পিঞ্জরে
রাগ্ধব—অনেক যুর্বণা দিয়া শেষে যুনের বাটী
পাঠাগব।

हिमनागत श्रवायकः महाहाती श्रयुक व्यमहानतिगी कामिनीत व्यमक्षनीय क्रवहन श्रवत्न, जाहात व्यक्ति क्रव्यम् मन्दर्गत, जाहा मञ्च कत्रत्व क्रव्यम् मन्दर्गत, जाहा मञ्च कत्रत्व व्यक्ति व्यमहिक् हहेया, वाञ्च्छानभूना हहेया, त्रात्य कम्प्रमान-कत्नवत्र हहेया, कहित्नन,—"त्र व्यम्पत्ति कृष्णातिगी! जूहे वातः वात कि एक कतःहिम्, वातः वात कि व्या त्रिशां कि एक कतःहिम्, वातः वात कि व्या त्रिशां क्रिम्, जानिम् ना
भूक्षय व्यव्यक्ति, वाभि कर्णात त्रक्ववर्ग हक्त्र्र्व व्याप्तका श्रवत्न, वाभि कि त्यात त्रक्ववर्ग हक्त्र्र्व व्यापाति व्यापाति क्रव्यक्ति, क्रवी वर्णा ताक्वव्यत्य वाभात क्रव्य, वाभि क्रीणा त्रमृगीत वर्ण हं व ना जात्क व्या करत्न, कि क्न्न-त्योत्नव कन्नक्ष्वकर्त्व। वाश्वास वाश्वास वाश्विकाति।"

অগ্নি তো স্বভাবতঃ তেজস্বী তাহাতে মৃত এদান করিলে তাহার তেজ উত্তরোত্তর বুদ্ধি হইয়া, নৈকট্য যে কোন পদার্থ নামে ধাবমান হয়, কুরঞ্চিণী হিমসাগরের এই সকল বার্ত্তা শুনিয়া তৎৰূপ হইলেন এবং আৱক্ত নয়নে অন-ীর্গল কর্কশ শ্লেষোক্তি করিয়া তাঁহাকে সংহার করণে তৎপরা হইলেন, কিন্তু ব্যভিচারিণীদি-গের মন পাওয়া ভার, তাহাদিগের মুখে বিষ থাকিলেও হৃদয়ে অমৃত ব্লাথিতে পারে, অথবা কার্য্যান্তরে আপন সাধনীয় সাধনার্থ হৃদয়ে বিষ থাকিলেও মুখে অমিয়া প্রকাশ করে। কুরঙ্গিণীর মুখে বিষ বটে, কিন্তু হৃদয়ে এখনও কামাশা-নিবারণ-ৰূপ সন্তোষ আছে, তাঁহার উপস্থিত ভাবে অনায়াশে নাশোদ্যত ভাব প্ৰকাশ হুই-তেছে বটে,—মনে সে ভাব যে স্থানাভাবে বিভাব হইয়াছে তাহা আবার এক লোচনাতীত, অনু-মান-বহির্গত ভাব। স্বেচ্ছাচারিণীর স্বভাব এই-ৰপ বটে। যাহা হউক, কুরঙ্গিণী হিমসাগরের প্রতি ঈদুশী আক্ষালন করিয়া তাঁহার বাছ দ্বয় সবলে আকর্ষণ করতঃ তাঁহাকে এক গৃহ মধ্যে বন্দী করিলেন।

অনন্তর ক্রীমে ক্রমে ভগবান্ মরীচিমালী পশ্চি-মাচল আ্রোহণ করিলে, নিশিথিনী সমাগতা

र्रेश প্रकाममाना र्रेल। निनी একে क्रकांक्रिनी তাহাতে তাহার সম্ভতি তিমির, আবার সেই তিমিরের নাশসাধক যে পদার্থ তাহার বিরহে, দৃশ্যমান বস্তুসমস্ত মলিন দেখাইবে বিচিত্র কি ? ষ্লান্তরে বর্ণিত হইরাছে, পূর্ব্ব রজনীতে নডো-মণ্ডল মেখাশ্রয় করে বর্ত্তমানা রঙ্গনীতে সে মেখ चारता मर्कनमील रहेशा, द्रेषट द्रिके उँ९१ छि করিয়াছিল, অতএক দিক্ সকল সহজেই ভীষণা-কার হইয়াছিল। ইদৃশী বোর নিশীতে মানব, পশু, পক্ষি, জীব মাত্রেই আচ্ছাদন অবলয়ন कतियाहि,—"काकचा शतित्वमनः " नकत्नरे নিস্তক, জগৎ " শ্ম্যময়" বোধ হইতেছে— मर्पा क्वल वाशुत " एव एव" नक, इचित " इत् ছর " नय, त्यत्वत जीक गर्जन। अमन ममत्य যদি কোন পাস্থ পথ ভ্রান্ত হয় তাহা হইলে তাহার নিতান্ত বিপদ বিনা আর উদ্ধারের উপায় নাই, সাহায্যের প্রত্যাশা নাই, অবস্থানের স্থান নাই। নিশীর এৰপ বিক্লত গতি; সেই বিক্লত, গতি অবলম্বন করিয়া নিশী বাড়িতেছে—কুর-ঙ্গিণী আপন গৃহে শয়ন করিয়া আছেন, হিম্না-গৰ অন্য গৃহে वन्ही আছেন, এমন সময়ে কুর हि-ণীর গৃহ দার মোচন হইল এবং একটা কামিনী करत अक्शामि कत्रवान महेशा उपजासत हहेर

বহিষ্কৃত। হইলেন। কামিনীর অন্তর ভাব অনু ভাবে প্রতীভ হয়, তিনি অন্তরে কোন বিষয়ে "দৃঢ় প্রতিজ্ঞা হইয়াছেন, তাঁহার মনে একবার সম্ভোষ, একবার রোষ বিদ্যমান হইতেছৈ। কুর-ঙ্গিণী কি এই কামিনী, এ দোর মামিনীযোগে 🏚কাকিনী তিনিই এৰপ অপৰপ ৰূপ ধারণে স্থময় নিজা, ও সডোগ শ্যা পরিবর্জন করিয়া গৃহাভ্যন্তর হইতে অন্তর হইয়াছেন ? দেখ, দেখ, मिट्टे ललना, शिमगांगरतत वन्ती गृह बांत छेन्वा हैन করিয়া তম্মধ্যে প্রবেশ করিলেন এবং প্রবেশ রিয়া দারাভ্যন্তর রুদ্ধ করিলেন। হিমসাগর ন্দী হইয়াও পলায়নের পন্থা অন্বেষণ করিতে-ছিলেন, কিন্তু রাজতনয়, স্থথের শরীর, স্বতএব, যামিনী বয়োধিকা হইলে নিজা আসিয়া ভাঁহাকে আকর্ষণ করিল—স্থতরাং তিনি এখন নিদ্রিত রহিয়াছেন। হে বীর পুরুষ! তোমার অদুষ্টে অদ্য কি ভয়াবহ দণ্ড পতিত হইবে। তুমি বন অকুতভয়ে নিজা যাইতেছ, কিন্তু অবিলয়ে य कि विशार श्रेट कान ना। शत्र ! धर्माध्यत्र করিয়াও মন্ত্র্যা কি এমত গার্হিত দণ্ডার্হ হইবে?

কুর জিণী বন্দী গৃহ মধ্যে প্রবেশ করিয়া হিন্দ দাগরের পার্টেশ্ব শয়ন করিলেন। হিন্দাগর অচেতন, কিন্তু চেতন বস্তু স্পর্শ হইলে অচেতন ভঙ্গ হয়, অতএব কুরঞ্জিণীর শরীর তৎ শরীর
স্পর্শ করিলে তিনি সচকিত হইলেন। কিন্তু
নয়ন-পথে সেই ছঃশীলা, লম্পট স্বভাব হন্তারিকা-কপ্রারিণীকে দেখিবা মাত্র তিনি একেবারে প্রাণাশায় হ্তাশা হ্ইলেন ফলে তাঁহার
সাহস তিরোহিত হইল না, অতএব তিনি সসাহসে কহিলেন—

ও তুই কি দাহদে পর পুরুষের অঙ্গ স্পর্শ করিন্?''

"প্রাণনাথ! কেনু আরজালাতন কর, তোমাকে প্রাণ, মন, সকল সঁপিলাম, তবুও রাগ?
মিষ্ট কথার কত সাধ্যমাধনা কংবলাম, চক্ষু জলে
ভাংসলাম, বিরহে মংজলাম, প্রেমাণ্ডণে জংললাম, হাতে পর্যান্ত ধংবলাম, পারে পর্যান্ত পংড়লাম, তবু ভোমার মনের ভাব পাই না। হেঁহে
তুমি কি রসিকতা কংব ছ না কি, অবলা সরলার
কাছে এত নাট কেন হে? এ কি চমৎকার ভাব?
এ ভাবের যে ভাব পাই না ভাই। উঠ, উঠ,
প্রাণ, এস মনের স্থথে ভোমার আলিক্ষণ করি।
যাং হংক্ ভাল লিলা টা থেংললে। এখন ঘাট
মধনি, ক্ষমা কর—" কুরক্ষিণী রসরক্ষে এতাবমাত্র কহিলে, হিমসাগর দৃঢ় প্রতিজ্ঞ হইরা
মৃহাভ্যন্তর হইতে বেগে পলায়ন করিতে যত্ন

পাইলেন,—তৎক্ষণাৎ বিপদে পতিত এবং কুরদ্বিণীর হস্তগত। কুরন্দিণী বরাবিত তড়িতের
গতি ধারণে ন্যায়, হিমসাগরকে ধরিলেন
এবং করন্থ করবাল উত্তোলন করিয়া সরোবে ও
গর্কে কহিলেন,—"আজি আমার হাতে তোমার
নাণ, হয় সেই প্রাণ অস্ত্রে সমর্পণ কর—নয়
প্রেমে রাখ—অস্ত্রে মরণ—প্রেমে স্থুখ, এই ভাল
স্থান—এই আমার শেষ কথা, প্রাণ যে দিকে লয়
প্রাণ সেই দিকে সঁপ।"

কুরঙ্গিণী সরোবে ইত্যাদি শক্ষোচিত বাক্য বৈনির্গত করিলে হিমমাগর জীবনাশা নিতান্ত ট্রাগ করিলেন, উপস্থিত মৃত্যু স্থির করিলেন, নে কণ্পনা করিলেন, "কি করি! উপায়হীন, লোয়নের এত চেক্টা করিয়া কোন প্রকারে ক্ত— ার্য্য হণলাম না, কিন্তু ক্ষত্রি জাতি, বীর সন্তান ইয়া ক্ষীণা বেশ্চার হল্তে মরণও অপমানের ব্যর, আমার কি এ দশাও হণবে? না না, এই হৈর ঐ বাতায়ন পথ থোলা রহিয়াছে দেখি— ভছি, লক্ষ্য দিয়া সতেজে ঐথান দিয়া পড়া তিক, কিন্তু পণ্ড লে কি হণবে পণ্ড লেও তো রণ, কলে সেমরণ সাহসিক মরণ অতএব বীরের বিধ্য বলিতে হইবে, বিশার হন্তে জীবন সম-

র্পণের অপেক্ষা ভাল—গৌরবও আছে। কিন্তু হে ধর্ম্ম ! আমি এখনও—এমত অবস্থায়ও তোমাকে 🗄 আশ্রয় করিয়া আছি তাহাতে আমার এই বিপদ, মহা পাপী জগতে "তরে গেল" এই মহা পাত্কিনী সাক্ষাতেই মুর্ত্তিমানা, তবে সাধনার ফল অবগ্র হয়, ভাল আমি তো এখন আর এক জগতে চংললাম, দেখানে কি আমার এসব যন্ত্রণা ঘণ্ট্বে, বোধ হয় না তো। হে ধর্ম্ম! বোধ-হয় যেন তুমিই আমাকে সে হলে ডাংক্ছ, তবে व्यापि योहे, हैं। व्यवश्च योग्वं वहे विलया, मा-হসে ভর দিয়া, হিম্সাগর দ্রুত বেগে বাতায়ত্র ই পথ হইতে বাহিরে পড়িলেন। প্রতনের সহিত মরণ আদিয়া তাঁহাকে পরলোকে লইয়া গেল। कूल कलक्किनी कूतक्रिगी मिज्जिको हरेगा রহিলেন।

একাদশ অধ্যায়।

স্লেচ্ছদিগের দারায় নলিনীকাস্তের বসন, ভূষণ অপহরণ—শীর্ণদেহীর ইতিহাস—তাঁহারা কাশ্মীর রাজ্যে আদেন।

পূর্বে উল্লেখিত হইমাছে, নূলিনীকান্ত ও শীর্ণদেহী মুেচ্ছদিণের পর্ণশালায় বিশ্রাম জন্য অবস্থিতি করেন, কিন্তু তথায় কিয়ৎক্ষণ থাকিয়া

দেখেন কুটিরের স্থানে স্থানে ধনুর্বাণ ও টার্ঙ্গী প্রভৃতি অস্ত্র রহিয়াছে—এক হানে অপূর্ব শিল্প নির্মিত, স্বর্ণ মণ্ডিত, বছ মূল্য প্রস্তারে সজ্জিত, রাজবেশ আছে। নলিনীকান্ত সন্দি-শ্বমনাঃ হইলেন, ভাবিলেন, 'স্কলক্ষণ দেখি না, ইহারা দস্ত্য নিঃসন্দেহ, নহিলে এ অস্ত্র রহিবে কেন ? আছা মানিলাম, এ সকল অস্ত্র সিকার জন্য এবং অসভ্য জাতিরা মিকার ব্যবসামী, কিন্তু এই যেরাজবেশ এ বেশ এন্থলে কিমতে আসিল ৷ ইহাতে ইহাদিগকে দস্ত্য বিনা কি বোধ হইবে।" অনন্তর ক্ষণেক চিন্তা করিয়া— े 'অহো! সে দিন হিম্মাগর আমাদিগের নিকটে পর্ব্বতোপরি সাহায্য লইতে দৌড়িয়া আসিতে ছিলেন"—" হায় হিমসাগর! তুমি এখন কোথায়, ভোমার ঘটে কি ঘটে বুঝিতে পারি না, তুমি তো আমাদিণের মত লম্পট নহ, অতএব— দে যাহা হউক, ইহারাই নিশ্চয় হিমদাগরের ⁵বসন, ভূষণ হরণ করে। তবে এস্থানে থাকা উচিত নয়, পলায়ন, পলায়ন, পলায়নই উদ্ধা-রের উপায়, কিন্তু ছলে পলায়ন করি!"

যুবরাজ একপ ভাবিতেছেন ইত্যবদরে পত্তে পূর্ণ বন্য ফল এবং দগ্ধ মৃগ মাংস লইয়া জনেক দস্য তাঁহার সন্মুখীন্ করিল। সন্দিহান্ হইলে

সন্দেহ উত্তরেভির রুদ্ধি হইয়া নানা বিষয়ে ব্যাপিত হয়, অতএব নলিনীকান্ত আনিত ফল ভক্ষণ করিলেন না, ইঙ্গিতে জানাইলেন তাঁহারা ভোজন করিয়া আদিয়াছেন। অনন্তর ক্লুতজ্ঞতা ভাবে অসভ্য জাভির নিকটে বিদায় লয়েন— অসভ্যেরা তাঁহাকে বিদায় দেয়না এবং ফল ভক্ষণে অনুরোধ করে—তিনি তাহাতে অনি-চ্ছুক হইলে তাহারা ভাব ভঙ্গীতে রোঘে প্রকা-শ করে ফলনা গ্রহণ করিলে তাহারা তুই হইবে না—নলিনীকান্তের সন্দেহ জন্মিয়াছে, সে সন্দে-হ ভঞ্জন না করিলে দন্দেহযুক্ত বস্ত গ্রহণী^{নি ই} रम्र ना, जिनि मत्निर ज्ञान वित्रह कलाश्वामतन সুতরাং বিরত হইলেন—এতমধ্যে বাদাসুবাদ প্রদক্ষ হইল, এবং বাদানুবাদ হইতে কলছ রোষের উৎপত্তি হইল আবার কলহাভিলা্ধী -দেই বাদাসুবাদ অন্বেষণ করে, এহেতু অসভ্যেরা निनीकार इत जेशरत अर्कवारत '' ज्विया" উঠিল, তাহারা তাঁহার পরিচ্ছদ ধরিয়া টানিতে লাগিল, এবং তিনি তাহাদিগকে ভয় প্রদর্শন করিলে তাহারা স্বচ্ছনেদ তাঁহার বসন ভুষণ कां जिल्ला लहेल, जि.न मुनन वहरन भी नेटहरीत म-হিত তাহাদিণের পর্ণকৃটীর হইতে বহির্গত **इहरलन।**

নলিনীকান্ত তৎপরে পর্বাত অতিক্রম করিতে
লাগিলেন এবং পর্বাত পথে শীর্ণদেহীকে কহিলেন, দেশ্ব আজি কি বিপদ, যদি বা কুর জিণীর
মায়া উপবন হইতে পলাইলাম তবুও নিস্তার
নাই, প্রেমের দশাই এই, ৯ , পিপ্তরে পা দিয়া
পিপ্তর হ'তে বাহির হ'লেও স্বাচ্ছন্দ নাই, পদে
পদে শক্ষট। হায় রে প্রেম! এ প্রেমে কেনই
বা "মজে" ছিলাম, প্রেম "থর্পরে পড়ে" মর্বানা উপস্থিত।"

শীর্ণদেহী উত্তর করিলেন, ভাই তুমি তবুও প্রেমের নিগুড় ভোগ, ভোগ কর নাই, এড দিন তো প্রেমের মোহন. ভোগ, কিয়া মোহন-ভোগ ভোগ ক'র ছিলে, আমি নিগুড় ভোগ এক প্রকার ভোগ করি'ছি এখও জানি না প্রে-মের শক্তি এখনও কি ভোগে ফেলে।—

> প্রেমের কি ভোগ তুমি তুমিয়াছ ভাই? সে ভোগ কিঞ্ছিৎ আমি দেখি হে সদাই, এমন ভোগের ভোগ প্রথিবীতে নাই।

প্রথমে যথন প্রাণ সঁপিল্লান প্রেমে, নব নব স্থধারদ পাই ক্রমে ক্রমে, উল্লাসে কাটাই কাল রস রঙ্গ ভরে রাজ রাজেশ্বর আমি ভাবিরা অন্তরে। ইতর কামিনী পেলে কায় নাহি ভূলি, শ্যা শুরু বলি ভার লই পদ ধূলি। সে ভাক বিভাব হয়, ভাবিয়া বিকল, সে নারী আবার পাতে চাডরের কল। শ্রেমের উৎপত্তি যদি পদ ধূলি হয়, লাথি বিনা সেই প্রেম কভু শেষ নয়, স্থায়ী ছাড়া জিলা প্রেম আনিয়া ঘটায়, ধন যায়, মান যায়, ঘটে মহা দায়। স্থানাল হইয়া সিংহে পদাঘাত করে নিগ্রহ পাইয়া ব্যান্দ্রস্থা হাতে মরে। প্রেমের এ পতি স্থা, প্রেমের এ গতি, সাবাস, সাবাস প্রেম ভোমারে প্রণতি!

নলিনীকান্ত প্রতি বচন প্রদানে কহিলের, ভাই ষথার্থ বটে, প্রেমের এরপ বিচলিত ' স্থটি ছাড়া" গতি বটে, কিন্তু আমরা কি নির্বোধ, আমাদিগকে ধিক, রাজ বংশে জন্মিয়া আমাদিগের প্রবৃত্তি কি অধংগামী। হায়! সে সব কথা বলিতে লক্ষা পাই, প্রেমেতে প্রবৃত্ত হইয়া বাল্যকাল হ'তে কত জঘন্য, ঘৃণাবহ কর্ম্ম ক'রিছি, কি না সহি'ছি, কত অযোগ্য কথা কহি'ছি।
সে সব স্মরণ হ'লে লক্ষায় অভিভূত হই;—

যথন প্রেমের ডোরে বান্ধিলাম প্রাণ, কত ক্রেশ সহি, আর কত অপমান। স্থানীর্ঘা যামিনীকালে প্রেম রস আশে, কচুবনে স্থাথ বঞ্চি কামিনীর পাশে, নিদ্রো নাই, ভয় নাই, কোন দায় নাই, পুলকে পুরিয়া দিই প্রেমের দোহাই, কত বা প্রেমের রঙ্গ কতই বা নাট কুল কলঙ্কিনীর বা কত শত ঠাট ; শস্তুর বাটীতে আমি থাকি কোন দিন অপরূপ লীলা দেখে ছুঃখে দেহ ক্ষীণ।

বিপ্রহর নিশা কালে পরিহাস কুতৃহলে, রাজ্ঞাদানে রাজার কোটাল, রাজ কনা লয়ে পাশে, প্রেম তরঙ্গেতে ভাসে, একি ভোগ ভোগে নিশাপাল? হায়! বিধি প্রেম রীত, একি দেখি বিপরীত! সে নারী আমার হয় শালী। প্রেমের প্রবৃত্তি এই, প্রমাধিনী হয় যেই, সহজে সতাত্ত্বে দেয় কালি।

ভাই প্রেমের এই গতি—প্রেমের এই প্রবৃত্তি, অভএব প্রেমের কথা আরুর কেন কহ,—এগন জিজ্ঞাসা করি, তুমি তো এক জন প্রেমের দারে দারী, তোমার প্রেম কোথা হ'তে আরম্ভ হ'ল ? তুমি কোন্রাজ বংশ উজ্জল করিয়াছ, অনুগ্রহ প্রকাশে তোমার পরিচয় প্রকাশ কর ?"

শীর্ণদেহী তদনুসারে পশ্চাতে আপন পরি-চয় সংক্ষেপে প্রদান করিলেন;—

বক্ষো! যথন তুমি আমার এবং আমার প্রে-মের পরিচয় জিজ্ঞাস্থ হইলে তোমার এত্ত্তিম-য়িক আশা পরিতৃপ্ত করণ জন্য আমি অভি সংক্ষেপে তৎ বিবরণ প্রকটন করিব। এই দুখ্যমান হিমালয় শৈলাভ্যন্তরে নেপাল নামে

মহা স্থময়ী রাজ্য আছে, তথাকার শান্তশীলা উদার-চরিত্র, নরেশ্বর হেমন্ত, স্থভাদৃষ্ট ক্রমে আমার জনক। পিতার প্রতাপে চরাচর শশস্ক্রিত, তথাপি তাঁহার প্রজাবাৎসল্য ও হিতৈষিতা, গুণে, প্রজামগুলি রাজামুগত হইয়া স্বাচ্চন্দ সম্যোগ করিতেছে। পিতার শাসনের স্থপ্র-ণালী, ও স্থনিয়ম-হারাবলী, অতি চমৎকারিণী, তাঁহার গৌরবের প্রতিভা সর্বদিক্ ব্যাপনশীলা ছইয়াছে। শাসনের গুণ গান কি করিব, নেপালে চৌর্য্য ভয় নাই, ব্যভিচার দোষ নাই। হৃদয়ে **দক্ষপ্প করু, চৌ**র্য্যব্রন্তি হইতে কত ছুর্ভ্রণা জীব দিন দিন রাজদণ্ডগ্রস্থ হইয়া লোকের দৃষ্টিপথে হেয় ও বিষাক্ত বস্তু সদৃশী ত্যঙ্গ্য হইয়াছে, চৌর **হইতে অপহৃ**ত ব্যক্তি^{নিরর্থক অর্থ বিরহী হইয়া} মনস্তাপ কত সহেন। দেখ দেখি, ব্যভিচার হইতে কত দোষ বর্দ্ধিষ্ হয়, ধরা পাপে ভারাক্রাস্তা হয়; তাহার অমুগমন করিয়া অর্থ নাশই বা কত, অপমানের দীনা থাকে না,—হায় দেখ দেখি আমাদিগের দশাই বা তাহা হইতে কিদৃশী ৰুষন্য ভাবাপন্ন! আমরা রাজবংশধর, কালক্রমে ভূধর হইবে, কিন্তু ব্যভিচার-ঐক্রজালিক জালে জড়িভুত হইয়া কি ঘূণিত, দৈন্য, দশায় অভি-ভুত হইয়াছি। হে ভাই! আমরা যে রাজ্যেশ্বর

হইয়। বিপুল রাজ্য সম্পদ ভোগী হইব, কুল গৌরব রক্ষা করিব, এখন আমাদিগের এ আশা-কে অবহেলে বিদর্জ্জন দিয়াছি হৃদয়ঙ্গদ হয়। কিন্তু ঈদৃশী মায়া-ৰূপণী ব্যভিচার নরেন্দ্রের ব্যবস্থা-পরিপাটী, ও প্রতাপ-দোর্দণ্ডে নেপাল হইতে মুয়মানে তিরোহিতা হইয়াছে। পালে চৌরব্বন্তি ও ব্যভিচারের ভীরু দণ্ড, প্রাণ দণ্ড। কথন বা ব্যভিচারিণীদিগের নাশাচ্ছেদ করিয়া তাহাদিগকে দেশ হইতে আজ্বের মত দূরীকরণ করা হয়। আহা! সেই জমভূমি নেপালের ৰূপ-মাধূরির ব্যাখ্যাই কি বিচিত্র !— দে সকল পশ্চাতে থাক্, **আমি নেপালেশ্বর** হেমন্তাত্মজ, রসিক রঞ্জন নাম ধারণ করি, এই নামি আমার সর্বানোর মূল। এই নাম পিতার এক কৌতুক-প্রিয় প্রিয় বন্ধু প্রদান করেন, নামটা প্রেমের নাম, আমার প্রেম আমার নাম হইতে সমুৎপন্ন হয়। নবীন যৌবনে অধিকারী হইয়া আমি একদা প্রবাসান্ত্রাগ বশতঃ বুটান রাজ্যে উপস্থিত হইলাম। তথাকার রাজা আ-মার পিতার সধা, অতএব তিনি আমাকে সম্মেহে গ্রহণ করিয়া প্রবাস বাস বার্তা অবণে কুতুহলা-ক্রান্ত হইয়া তাঁহার উদ্যানে বাস স্থান দিলেন, ভথায় দিন-কতিপয় সময়াতিপাত করি, একদা

বায়ু দেবনে স্বতন্ত্র হইয়া উদ্যানের তব্ধ, লতাকীৰ্ণ সহত্র রশ্মির রশ্মিশুন্য, এক বিজন স্থানে উপ-বেশন করিয়া উদ্যানের শোভা বিলোকনে নেত্রা-নন্দ বর্দ্ধন করিতেছি, ইত্যবসরে বিমল রূপ প্রতিভার শজ্জিতা, গলে কুস্থম মালাধারিণী, ऋ ला हना, अक ललना मन्यू शीन अक मरतावरत হস্তস্থ পুষ্প-পূর্ণ পুষ্পাধার সলিলে দিজন করি-ল। কলহংস পৃত্মিনীদলে বিরাজিত হইলে তাহার যেমন শোভা জাজলামান্ হয়, এ ললনা সরোবর জলে পুষ্পাধার সিজন করিলে তাহার শোভা তদ্ৰপ-প্ৰায় হইয়াছিল। কুস্থমগুলি জলে শিক্ত হইলে সরোবর হইতে উঠিবার কালে দেই কামিনীর দৃষ্টি আমার প্রতি নিক্ষিপ্ত इरेल, তাহাতে হরিণীকুল ধন্ন-শর-যোজিত-হস্ত ব্যাধকে দেখিলে যেৰূপ ত্ৰস্ত ও উদ্বিগ্নমনা হয় আমি অবিকল হইলাম এবং অনিমেষ লোচচন তৎ প্রতি পূর্ণ দৃষ্টি বিতরণ করিলাম। কামিনী তদনস্তবে নিজ স্থানে প্রস্থান করিল, এবং সন্ধ্যা নিক্টাগতা হইবাতে বিকল মনে আমিও উদ্যান প্ৰাদাদে আদিলাম। ছই তিন দিন একশে কিগত হয়, এবং কামিনী ছুই তিন্ দিন আমার প্রতি বারস্বার দৃষ্টি ক্ষেপ করিয়া স্বস্থানে গমন করে. ইতি মধ্যে সে এক দিন যাত্রা কালীন নিত্য

নিয়মিত পথবাহিনী না হইয়া আমার নিকটে উপস্থিতা হইল।——

> মরালের গতি ধরি সে কামিনী আসিল, কম্পানান নিতমেতে কি বাহার সাজিল !—

পরে, মৃত্ মৃত্ কম্পিত স্বরে, বিন্মু ভাবভঙ্গী

নরে, আমার পরিচয় জিজ্ঞাসিল। আমি তখন
অতি ধীরপ্রকৃতি ছিলাম, অতএব অকপট আস্থা-সহাস্থ্যে "রসিক রঞ্জন" আত্ম নামের এই
পরিচয় দিবা মাত্র, রুমণী রহস্থে অমনি গলিতা
হইল এবং প্রেম ভাব প্রকটনে হাসিতে হাসিতে
পরিহাসস্থাক এই বচন বিনির্গত করিল;——

"মরি মরি আপ্নার কি রসময় নামটী! আছা শুনিয়া মন্টা যেন জুড়াল, "রসিক রঞ্জন" এক রসিকেই রক্ষা নাই তাংতে আবার রঞ্জন!"

পরস্তু আমি সহাস্ত্য বদনে ও অকপটে আমার পরিচয় রসিক রঞ্জন নামে প্রদান করাতেই
ঐ কানিনী এত সাহসী হইয়া এতাবৎ কহিয়া
ছিল, কারণ তাহাতে আমার সরলাস্তঃকরণ ও
রসভাব প্রকাশ পাইয়া ছিল, নহিলে সে হাব
ভাবে এ বচনগুলি প্রকটন করিত না, কেন,না সে
রাজ বংশোভবা নয়—বুটান রাজ ছহিতার সন্তঃ—
মী সযোনী মাত্র। তাহার অভিলাষ ছিল, রাজকন্যার সহিত আমার পরিণয় ষ্টায়, কিস্কু

আমার মিফ ভাষে ভুলিয়া অকুতোভরে দে
আপনিই আমার প্রেমে পড়িল। সে ষেত্রপ
ইউক, যেন তান, লয়, সমন্বিত তাহার ঈষৎ
কম্পমান মধুময় বচন আমার কর্ণাকর্ষণ করিয়া
মনাধিকার করিল, আমি প্রথমে এবং এইবারে
প্রেম ভাব অমুভব করিলাম—একেবারে প্রেমবিহলে ইইলাম—উত্তর দিতে আর বিলয় সহিল
না, অমনি উঠিয়া তাহাকে ধরিলাম। লজ্জা
নাই—ভয় নাই—মান, অপমান, জ্ঞান নাই—
আমার চতুর্দ্ধিকে যেন কেহ নাই, প্রেমই ষেন
আছে, চতুর্দ্ধিকে যেন প্রেমময়;—

প্রেমেতে হ^ইয়া মন্ত সদা করি প্রেম তত্ত্ব, কুতুহলে নিজ কায় ক্রমে প্রেম সাধিল !

বাজিল প্রেমের ডক্কা, ভাতে মনে নাই শঙ্কা, প্রেম, প্রেম, করে প্রেম প্রাণামার বিধিল।

W7.--

কি মজা ঘটায় প্রেম, কি মজা ঘটায়, মজাল, মজিল কত ঠেকি প্রেম-দায়। তান, লয়, মান, প্রেমে বর্ত্তমান।

> প্রেমেতে প্রেমিক হই, লাখি, ঝাঁটা কত দই;

প্রেম জলে দিই থই,
পুলকে ভাগিয়া রই।

এমন মজার প্রেমে
প্রাণ, মন, দঁপি ক্রমে,
ভুলিব না কভু ভ্রমে স্থারস তাহাতে,
ধন, প্রাণ, মন, হরে
কত শত মজা করে,
পরিহাস হাব ভাবে, রসরঙ্গে মজাতে।

এই ভাবের ভাবী হইয়া আমি সেই মহিলাকে ধরিয়া প্রেমের চুড়ান্ত স্থুখ ভোগ করিলাম, ব্যসনের শেষ রাখিলাম না; কার্য্য দিদ্ধি
হইলে উপবন প্রাসাদে আসিলাম।

প্রেম ক্রমে ক্রমে 'বাড়ে বই কমে না' এবং প্রেমের ভোগ ' ফুরায় না' কারণ তাহার শেষ নাই। অতএব আমার প্রেম তদবধি 'গুল্জার' হইল, প্রবাদ বাদামুরাগ ভাব বি ভাব ঘটনা উপস্থিত করিল—স্বালয়ের প্রতি আর মন রহিল না, প্রেম-ব্রতে ব্রতী হইয়া আমি কেবল প্রেম তত্ত্ব অন্বেষণ করি—উদ্যানে গাকি—কামিনীর দহিত উদ্যানে বিহার করি। লক্ষ্যা, মানাপমান জ্ঞান না থাকিলে নীচবুদ্ধি হইতে হয় এবং উচ্চ আশা, সৎপ্রেমন থাকে না; সৎপ্রেমন না থাকিলে কুপ্রগামী হইডে হয়, কুপথগানী হইলে অপমান সহিতে হয়।
আমি বুটান রাজতনয়ার সহচরীর প্রেমে পড়িয়া
বুটানে কিয়ৎকাল রসাবেশে তাহার সঙ্গে বিহার
করিলে তদ্বার্ত্তা কালক্রমে বুটান রাজের কর্ণগোচ ইইল, তিনি আমার লাম্পট্য দূরীকরণ
জন্য আমাকে উপদেশ দিতে কতিপয় জ্ঞানী
ব্যক্তিকে আমার নিকটে পাঠাইলেন, কিছ
প্রেম "চাগ্লে" উপদেশে কি করে, স্ক্তরা
আমার মন, তাহাদিগের উপদেশ-পণ্
চলিল না।

অনন্তর বুটানরাজ আমার নিকটে এক দি আদিয়া কহিলেন, বৎস! আমার নিয়ত ইচ্ছা, ভোমাদিগকে দর্মাদাই সাক্ষাতে রাখিয়া প্রণঃ মনোল্লাদে বাদ করি, কিন্তু তুমি রাজতনয়, দীর্ঘ-কাল প্রবাদ বাদী হওয়া জ্ঞাতি, বন্ধুর মত নয়, রাজকার্য্য পর্যালোচনা করা—রাজনীতি অনুশী-লম করা, তোমার সাধনীয় হইয়াছে। বৎস! তুমি অজ্ঞানী নও, অতএব আমি তোমাকে কি বুমাইব, যাহা কর্ত্ব্য কর।

বুটানরাজ এবস্প্রকার কহিলে আমি অতিশয় কক্ষিত হইলাম, তৎ রাজ্যে দীর্ঘকাল বাস করা অবিধেয় স্থির করিলাম—আমাকে তৎকালে প্রেমে জলাঞ্জলি দিতে হইল—আমি অগ্রী

ছান্তরে বুটানরাজ্য পরিবর্জন করিলাম—স্বদেশে আসিলাম। কিন্তু স্বদেশে আসিয়া আমার মুন উচাটনে কেমন দগ্ধ হইতে লাগিল, প্রেম বিরহে দিন দিন ম্লান হইতে লাগিলাম। মন প্রবাদ পথে ধাৰমান হইল এবং আমি প্ৰমোদেশে দেশে দেশে ভ্রমণ-তৎপর হইয়া কীমথ্যায় উত্তীর্ণ হই-লাম। হিন্দু জাতি বিশেষের এই সংস্কার আছে. কামখ্যা অপূর্ব্ব রমণীনিকরের দ্বারায় পূরিতা। ঐ রমণীরা মায়া বিদ্যায় স্থনিপুণা অবহেলে হাব ভাবে পুরুষের মন হরণ করে। তাহারা অতি-রেক কামস্বতন্ত্রা। বিশেষতঃ কামথ্যায় পুরু-ষের সংখ্যা স্বস্প হইবাতে বিদেশী তদেশে গমন করিলেই তাহারা তাহাকে মায়াবদ্ধ করিয়া রাথে এবং সাহার দক্ষে প্রেমালাপে বাস করে, কিস্তু তাহাকে আরু দেশে আদিতে দেয় না। কামখ্যায় কামৰূপার এক যোনিযন্ত আছে, স্ত্রী यमन मगरत मगरत तक्षत्रला रत्र कामथारापी তজ্ৰপ হইয়া থাকেন, লোক ৫ মুথাৎ আমি ইত্যাদি প্রকার আশ্চর্য্য বিবরণ শুনিয়া কাম-খ্যায় তদত্বেষণ জন্য গিয়াছিলাম। তথায় গিয়া আমি প্রথমে কামৰূপার আকার দর্শন 🝨 করিলাম, দেখিলাম, তিনি যথার্থ যোনিবৎ এবং তিনি সময়ে সময়ে যথার্থ ঋতুমতী হয়েন। পর্ব্ব–

তের নির্বর, সীতাকুণ্ডু, প্রভৃতি ষেমন পৃথিবী মধ্যে আশ্চৰ্য্য বস্তু, কামৰূপাও ভজ্ঞপ বলিতে ইইবে। যাহা হউক, আমি তথায় কিয়ৎকাল অবস্থান করিয়া মহানন্দে ছিলাম, তথাকার 🖟 কামিনীগণ অদামাক্র লাবণ্যবতী বটে, অধি-काःरम वाजिनातिनाउ वटने। দিন-কতিপয় তথায় থাকিলে এক ললনা পরিচর্য্যাকারিণীৰূপে व्यामात निकटि हिला। ये ललना रेपना हिल, কিন্তু তাহার ৰূপের কথা কি কহিব—পলকে মন হরণ করে—আমি সেই নবীনার প্রেমে পড়িলাম —সংসার মায়া ভুলিলাম—ধর্ম কর্মে জলাঞ্চলি দিলাম—তাহার সঙ্গে রুমরক্ষে দীর্ঘকাল রহি-লাম। কামখ্যা যে কালে ব্যভিচারিণীরাঞ্চিতে পূরিতা তথন এক হংতে প্রেমাশা "মেটে না"— থ্রেম-ব্রতও উজ্জাপন হয় না, স্থতরাং আরো ছুই একটা রক্ষিণী "জুটিল।" তাংরাই আমার **সর্ব্বস্থ** এই মনে করি—প্রেমালাপে কাল হরি। রক্সিণীরা কেবলমাত্র রক্সিণী নয়, ব'ল্লে প্রত্যয় যাংবে না, তাহারা আমার এমন শুক্রাবা করিতে লাগিল যে, ৰূপ, দূরে থাকুক তাহাদিগের সেই ক্তশ্রমা দেখিয়াই আমার মন ভুলিল। বুঝ ভাই मर्म तूब, नवीन योवतन व्यक्तिको इहेको तम्रा রমণীকে দেখিলে কোন্সাধুনা মোহিত হন্?

ভাণতে আবার সে রমণী সহাস্ত-বিষ্ণেতে বাক্যা-নাপ—শুক্রাষা, করিলে কে না তাহার প্রেমে অনুরক্ত হয়—স্কুতরাং আমার পূর্ব্বোক্ত তাব শুক্রষাকারিণী, পরিচর্য্যাকারিণীদিনের হইতে উদ্ভব হইল, শেষ কালে স্থান হ'ল, যে দেশে আসা ভার হ'ল, কিন্তু 🚾 জার হ'ক্ণ জন্ম ভূমি—জনক জননী, পৌরজনের প্রতি কাণ্র '' টান'' নাই ? আর মন্তুষ্যের চির<mark>কাল এক ৰূপ</mark> অবস্থা প্রিয় নয়, প্রেম বটে, কিন্তু প্রেমে কে চির্-কাল শরীর ''ঢালে'' বল, অতএব আমি দীর্ঘ-কাল প্রেম ভোগে কেমন বিরক্ত হইলাম, প্রেম দচরাচর বস্তুর মধ্যে গণিলাম—**প্রেমকে** আর অলৌকিক, অপৰূপ-ৰূপে জ্ঞান করিলাম না। কিন্তু কামিনীরা ছা'ড়বে কেন, তাহাদিগের যত্ন বাড়িল, কেহ "পা টেপে, কেহ গা টেপে, কেহ মাথা টেপে, কেহ গায়ে হাত বুলায়, দেগিয়া '' অবাক্" হ'লাম '' তাহাদিগের ভাব্টা বুঝি-লাম—আমারও দশাও বুঝিলাম—"ছেড়ে দে মা কেঁদে বাঁচি " "দম সম" দিয়া কত **"** পাকে প্রকারে" কামধ্যায় একটা নমস্কার করিয়া তথা হইতে প্রস্থান করিলাম। দেশে আসিলাম-কিছু দিন থাকি—পিতা বিভাট গণিলেন— সার ছাড়েন না—আমি যেন কোথায়ও না যাই-

្ន

তে পারি এরপ উপায় করিলেন—কিন্তু উপায় করিলে কি হ'বে আমার মন কেমন ভ্রমণে ও প্র বাস বাসে রত নিতান্ত ইচ্ছা হইল প্রবাসে যাই ইতিমধ্যে একদা পিতা আমাকে সঙ্গে করিয় মৃগয়া করিতে এক বিপীনে গেলেন। পিত মৃগয়া করিতেছেন, আমিও মৃগয়া করিতেছি এমত সময়ে আমি এক স্থানে গিয়া দেখি, বিপী-নে মানবের গমনাগমনের দ্বারায় এক পথ রহি-ষাছে, আমি দেই পথ অবলম্বন করিয়া কিয়দ্দু ? ষাই, যাইতে যাইতে দেখি, বিপীন ক্রমে ক্রফ পরিক্ষীণ, নিবীড় ব্লুকাকীর্ণ নয়—আব্রো গিয় বোধ হইল, নিকটে এক গ্রাম আছে, আফি দেই গ্রামে উত্তীর্ণ হইলাম। পিতা আমাকে অবশ্য অন্বেষণ করিয়াছিলেন এবং আমার তত্ত্ব না পাইয়া অবশু মন সন্তাপে বাটী গিয়াছিলেন সে যাহা হউক, আমি সে দিবস সে গ্রামে থাকি-য়া প্রদিবদ অন্য গ্রামে গেলাম, এই ৰূপে কভ গ্রাম—কত রাজ্য, ভ্রমণ করি, অবশেষে কুরঞ্চি-ণীর মায়াময় নিকুঞ্জে আদিলাম। কার্য্য সাধন যোগ্য হ'লেই লোক অপরের প্রিয় হয়, আমি उथन कुतकिगीत तम लीला माध्रतां भरयां गर ছিলাম, স্থতরাং কুরঙ্গিণীর প্রিয়পাত প্রেম-ভাজন হইয়া রসরজে তাহার সঙ্গে কত দিন

দ্বিতীয় রাদবিহার করি—কুরঙ্গিণী আমাকে বড় ভালবাদেন—আমার রদিক রঞ্জন, প্রাণনাথ, বলেন—আমার আহার না হইলে ''জল গ্রহণ্ণ করেন না। কতই মজা করি—কুরঞ্গি**ীর সঙ্গে** কৌতুকে, প্রেমালাপে, কুণ্ডি, এমন সময়ে কি চিন্তা উপস্থিত হ'ল, ভগবান যেন দিবা জ্ঞান দিলেন। তথন আমার পূর্ব্ব ভাব "ঘুরে" গেল, कांनिलांग धन, गांन, शतिकन, विमर्क्कन फिश्ना এক সামান্য ভ্রম্টা কামিনীর কপট প্রণয়ে নিবন্ধ থাকা উচিত নয়—এক বিষয় দেখিয়া আরো মন "চ'ট্ল" দেখি না কুরঙ্গিণীর আর একটী নকল অৰ্দ্ধাঙ্গ জুটিয়াছে, কুইঙ্গিণী তাহাকে এক স্বতস্ত্ৰ গৃহে গুপ্ত ভাবে রাপিয়াছেন, অধিক রাত্রে আমার পাশ্ব হইতে উঠিয়া গিয়া তাহার দঙ্গে প্রেম কেলী হয়। কিছু দিন গত হয়, আমি আর দেখানে থাকিবনা, বাটী ঘাইব কুরঙ্গিণীকে বলি—কুরঙ্গিণী তাহাতে সম্মতা হননা, আমাতক তাঁহার অন্নদাস মত হইয়া থাকিতে বছবিধ আকিঞ্চন করেন—আমি তাহ। শুনি না এবং যত দিন বাড়ে তত অগ্রাহ্ম করি। শান্ত কৃথায় জগদীশ্বরীর অনুমতি না পাইয়া, ক্রমে ''দপ্তমেণ' উঠিলাম,—ঁরাগ সম্বরণ কি হয়, রাগেতে তাঁহা-কে ''ষা ইচ্ছা তাই'' বলিলাম। তাহাতে ডিনি

ক্রোধ-প্রস্থালিতা হইয়া আমার নিগ্রহ করি-তে উদ্যত হইলেন, পুরাত্ন গুড়ে কি আর রস থাকে, আমার সঙ্গে তাঁহার বহুদিনের প্রেমা-লাপ, কিন্তু প্রেম পুরাতন হ'লে আর ভাল नारा ना, विरम्य, कुन्न त्थरात मात्र्य जू'हेतन তা'চটেই! কুরঙ্গিণী তথন হূতন প্রেমের মানুষ পাইয়াছেন, আর কি আমায় চায়! প্রেম চ'টল, মন চ টল—আমি কুরঙ্গিণীর অধীন, কুরঞ্গিণী আমার আধীনা নয়, তা'র তথন একাদশ রুহ-স্পতি, অতএব দে আমাকে বিশেষ দণ্ড দিল, অবশেষে শৈলী কারাগারে রাখিল। আমি কত কাল কত যন্ত্রণা সহি,মর্ম্ম বেথায় অস্থি চর্ম্ম দার হয়—কুরঞ্জিণীর কত নট উপস্থিত হয়— কত নট যদালয় যায়—অবশেষে তোমাতে ঠে'ক্ল-ভুমি কুরঙ্গিণীকে ফাঁকি দিয়া সাধুৰ প্রকাশে আমাকে উদ্ধার কর। এই আমার ঞ্জেমের ইতিহাস।

ছাদশ অধ্যায়।

নলিনীকান্ত ও রুসিক রঞ্জন হিমালয় পর্মত পথ উপক্রেমন করিয়া কাশ্মীর রাজ্যে উপস্থিত হন—সরোবর তটে তিনটা রাজ সহচরীর সঙ্গে সাক্ষাৎ—মন্ত্রীর আলয়ে গমন—বাজার সহিত সাক্ষাৎ।

নলিনীকান্ত ও রদিক রঞ্জন পূর্ব্ব উল্লেধিত-ৰপ বাক্যালাপ করিতে করিতে হিমালয় পর্ব্ব-তের এক ভাগে উত্তীর্ণ হইয়া দেখিলেন, অদূরে এক অপূর্বা, ব্লহৎ রাজ্য রহিয়াছে, হিমালয়ে তথায় গমনের এক বন্ধ আছে। ইহা প্রতীত হইলে তাঁহারা শৈল হইতে আন্তে আন্তে নামিয়া তদভিমুথে চলিলেন।—ঐ রাজ্যে উত্তীর্ণ হই-লেন, কিন্তু উহা কোন্ রাজ্য তাঁহারা জানেন না, ফলতঃ নলিনীকান্তের পক্ষে ঐ রাজ্য অভিনব রাজ্য নয়, উহার সহিত তাঁহার বহুকাল পরিচয় মাছে, কিন্তু আতপ তাপে তাপিত ও পথ শ্রান্তে প্রান্ত হাইবাতে তাঁহার ভ্রম জিমিয়াছিল। এই সময়ে বেলা অপরাহ্ল-প্রায়—তীক্ষু মরীচিমা-লীর কীরণ ক্রমে ক্রমে নিন্তেজ হইতেছে। রাজ-তনয়েরা পথুশ্রমে গতক্লম হইয়া শ্রান্তি শান্তি क्ना निर्माल श्रिक्ष वाहिशूर्व अक महाविद कुरल মুখোপবেদন পূর্ব্বক এ রাজ্য কোন রাজ্য জা-

নিতে ইচ্চুক হইলেন, ইত্যবসরে কক্ষে কলশ-ধারিণী তলেশের রাজ্ঞীর তিনটী সহচরী কিয়ৎ অন্তরে দণ্ডায়মানা হইয়া পরস্পরে কথোপকথন করিতে লাগিল;—

প্রথম সহচরী। 🏰 দেখ্, দেখ্, দেখ্, ঐটী
ঠিক মহারাজের পুত্র।"

দ্বিতীয় সহচরী। '' দূর লো! তা' হ'লে এমন দশা হ'বে—না না তা'ও তো বটে, কেমন আমার ভোলা মন তিনি যে নিউদ্দেশী, তা'তে এমন দশা হ'বার আশ্চর্য্য কি ? আহা! তা'ই যেন হয়, বৌরাণী ঠাকুরাণী তো পাগলিনী প্রায়, হরি তাঁ'র ভাগোঁকি এই ছিল!"

ভৃতীয় সহচরী। "সত্য বোন! সেই মুখ, সেই নাক, সেই চক্ষু, ঠিক যেন তিনিই—অবাক! কিছুই "তফাৎ" নাই—"মাইরি" লো তিনিই লো!—যদি বল এমন দশা কেন, তা আমি ধরি না—এমন দশা না হ'লে সোণার সংসার ছা'ড়বেন কেন? তাল, ভাল, ভাল, তাই যেন হ'ক্—বৌরাণী মার কি এমন ভাগ্য হ'বে! আহা! অভাগিণীর সোনার অঙ্গ কালি হ'ল!"

প্রথম সহচরী। "তাণ্ট বলি ও মারুবটী কে, কত চিন্তার পর জাণন্লাম তিনিই হংবেন— হউন আর নাই হউন, "নিদেন" তাঁ'র মতন আকারটাও তো বটে—কামিনি! কি বলিদ্?"

দ্বিতীয় সহচরী। "আমিবেদ ব'লতে পারি, তিনিই—অগো! তিনিই বটেন! ভাল, ভাল, "পাকে প্রকারে" জানাই যা'কু না ?"

তৃতীয় দহচরী। "স্বরেশের অনুমান ঠিক্
দিদি! ও বোন কি আশ্চর্য্য কিছুই "তফাৎ"
নাই! হউক আর নাই হউক, পরিচয় নিলে তো
দত্য, মিথ্যা, টের পাওয়া যায়, কিন্তু আমর
কেমন ক'রে পরিচয় লই। স্বরেশ! কি করা¹
যায় বল্ দেখি?"

প্রথম সহচরী। "যদি ভাই আমার কথা শুনিস,তাংহ'লে আকি ঠিক্ ব'লতে পারি ইনি আমাদের রাজপুত্র, বিলয়ে কাষ' নাই, চলং মন্ত্রী মহাশয়কে বলি গিয়া, "দেরী" ক'বলে হ'বে না, জানি কি তুর্ভাগ্য ক্রমে যদি পলান। কেমন উন্নাদিনি! মন্দ বলি'ছি?"

তৃতীয় সহচরী। "না ভাই বেদ পরামর্শ ব'লছিদ্, চল্ ভাই, মন্ত্রীকে বলি গিয়া।"

[রাণিণী—ইমন কল্যান। তাল—আড়াথেমটা গু

চল যাই রণজ বাটাতে আমরা সবে সধী মিলে ! জল তুলে ভাই আয় না ভোরা প্রেমালাপে যাই গোচনল ! রাজপুত্র এসেছেন হেথা, মরি! কি স্কথের কথা, বলি গিয়া মন্ত্রী যথা,

এ সমাচার কুতৃহলে।

রাজ সহচরীরা তদনন্তর সরোবর হইতে জলা-নয়ন পুরঃসর রাজবাটীতে গমন করিল এবং মন্ত্রীকে তাবৎ বিবরণ জ্ঞাত করিল। মন্ত্রী জন কতিপয় রাজ সভাসদ সঙ্গে করিয়া সরোবর তটে আসিলেন।—নলিনীকাস্তের দৃষ্টি তদভি-মুখে পড়িল—তাহাতে নলিনীকান্ত তাঁহাকে পরিচিত জ্ঞান করিলেন, কিন্তু তিনি কে, অথবা তাঁহাকে কোথায় দেখিয়াছেন, নলিনীকান্ত কিছুই নির্ণয় করিতে পারেন না। অনেক চিন্তার পর তাঁহার ভ্রম দূর হইল, তিনি জানিতে পারিলেন, ঐ পরিচিত ব্যক্তি তাঁহার পিতার মন্ত্রী। ফলে ক্রমে তাঁহার ভ্রম একেবারে তিরোহিত হইলে তাঁহার নয়নাথে কাশ্মীর রাজ্য বিরাজ করিতে লাগিল। তথন তিনি আহ্লাদে ক্ষিপ্ত-প্রায় হইয়া এবং মন্ত্রীর নিক-টে গমনোদ্যত হইলেন। মন্ত্রী তাঁহার অন্ত-শ্বাব বুঝিয়া বিলম্ব ব্যতীত তাঁহার সমীপে গিয়া তাঁহাকে যথোচিত অভ্যর্থনা করিনেন। উভয়ে সাতিশয় কুতুহলাক্রান্ত হইলেন, নানা বাক্যা-লাপের উদ্যোগ হইল, কিন্তু মন্ত্রী নলিনীকান্তকে

বাক্যালাপ হইতে ক্ষাস্ত করিয়া তাঁহাকে এবং রুদিক রঞ্জনকে স্ব নিলয়ে লইয়া গেলেন।

মন্ত্রী, রাজপুত্র ও রসিক রঞ্জনকে বাটীতে
লইয়া নিয়া তাঁহাদিগের কুৎদিত বেশ মোচন
করিয়া অপূর্ব্ব বেশ পরাইলেন, অনন্তর আহারীয় দকল প্রস্তুত করিয়া দিলেন। রাজপুত্রেরা
আহার করিলে তিনি তাঁহাদিগের নিউদ্দেশের
রক্তান্ত জিজ্ঞাদা করিলেন—রাজপুত্রেরা দংক্ষেপে তাহা বর্ণন করিলেন।—এমন দময়ে রজনী মলিন বেশে আগতা হইল—মন্ত্রী দে দিবদ
রাজতনয়দিগকে রাজালয়ে লইয়া গেলেন না।

পরে পর দিন প্রত্যুথে তিনি রাজার নিকটে শুভ সংবাদ দিলেন, নলিনীকান্ত স্কুত্ব শরীরে রাজ্যে আসিয়াছেন। লোকের মৃত ন্ত্রী পুত্র পুনর্জীবিত হইলে সে যেমন সন্তোম-বিহ্বল হয় রাজা অনুকাপ হইলেন,—একেবারে হর্ষে অবদারহইলেন, তাঁহার বুক্ ধুক ধুক করিতে লাগিল, তাঁহার অন্তর্ভাব কি, বোঝা ভার—শোক,
কি হর্ষ অনুভব করা ছ্রুফ্রর। যাহা হউক, তিনি
পুত্রের প্রভাগমন বার্ত্তাশ্রবণে পুলোকে নোহিত
হইলেন এবং চতুর্ক্রিণী দৈন্য স্ক্রমজ্জিত করিয়।
বাদ্য কোলাইলে প্রিয় তনমকে গ্রহণ করিতে

অগ্রসর হইলেন। মন্ত্রী অগ্রবর্ত্তি হইয়া, নলিনী-কান্তকে সঙ্গে করিয়া তাঁহাকে রাজ সদনে উপ-স্থিত করিলেন। নলিনীকান্ত পিতৃ সন্দর্শনে আহ্লাদে গদাদ্ চিত্ত হইয়া রাজাকে প্রণিপাত করিলেন। রাজা পুত্র বিরহে সন্তাপিত ছিলেন, তাঁহাকে পাইয়া, আনন্দে মগ্ন হইয়া সম্নেহে আলিঙ্গণ করিলেন। আনন্দের দীমা নাই, উভয়ে এৰূপ উল্লাসিত হইলেন যে ক্ষণকাল কাহারও মুখ হইতে বাক্য প্রকাশ পাইল না, অনেক ফণের পর তাঁহারা পরস্পরে পরস্পরের কুশল বার্ত্তা জিজ্ঞানা দারা প্রীত হইলেন। অনন্তর সকলে রাজবাটীতে গেলেন। রাজপুরে আনন্দ কল্লোল হইল—সকলের নিরানন্দ দূরে গেল—দকলের আত্তে হাফা—দকলের মুথে আনন্দস্হচক বাক্য। পরে রাজা পুত্রকে সঙ্গে করিয়া অন্তঃপুরে গেলেন। অন্তঃপুরম্বিতা অঙ্গনাগণ নলিনীকান্তের আগমন সংবাদ শুনিয়া **কুতূহলে একেবারে উন্নাদিনী হইয়া ছিলেন**। निनीकां प्रकार महिल अतः श्रुद्ध शास्त्र, যিনি যে ভাবে ছিলেন, তিনি সেই ভাবে—সেই বস্ত্রাভরণে, তাঁহাকে স্বরায় দেখিতে আদিলেন। সকলেই যেন আত্ম-বিস্মৃতা, কাহারও যেন 🤆 ল-क्का न्यत्र । । । – निनीकां छ जननीत्क

বিনমে প্রণাম করিলেন এবং চির বিরহিণী প্রেম্বীকে মৃত্ স্বরে সম্তাদিলেন। আত্মীয়বর্গ ওপৌরেরা সকলে একত্রিত হইয়া নলিনীকান্তের প্রতি সম্নেহে অনিমেষ নেত্রে দৃষ্টিক্ষেপ করিতে লাগিলেন—সকলের আনন্দাশ্রু পড়িতে লাগি-ল, যেন পাষাণের মূর্ত্তি তাঁহারা এৰূপ দ্বির ভাবে রহিলেন। অনেক ক্ষণের পরে স্থুখ, ছুঃখ-স্থচক বাক্যালাপ হইতে লাগিল। এই উপস্থিত ঘটনা দেখিয়া কারুণিক ভাবের আবির্ভাব হয়, উপস্থিত রঙ্গ ভূমি যেন করুণাময়। আহা! দেই বিমল ৰূপ-প্ৰতিভায় সজ্জিতা সৰ্ব্বাঙ্গ স্থন্দরী কা-মিনীগণের করুণাভাবে তাঁহারা আরো মাধূর্য্য-বতী হইয়াছেন—অশ্রুদনা হইবাতে তাঁহীদি-গের ৰূপ যেন আরো উজ্বল দেখাইতেছে! কি শোভা!—কি মনোহর দৃশ্য! পৃথিবীর যেন সহস্র সহস্র স্কুখ, সহস্র সহস্র আনন্দ বিরাজমানা !

সে যাহা হউক, নলিনীকান্ত একে একে
সকল গুরুজনকে প্রণাম করিয়া—ভাঁহাদিগকে
যথা বিহিত সন্তাষিয়া, পিতার সঙ্গে রাজ সভায়
আসিলেন। রাজ নিকেতন হর্ষে পরিপূর্ণ,
যেন মহা মাঙ্গলিক ঘটনা ঘটিয়াছে—যেন কোন মহোৎসব উপস্থিত—বদান্য চন্দ্রভীম রাজার কোষাগার এখন মুক্ত হইয়াছে—রাজা প্রিত চিত্তে অনর্গল,দান করিতেছেন। কিয়ৎ কাল এই কাপে স্বথেতে যায়—নলিনীকান্তের নিউদ্দেশ বিবরণ সকলে ক্রমে ক্রমে
অবগত হন। নলিনীকান্ত যে দিবসে রাজবাটীতে
আসেন রসিক রঞ্জন সে দিবস মন্ত্রীর আলয়ে
ছিলেন, রাজার সহিত সে দিবস সাক্ষাৎ অবিথেয় জ্ঞানে তিনি রাজবাটীতে যান নাই। পর
দিন নলিনীকান্ত তাঁহাকে রাজ গোচর করিয়া
তাঁহার নিকটে হৃদয় বক্সু বলিয়া পরিচয় দেন—
রাজা পরম প্রিত হইয়া তাঁহার কুশল জিজ্ঞাসা
করিয়া তাঁহাকে রাজবাটীতে কিয়ৎ দিন রাখিতে
যক্ষ করেন—রসিক রঞ্জন কাশ্মীর রাজালয়ে বিয়ৎকাল থাকেন।

একাদশ অধ্যায়।

সুশীলা—রাজবাটীতে ম্বত্য গীত—রসিক রঞ্জন স্বদেশে গমন করেন।

এক্ষণে আমরা নলিনীকান্তের প্রণয়িণী স্থূশী-লার কিঞ্চিৎ বিবরণ লিখি।

নলিনীকান্ত যে দিবস রাজবাটীতে আদেন, গে দিবস রজনীতে তাঁহার শয়নাগারে প্রণয় সঁম্বন্ধীয় এক কারুণীক ঘটনা ঘটে। তিনি শয়নাগারে উপস্থিত হইয়া ধটার উপর এক অপরূপ ভারাপন্ন পদার্থ দেখেন। গৃহে প্র-

বেশ করিবামাত্র এক বিষয়া, অশ্রুপূর্ণা রমণী তাঁহার নেত্রাধিনী হন। বিষয়া হইয়াও ঐ রমণী স্থবেশা এবং অঙ্গাভরণে বিভূষিতা, তদ্বারায় প্রতীয়সান হয় তাঁহার অন্তরে কেবল পরিতাপোপাখ্যান বিরাজ করিতেছে না—হর্ষও আছে। স্থন্ধ পরিতাপিনী হইলে তাঁহার বেশ এৰূপ হইত না, অবশ্ব মলিন হইত, যৎ কালে হর্ষ আছে, তথন তাহার এক চিহ্ন অবশ্য থাকিবে. অতএব বদন-স্কুচারু ও অঙ্গাভরণ তাহার চিহ্ন। ঐ কামিনী পূর্ণ-যৌবনা, কিন্তু ছুঃখেতে কুষাঙ্গী, তথাপি ৰূপের ছট। এৰূপ মনোহারিণী, যে তাহা অনায়াদে মন হরণ করে। নিশিধিনী খ্যামল মেমপুঞ্জে মলিনা হইলে—মেম হইতে বারি ধারা পভিত হইলে—ভৎকালে স্লুধাংশু বিসল ৰূপ-প্ৰতিভায় প্ৰকাশিলে তিনি যেমন রম্য ছয়েন—মঞ্জল জলদ যেমন তাঁহার ছঃথের চিত্র হয়—রশ্মি হর্বের চিত্র হয়, ঐ ললন। অঞ্-নয়না হইয়া, অন্তরে বিশেষ ভাবোদয় জন্য মধ্যে নধ্যে হাস্থ করাতে, তিনিও তদ্রপ রম্যা হইয়া ছিলেন। নলিনীকান্ত গৃহে প্রবেশ করিলে তাঁহার 'ভূক্ষেপও'' হইল না, তিনি যেন আপন আন্ত-রিক ভাবেই বিহ্বলা—অন্যত্তে যেন মনো₋ यांग नाहे।

ঐ রমণীর নাম স্থশীলা, স্বভাবতঃ তিনি স্থ-🖟 শীলা'ও বটেন, কিন্তু তিনি তুঃখ-বিহ্বলা; ফলে তি. নি প্রেম-বিহ্বলা হইয়া ছুঃখ-বিহ্বলা হইয়াছেন। निनीकां शृरं अदिश कित्रा गर्स-वियापिनी সুশীলাকে দেখিয়া স্তব্ধ হইয়া দাঁড়াইলেন—এক দৃষ্টে তাঁহার ভাব অমুভব করিতে লাগিলেন —ভাঁহার চরণ আর চলে না—তিনি যেন কত দোষাপন্ন বশতঃ সভীত। চরণের ইচ্ছা চলে, কিন্তু মন তাহাকে নিবারণ করে। অনেক ক্ষণের পর তিনি সুশীলার নয়ন গোচার হইলেন—সা-ধ্যা রমণীর আর কি দে ভাব থাকে, তিনি স্ব-মনি সহর্ষে, অশ্রু নয়নে তাঁহাকে অভ্যর্থনা করি তে উঠিলেন।—তাঁহাকে প্রণাম করিলেন— প্রণাম করিয়াই তাঁহার গলে কোমল হস্ত সংলগ্ন করিয়া ভাঁহাকে আলিঙ্গণ করিলেন।

উভয়ের বদন মলিন—নয়নে অশ্রু ধারা, কিন্তু অন্তরে কি পর্য্যন্ত স্বাচ্ছন্দ বলিতে পারি না। আহা! সেই আলুলায়িত-কেশা, সজল লোচমা, ললনা প্রবাস সমাগত কান্তের গলদেশ জড়িয়া আলিঙ্গণ করাতে কি বিচিত্র শোভা •প্রকাশিল!

পতি-পরায়ণা প্রণয়িণীর এ ন্বর্প ভাব দেপিয়া নলিনীকান্ত করুণাত্র হইলেন এবং সম্প্রেহে চুম্বনালিঙ্গণ করিলেন—ভাঁহার নয়নাঞ্চ মোচন করিলেন। অতঃপর সুশীলা করুণা-বিমোহিত বচনে কহিলেন;—

"নাথ! অভাগিণীকে নিরাশ্রিণী করিয়া এত দিন কোথায় ছিলে? প্রিয়! তোমার বিরুহে আমি নিরন্তর অশ্রু 🕏 লে ভাসিতাম—হা হুতাবে প্রাণ দগ্ধ হইয়াছিল—জর্গৎ শূন্যময় দেখিতাম —ঙ্গতে কিছুই স্কুণ নাই অনুভব করিতাম। দিবসে আত্মীয় জনের সহিত বাক্যালাপ করিয়া যদিও যৎকিঞ্চিৎ ছুঃখ মোচন হইত, রাত্রে সে দিগুণ বাড়িত। প্রাণ কান্ত! মর্ম্ম ব্যথার কথা আর কি কব, যে যাতনায় যামিনী যাপন করিতাম তাহার স্পষ্ট চিহ্ন শরীরে বর্ত্তমান আছে। লতা যেমন ভরুর আশ্রয় ভিন্ন স্বচ্ছন্দে থাকে না—পু-ফাঞ্সিণী হয় না, অনাথার গতিও তেমন। প্রাণ! তুমিই কি স্থথে ছিলে, আমার তো কোন মতে বিশ্বাস হয় না, আমার না হউক এই বৃদ্ধ পিতা মাতা—এই অতুল ঐস্বর্যা—গৃহ বা-দের বিপুল স্থুণ সম্ভোগ না করিয়া (শুনিলাম) মলিন বেশে অনেক দেশে ভ্রমণ করিয়া কি তো-মার আহ্লাদ হইয়াছিল? আহা! যিনি বিমল -শয্যায় শর্মীন করেন—কত উপাদেয় আহার করেন—রুথে গমন করেন—প্রিয়তমার পৰিত্র

আলিঙ্গণে বঞ্চেন, তিনি প্রবাদী হইয়া পথ ভ্রমণ করিয়া—ধরাদনে শুইয়া কত কট্টই পাই য়াছেন! না জানি তোমার কত ক্লেশি হইত—পথপ্রমে কত ব্যথা পাইতে—এ কোমল চরণ চলনে কত যাতনা পাইয়াছে—আহা! যথন তুমি মিয়-মানা হইতে তথন তোমা কিন্তু নাথ! দামান্য, অপবিত্র, প্রেমে পাড়িয়া তুমি এত যত্রণা সহিয়াছিলে এ চির স্মরণীয় থাক্রের এবং এই আমার প্রধান মর্ম্ম ব্যথা। তুমি যা কর তাতে আনি বাধা দিতে পারি না, কেন না আনি তোমার অধীনা, কিন্তু এ মনে জানিও কু দিকে গেলেই মনদ ঘতিব।

এই অকপট, সম্নেহ বচন শুনিয়া নলিনীকান্ত আত্ম দোষ স্মরণ করিয়া লক্ষিত হইয়া প্রেয়সীর করে ধরিয়া বিন্যু স্বরে কহিলেন;—

"প্রিয়ে! এমন সাধ্যা দ্রী তোমাকে ফেলিয়া
যথন আমি গিয়াছি তথন পদে পদে যন্ত্রণা
ঘটিবে সন্দেহ কি? আমার পদে পদে দোষও
হইয়াছে, সে জন্য আমি অত্যন্ত খুয় আছি।
আমার অমুরোধে তুমি এ সকল বিশারণ কর।
আমি তোমার যোগ্য পতি নই, তুমি আমার
আরাধ্যারমণী বটা,"

'দে কি নাধ! এমন কথা কহিও না, আমার কি গুণ আছে। তুমি আমার নয়নে সেই মহা গুরু, আমার কাছে তোমার কি অপরাধ আছে, তোমার দোষ থাকিলেও কি তুমি আমার কাছে নির্দোষী, আমার নয়নে তুমি সেই পবিত্র ধ্যেয় বস্তু।"

প্রিয়ে ! তুমি সাধ্যা স্ত্রী, তোমার বচন কখনও
অন্যায় ও অযোগ্য নয়, তাহা শুনিয়া আমার
অন্তর্দাহ শীতল হয়। আমার কত অধর্ম ছিল,
যে তোমাকে ছাড়িয়া স্থানান্তরে গিয়া ছিলাম,
তাহা অমনোযোগ কর। প্রেয়সি ! আমার
দোষ অগ্রাহ্য কর।"

ইত্যাদি ৰূপ কথোপথনে তাঁহারা আমোদ প্রমোদে যামিনী যাপন করিতে লাগিলেন।

নলিনীকান্ত পর দিন রাজ সভাতে উপস্থিত হইলেন। ঐ সময়ে রসিক রঞ্জন রাজার সঙ্গে বাক্যালাপ কুরিতে ছিলেন—রাজা পুত্রকে স-স্নেহে নিজ পাশ্বে বিদাইয়া রাজ্যের নানা সম্বাদ শ্রুবনে কুতৃহলাক্রান্ত হইতে লাগিলেন এবং পারিষদ্ মন্ত্রীকে ডাকিয়া কহিলেন, "নলিনীকান্তের শুভূাগমনে রাজ্যের সম্বাদ স্থেজনক, শুজারা কুশলে স্বাচ্ছন্দ ভোগ করিতেছে! আহা! এতদপেক্ষা আর কি স্থুপ আছে। বিশেষতঃ

অদ্য পূর্ণিমা, আজি কি আনন্দের দিন। আহা। আজি যেন সকলে আনন্দে থাকে। রাজবাটীতে এই রজনীতে আমি নৃত্য গীত দিব তুমি ভা'র উদ্যোগ কর।"

মন্ত্রী বিনীতে তাহাতে স্বীকার প্রদানে গমন করিলেন। এদিকে ক্রমে ক্রমে যেমন দিবাবসান হইতে লাগিল, মন্ত্রী ভেমন রাজবাটী স্থ্যজ্জিত করিতে লাগিলেন। দিবাবদান হ'ল--ইন্ফু-কান্ত প্রকাশিল—স্থুধাকর উঠিলেন—জ্যোতি-ৰূপে, নক্ষত্ৰ-আভরণে সাজিলেন। রাজবাটীতে দীপরাজি সারি সারি সাজিয়া আপনাপন ৰূপ-কান্তি বিস্তার করিল, রাজবাটীতে সকলি যেন भाक्रिलिक ठिड्र-श्टर्यत ठिड्र। ठल्फ श्रीमेटड-ছেন—যামিনী বাড়িতেছে, এমন সময়ে নয়ন কেমন সচঞ্চল হইল—নাট্য শালায় কিসের উত্তল প্রতিভা—নাট্য শালা হঠাৎ রমণীয় '' ঐ দিকে কাহারা সাজিয়া সকলি আলোক-ময়—সকলি পুলকময় করিতেছে! অগো বিদ্যা ধরিগণ! না তোমাদিগকে কি বলিতা সম্বোধন করিব—তোমাদিগের ৰূপেতেই মোহিত হই-লাম—যে ৰূপের প্রভা আমার নয়ন, স্কুষ্ঠিরে দেখিতে পারে না—তথাপি অনুক্ষণ দেখিতে কান্ত হয় না! তোমাদিগের ৰূপ আমার এই

সতৃষ্ণ নয়নে এৰপ অলৌকিকৰপে বৰ্ত্তমান যে তাহা লৌকিকে স্থান পায় না—স্থতরাং মামি ভোমাদিগকৈ স্বৰ্গণিকা স্বৰূপা দেখি! অলো রঞ্জিণিগণ! তোসরা কি আমার মন হরণ করিলে—হরণ করিয়া বড় স্থুপে আছ—বিষ্ণেষ্ঠে মৃতু মৃতু হাসিতেছ—ভাল ভাল এ রঙ্গ ভাল! তোমাদিণের স্থথের সময় হ'ল, আমার নেত্র যে চঞ্চল হ'ল—মন যে কাতর হ'ল।—কি রঙ্গই শিখিয়াছ—এত নাট কিসের জন্যে!'' সেই নাট্যশালায় লাবণ্যবতী নৰ্ত্তকীগণ প্ৰবেশ ক-তে এৰূপ বচন প্ৰকাশ হইল। নৰ্ত্তকীগণ উপ-নীতা হইয়া নর্ত্তনারস্ত করিলে কিয়ৎ বিলয়ে কাশ্মীরাধিপতি নলিনীকান্ত, রসিক রঞ্জন ও পারিষদগণ দক্ষে তথায় উপদ্থিত হইলেন। নাট্যশালার শোভা কেমন! পুষ্প মালা—পুষ্প হারে—পুষ্পচন্দ্রাতপে সজ্জিত হইবায় তাহার 🔊 কি মোহনীয়! হীরকে খচিত, ময়ুর পুচ্ছে শো-ভিত, রৌপ্যে মণ্ডিত রাজ সিংহাসন কি দৃশ্য-মনোহর।

মরি মরি সেই নর্ত্তকীগণ ঠমকে ঠমকে, হেল্লি- . য়া ছুলিয়া কি নাচন নাচিল! কি বাহার! নি-তম্বের কি প্রীতিকর ঢল ঢল গতি! আহা! তাহাদিগের নেত্রাপাক্ষের ভঙ্গিই রা কি মনোহারী। সেই রাজারই বা আনন্দ কত! পুত্র
বিচ্ছেদে তিনি এত দিন সন্তাপী ছিলেন, সেই
পুত্রের আগমনে, বিশেষতঃ সেই উপলক্ষে
দৃত্য গীত হইবাতে তাঁহার অসীম আনন্দ
অবাধে আবিভুতি হইল এবং তিনি সহাস্থ
বদনে সভায় দণ্ডায়মান হইয়া কহিলেন;——

"এই রজনী কি অনির্বাচনীয় স্থেময়ী! আহা!
জ্যোতি-শুক্লাম্বরে বিভূষিত পূর্ণ যৌবনসংযুত
শশী এই নিশিকে কি বিমলা করিয়াছেন!
চতুর্দ্দিকে সকলি নেত্রানন্দময়! আজি যেন
সকলের আনন্দ জন্মায়—যাহার যে তুঃথ আছে
তাহা যেন মোচন হয়।"

রাজার এবস্প্রকার উক্তি শুনিয়া সকলেই তাহার পোষকতা করিলেন এবং আনন্দ ধনি প্রকাশ করিতে লাগিলেন। নর্ত্তকীরা কুতূহলে নাচিতে আরম্ভ করিল এবং তান, লয়, বিশুদ্ধ স্থললিত রাগিণী ভাঁজিতে লাগিল। ক্রিড়া-প্রিয় হংসরাজি সরোবর জলে কেলী করিলে তাহাদিগের গতি যেমন স্থন্দর দেখায় ঐ প্রন্যাঙ্গনাগণ মৃত্ব মৃত্ব চরণ চালনে নৃত্য করাতে তাহাদিগের গতিও অবিকল স্থন্দর ইইয়াছিল। তাহাদিগের নর্ত্তনে সকলেই মোহিত হইয়া

ছিলেন এবং অনিমেষ নয়নে তাহাদিগকৈ দেথিতে ছিলেন, ইতিমধ্যে তমধ্যে এক স্থন্দরী
স্থাধুর স্বরে এই চিন্ত-বিনোদী " সারি গামা"
ইত্যাদি স্বর সমন্তিত গানে সকলকে শৃঙ্গার
রসে আদ্রু করিলেন;——

[রাণিণী বেহাগ। তাল আড়া গেম্টা।]

কোথা গেলে প্রাণনাথ করে পাগলিনী, গেল গেল গেল হেন স্কথের যানিনী '

> এস এস প্রাণধন, গাঁচে তবে এ জীবন, মিহে কেন অকারণ

> > কর অনাথিনী!

এই স্থললিত গানে সকলেই নোহিত হইলেন—রঞ্গিণিগণের ভাব ভঙ্গীতে সকলেই
ভুলিয়া গেলেন। বিশেষতঃ প্রেমিক জনের
প্রেম-বিহরল হইলেন, কিন্তু নলিনীকান্তের
বিহ্বলতা কলের অপেক্ষা প্রগাঢ়, তিনি যে
কি ভাবে আছেন, কি স্থুণ অনুভব করিতেছেন বোঝা ছ্য্কর। তাহার চক্টের পাতা
পড়েনা, স্বৈরিণীগণকে তিনি যেন সোনার
প্রতিমাদে খুছেন। মনে মনে সব ক'রছেন, যেন
কত অলোকিক আন্নদ্ন আছেন। তাহাদিগের

নেত্রাপাঙ্কের ভঙ্গী এবং দোত্বল্যমান নিভয়ের গতি দেখিয়া তাঁহার অঙ্গ শীহরিতেছে, তাঁহার প্রায় স্মরদশা উপস্থিত। যা হ'ক, তিনি এক প্রকার মজার আছেন, কিন্তু দে মজায় কি করে **'' আসল'' কায় না পাইলে তো হয় না,** এজন্য তাঁহার মন বিহারাভিলাবে উদ্বিগ্ন আছে। রঙ্গের রঙ্গিণী হ'লে রঙ্গ বোঝে, অতথব নর্ত্তবী-গণ তাঁহার অঙ্গ প্রত্যক্ষের ভাব ভঙ্গী দেখিয় তাঁহার অন্তর্ভাব জানিতে পারিয়াছে এবং জা-নিয়া তাঁহার দিকে নয়নাপাঞ্চে দেখিতেছে মাবাদ লো স্ত্রী জাতি! তোমরা আবার অবলা! ষাহারদিগের নয়নেতে বিষ আছে—যাহাদিগের জভঙ্গী সাধুকে ১ খুন্স করে, তা'রা আবার <u>ष्यवल!—मतला! त्यम विजात वर्षे! शांत्र त्ला!</u> তোমরা যে কি ৰূপ মায়াৰপিনী-—যাছ্রা কত যাত্রই জান আমার মন নিদর্শন পায় না। মানুষ তো এক " রোগে" মরে, আর এক অব্রে মরে, কিন্তু তোমরা যে কি কৌশলে বিনা অস্ত্রে মার ভাবিয়া ইহার তত্ত্ব পাই না যথন লোকে বলে যাত্ বিদ্যা আছে, মন্ত্র আছে, তথন আমরা উপহাস করিয়া তাহাকে লজ্জিত করি, কিন্তু তোমাদিগের ममरत आमता इञ्छान इहै। शृथिवीत मर्या ভান, লয়, মান, রাগ, রাগিণীর ক্ষমতা তো

অদীন দেখি, কিন্তু সেই রাগিণী প্রভৃতি তোমাদিণের আশ্রম ভিন্ন কমনীয় হয় না, অতএব
ভোমাদিণের ক্ষমতা যে কত বড় তা' ভাবিতে
গোলে তো আর জ্ঞান খাকে না। তোমরা যে
স্বাভাবিক কি মোহিনী বিদ্যাই জান বলিতে
পারি না, অধিক কি বলিব তোমাদিণের পদস্থ
মলের ধনি শুনিলে কোন্ তপস্থীর না যোগ
ভঙ্গ হয় ?

রঙ্গিণীগণকে দেখিয়া নলিনীকান্তের তো মন
অবৈর্য্য, তিনি কুরঙ্গিণীর অত্যাচার দেখিয়াছেন, রিদিক রঞ্জন নিকটে শুনিয়াছেন, রিদিক
রঞ্জনেরও অবস্থা দেখিয়াছেন, কিন্তু শুনিলে
কি হয়—দেখিলে কি হয়—"অবলা দরলা"
স্ত্রীর কাছে মন স্থির কারতে পারলে হয়—তাকি
হ'বার যো আছে! দেই কুরঙ্গিণীই এখন
নধ্যে মধ্যে তাঁহার চিত্যাধিকারিণী হইয়াছেন।
স্ত্রী জাতির এমন ক্ষমতাই বটে!

নলিনীক ত এখন এই ভাবের ভাবী, ইতি
গব্যে, মধ্যে মধ্যে অন্য ব্যাপারও হইতেছে,
কহে ব্যক্তি-প্রতে,ককে তামুল দিতেছে, কেহ

ননের সাথে 'বাহবা বাহবা' ধনি করিতেছে,
কহ শ্রোতাদিগের কুস্কম মালা দিতেছে,
গহার মনে অধিক ভাবেদিয় হওয়াতে গালে

হস্ত দিয়া বসিয়া আছে, কেহ হয় তো আমেদ প্রমোদে দহায়ে বাক্যালাপ করিতেছে, নারী-গণের তান ধনি স্থলান্তরে প্রতিধনি ৰূপে অধিষ্ঠান করিয়া লয় পাইতেছে। সকলে বড়ই আমেবিদ আছেন, কাছারো বিরুষ বদন নয় তবে প্রেমাশে যা' কৃত্ত্ল-ম্রিমানা মন। । দিগে রজনী বাড়িতেছে, চন্দ্র যোড়শ কলাঃ জাজল্যমান হইয়া ৰূপের ছট। সম্পূর্ণৰূপে বিস্তীর্ণ করিতেছেন এবং বিস্তীর্ণ করিতে করিতে ক্রমে ক্রমে স্থলাস্তরে পলায়নের পস্থা দেখিতে ছেন। যামিনী প্রায় আপন উপস্থিত অধিকা? পরিবর্জনে তৎপরা হইয়াছে, এমত সময়ে রাজ সভা ভঙ্গ হইল এবং রাজা রাজপুত্রগণ এবং রাজ পারিষদবর্গ ক্রমে ক্রমে আপন আ-পন স্থানে গমন করিতে আরম্ভ করিলেন নর্ত্তকীরা নান। পুরস্কার পাইয়া মনোলাদে निদ∤य़ হইল।

পরদিন রাজ সভায় রাজার অধিষ্ঠান হইলে রসিক রঞ্জন রাজার সম্মুখীন্ হইয়া ক্রতাঞ্জলি পুটে বিনমু নিবেদন করিলেন;—

' 'রাজন্ ! বছকাল হইল আমি স্ব দেশ-ত্যাগী হইয়া ভিন্ন ভিন্ন দেশে ভ্রমণ করিতেছি ইহাতে আমার পিত। মাতা কত দূর পর্যায় ভাবাপন্ন আছেন বলিতে পারি না, প্রত্যুত্ত
তাঁহারা কি অবস্থায় আছেন জানি না, অতএব
আমার আর অধিক দিন প্রবাদে থাকা কোন
প্রকারে উচিত নয় এ নিমিন্ত মিনতি করি
দানুগ্রহ প্রকাশে আমাকে অদ্য বিদায় করুণ।"
রাজা এতচ্ছু বণে তাঁহার মতে সম্মত হইয়া
অশ্বচতুষ্টমসংযুত এক অপূর্বর রথ সজ্জা করাইয়া নেপাল রাজকে নানা জব্যের উপহার দিয়া
রিমিক রঞ্জনকে বিদায় করিলেন। রিদিক রঞ্জন
রাজাকে প্রণাম করতঃ পূর্বর হিতৈখী বন্ধু নলিনীকান্তের নিকটে ভুয়ঃ ভুয়ঃ ক্রতজ্ঞতা স্বীকার
করিয়া মিন্টালাপে তাঁহার নিকটে বিদায় হইয়া
স্ব দেশে যাতা করিলেন।

চতুর্দ্দশ অধ্যায়।

নলিনীকান্তের উদিগ্ন এবং দিতীয় বার পলায়নোদ্যোগ—কুরন্সিণীর উপবনে পুনঃ পলায়ন—এক ভীষণ রজনী এবং এক শোক-পূর্ণ উপাখ্যান—মরণ।

রসিক রঞ্জন স্থ দেশে যাত্রা করিলে নলিনী-কাস্ত সাতিশয় উদ্বিগ্ননা হইলেন, সেই উদ্বিগ নিতান্ত রুদিক রঞ্জনের গমনে হয় নাই, ইহার ভাব ভিন্ন ৰূপ। তাহা প্ৰেমোদ্ভব,—দেই নৰ্ত্ত-কীগণকে দেখিয়া উৎপন্ন হইয়াছে। তাহা-দিগের নর্ত্তন দর্শনে—মধুময় সংগীত প্রবণে, তাঁহার পূর্ব্ব প্রেম নবীন নবীন উল্লাস—নবীন নবীন আশ্বাস প্রদানে তাঁহাকে আশ্রয় করি-রাছে। কুরঞ্চিণীর প্রতিমূর্ত্তি এক্ষণে তাঁহার মনোমধ্যে অঙ্কিত হইতেছে, তিনি দেই লল-নার ৰূপ-মাধুরী ও প্রেমালিজণ স্মরণ করিতে-ছেন, কুরঞ্চিণীর দহিত দহবাদ, তাঁহার নিকুঞ্জে ও শৈলে ভ্রমণ—বায়ু দেবন, প্রেমালাপ, কৌ-তুক, নৃত্য, গীত, তাঁহার অন্তরে ইত্যাদি মনোজ্ঞ বিষয় উপস্থিত হইতেছে। হয় তো আত্ম-বিশ্বত হইয়া অনুসান করিতেছেন, কুর-ঙ্গিণী যেন তাঁহার পাশ্বে বর্ত্তমানা আছেন—তিনি <mark>যেন তাঁহার সঙ্গে রস</mark>রঙ্গে কেলী করিতেছেন। কিন্ত তাঁহার বদনের ভাব দেখিলে প্রতীত হয় তিনি যেন কত শোক-তরঞ্চিণীতে ভাগমান হইয়াছেন, প্ৰত্যুত তাঁহার মনে এৰূপ উদ্বিগ বটে, ভাঁহার অন্তর প্রেমানলে দহিতেছে না প্রমাশানলে দহিতেছে, কিন্তু প্রকৃতৰূপে চিন্তানলে দহিতেছে, দেই চিন্তা প্রেমাশা হইতে উৎপন্ন। সাগরে পতিত অনাশ্রিত লোক ষাশ্রম পাইয়া, ছর্জাগ্যক্রমে ভাহা হারাইলে দে যেমন বিকলেন্দ্রিয়—ছতাম-পরতন্ত্র হয়, তিনি তমত হইলেন। কুরঙ্গিণীর যে এত দোষ তাহা তিনি বিশ্বত হইলেন, তিনি এখন মনে মনে 'আগার কুরঙ্গিণী" বলিয়া স্বীকার করিতেছেন।

নলিনীকান্ত প্রেমাভিলাষী হইয়া দিন দিন কেবল প্রেম তত্ত্বই করেন, কেহ প্রেমের পরিচয় দিলে প্রফুল্ল হন, তাঁহার আর কিছুতে স্থথ নাই, আর কিছুর প্রয়োজন নাই। দিন যামিনী প্রেমের ধ্যান করেন, শেষে চিন্তায় তাঁহাকে একপ অভিভূত করিল যে তিনি যামিনী যোগের স্থেময়ী নিজা হইতে বঞ্চিত হইলেন।

এই ভাবনা-তৎপর প্রযুক্ত তাঁহার কলেবর ক্রমে ক্রমে বিকল হইতে লাগিল—প্রতিমূর্ত্তি শ্রীহীন হইতে লাগিল। এমন যে কাঞ্চন-রূপ রূপ ক্রমে তাহা বিরূপ ধারণ করিল।

পুরজনেরা তাঁহার ঈদৃশী ভাব দেখিয়া প্রমাদ গণিলেন, তাঁহারা তাঁহার উচাটনের কারণ অন্ধুভব করিলেন। কাশ্মীরাধিপতি পুত্রের প্রেমোন্মনা বশতঃ শারীরিক জীর্ণতা দেখিয়া। মনস্তাপে কাতর হইলেন—এ রোগের উষধ বিষয়, অতএব রাজা পুত্রের প্রেম স্কর কি প্র- কারে উপশম করিবেন স্থির করিতে পারেন না।
রাজা নলিনীকান্তকে সতত নিকটে রাখেন,
সতত ধর্ম্মের চর্চা করেন—শাস্ত্রালাপ করেন,
নলিনীকান্তের যাহাতে চিন্ত বিনোদন হয় তাহার চেষ্টা করেন, কিন্তু করিলে কি হইবে অবশেষে সকলি নিক্ষল হয়।

কিয়ৎ কাল ঈদৃশী ভাবে বিগত হয়, নলিনী-কান্ত উত্তরোত্তর মুিয়মানা হন—তাঁহার চিন্তা ক্ৰমে এৰূপ বৰ্দ্ধি হইল, যে তিনি বাতুল-প্ৰায় হইলেন। তাঁহার প্রেমাস্পদা রমণী তাঁহার কুপ্রবৃত্তি দেখিয়া সাতিশয় খিন্নমানা হইলেন এবং বিনয় বাক্যে তাঁহাকে অহরহ বুঝাইলেন, নলিনীকান্ত কেবল ভাঁহার অনুরোধে এবং তাঁহার নিতান্ত সরল স্বভাব ও স্বামী পরায়ণতা জন্য উপস্থিত সময়ে কিঞ্চিৎ স্কুস্থির হইতেন, পরক্ষণে কুরঙ্গিণীকে ভাবিতেন, কিন্তু সেই ভাবনা কালে স্থশীলাকে বিশ্বৃত হইতেন না, হইবেনই বা কেন? আহা! এমন প্রণয়িনীর গুণ্কোন্নরাধম বিম্মরণ করিতে পারে ! যাহার পত্নী এৰূপ ধৰ্ম পরায়ণ জগতে দেই মন্ত্রষ্যই সুখী! নলিনীকান্তও ইহা জানিতেন, ফলতঃ জানিলে কি হয় তাঁহার কার্য্য তো ভতুপযুক্ত নয়, দর্কাপেক্ষা প্রেমের জয়; যাহাকে এ রোগ ধরে তাহার কি স্কমতি হয়, না তাহার নিস্তার আছে, এহেডু নলিনীকান্ত মহা প্রমাদে গড়িলেন।

• নলিনীকান্ত প্রেম চিন্তায় কিছু দিন কাতর হন ইতিমধ্যে একদা তিনি রাজবাটীর অদূরবর্ত্তি এক উদ্যানে বায়ু সম্ভোগে গেলেন। [`]তিনি এই উদ্যানে নধ্যে মধ্যে আনিতেন, কিন্ত তাঁ-হার পলায়ন চেউা প্রতিরোধ করিবার জন রাজা উদ্যান রক্ষকদিগকে সতর্ক করিয়াছিলে, অধিকন্ত ভাঁহার গমন কালে অমাত্য বিশেষকে ভাঁহার পশ্চাতে পাঠাইতেন, ইহাতে ছুর্ব ট হইবার মহজেই সন্তাবনা ছিল না। উপস্থিত দিনে সেই নিয়ম ব্লিফত হইয়াছে, নলিনীকান্ত উদ্যানে গিয়া অন্য দিনের ন্যায় ইতন্ততঃ পরি-ভ্রমণ করিতেছেন, তথন বেলা অবসান হইয়া-ছে-রজনী উপবিতা হইয়াছে, আকাশ মেঘা-ন্ডুন হইবাতে দিকসকল অন্ধকারাকীর্ণ হইয়াছে। নলিনীকান্ত বাগানে ভ্রমণ করিতে করিতে অনেক দূর গিয়াছেন, সেই বাগান অনেক রুছৎ ছিল এবং অনেক ভক্ততে সনাকীৰ্ণ থা কবাতে অদূরস্থ মনুষ্য দৃশ্যণম্য হইত না; নলিনীকান্ডের পশ্চাৎ চরেরা
। সতত সতর্ক থাকিত, ভাঁছার ণ্ডি, দূর হইতে অনুসন্ধান করিত, তিনি যে-

পানে যাইতেন তাহারা তাঁহার পশ্চাৎ পশ্চাৎ থাকিত, কিন্তু নিকটাবৰ্ত্তী থাকিত না, এমন কি শতাধিক হস্ত পরিমাণ দূরে থাকিত। নলিনী-কান্ত ক্ৰমশঃ যাইতেছেন, যাইতে যাইতে পশ্চা তে দেখিতেছেন, পাছে কেহ তাঁহাকে তাড়না করে তাঁহার এ ভয় আছে। নলিনীকান্ত যে এত দূর গিয়াছেন তাঁখার রক্ষকেরা তাহা জানে না, তাহারা তৎকালে গণ্প প্রসঙ্গে মন্ত হইয়া আপনাপন কর্ম্মেবিশৃত হইয়াছে। নলিনী-কান্ত উন্যান অতিক্রমণ করিয়া রাজ মার্কে পড়ি-লেন এবং যাইতে২ রাজ বেশ খুলিয়া ফেলি-লেন, না ফেলিলে নয়, কারণ তাহা চিত্রের 'স্বৰূপ এবং শীঘ্ৰ ধৃত হওনের উপায়। তিনি রাজ বেশ ফেলিয়। প্রায় দৌড়িতে লাগি-লেন, অনেক দূর অনেক ক্ষণ য†ইতে যাইতে হিমালয়ের পূর্ব্ব পলায়নের পথ পাইলেন, সেই পথ দিয়া কুরঞ্জিণীর উপবনে ত্রায় যাওয়া যায়। নলিনীকান্ত অনেক দূর গেলে আকাশ মার্কে অম্বরে অম্বরে যোর বিবাদ আরম্ভিল এবং তর্জ্জন গর্জ্জন করিতে লাগিল—গগণের স্বর্ণলতা বেশ্বদামিনী প্রকাশিল—তৎপরে বর্ষণারম্ভ হইল। মলিনা যামিনীতে এ সকল উৎপাত ঘটাতে চরাচর ভয়ে তটহ হইল, কোন দিকে কোন

প্রাণীর শব্দ নাই, শব্দের মধ্যে ঝড়ে পরিত্যক্ত বিহঙ্গীগণের কাতরোক্তি এবং ছিন্নভিন্ন অ-नर्गल मिलांग्रमान मशीकरहत मण् मण् मक এবং ঝড়ের হুছ শব্দ। চারিদিকে ভীবণ মূর্ত্তি বর্ত্তমান, সকলই মলিন বেশী, বে ধ হয় যেন সকলে গ্রাদ্যানাধ। বিশেষতঃ বজু, অবিশ্রাম্ভ পতিত হইবাতে তাহার হৃদয়ভেদী ভীষণ রব সকলকৈ ত্রস্ত করিল। একেবারে এই সকল মহা মহা উপদ্রব উপস্থিতে নিরাশ্রয়ী পথিক সহজেই প্রলয় জ্ঞান করেন। এই কালে কোন দিকে একটা মনুষ্যের সমাগম নাই তাহাতে প্রকৃতি ও পৃথিবীকে জনশূন্যা বোধ হয়। এথন মেদিনীর সেই ৰূপ কান্তি, দেই হৃদয়প্রাহিণী লাবণ্য কোথায়! সকল স্থুথই বিগত, উদ্যানের নোহন মাধুরীও এমন সময়ে লোচনাপ্রিয়ক্তেপ বৰ্ত্তমান। কিন্তু আশ্চৰ্য্য এই, এমন বিপন্ন কালে গৃহশূন্য, নিরাশ্রয়ী, শীতল জলে থরথর কম্প-মান-অঙ্গ এক পান্ত ছুই সারি রুক্ষাকীর্ণ নিজ্জ^ন স্থান দিয়া নিঃশঙ্কায় যাইতেছে। সেই পাত্তের তুরবস্থা বিলোকনে মন মুিয়মানা হয়, সজল-নয়ন হইতে হয়। যেন কত গৃহ বিপাকে পৰ্জিয়া ত্যোচনে তৎপর হইয়া অজ্ঞান-বিহ্বলে ভ্রমণ . ক্রিতেছেন, অথবা মহা দোষিত কর্ম্ম ক্রিয়া

দণ্ড ভয়ে পলায়ন করিতেছেন, কিয়া কোন অসা-ধারণ ঘূণাবহ ব্যাপারে প্রব্ত হইয়া লজ্জা-প্রমান ভয়ে ধর্ম গ্রাম ও সভ্যতার আগার পরিত্যাগ করিয়া অপবিত্র দেহ, লোকের গোচর হইতে লুকাইবার জন্য কোন লোক-বিরল হলে যাইতেছেন। ফলতঃ ইহঁগর কার্য্য, শারীরিক ও চরণ চালনের গতি দেখিয়া ইহাঁকে কিপ্ত-প্রায় মিদ্ধান্ত হয়, কিন্তু তাঁহার ক্ষিপ্ততা বৈমর্য-মূলক, না দৈব বিপাকে পতিত বশতঃ বিড়য়ন:-মূলক, এখনও বলা কঠিন। ঝড় বহিতেছে, বৃষ্টি বাড়িতেছে, মেঘ গৰ্জ্জিতেছে, সকলেই ত্ৰস্ত হইয়াছে, কিন্তু পথিক নিঃশঙ্কায় চলিতেছেন। অনেক দূর যান, অনেক বিজন স্থান অতিক্রমণ করেন, কতই যাতনা, কতই পথ কফ্ট পান—এই ঘোর নিশি, এই ভীষণ প্রতিমূর্ত্তিসমূহ, পথিক তবুও চলিতেছেন, চলিতে চলিতে রজনী মধ্য দীমা পশ্চাৎ করিতেছে এমন মময়ে এক স্থান দর্শন পথে দেদীপ্যমান। ঐ স্থান বিজন কানন, না র্ম্য উপবন, ঈদৃশী মলিনা নিশিতে কে সি-দ্ধান্ত করেন, কিন্তু পথিকের অনুভব থাকিবে উ্থা লোক দারায় বাদিত, স্কুতরাং ঐ, স্থান তাঁ– হার পরিচিত স্থান, নহিলে তিনি তথায় প্রবেশ করিবেন কেন!

পথিক তথায় গেলেন, এ বড় আশ্চর্য্য যে যাইকা মাত্র তাঁহার বদন হইতে অনর্গল হাস্থ প্রকাশ পাইল, তাঁহার যে কত আনন্দ উপস্থিত বৰ্ণনাগাধ্য। তিনি যাইতেছেন, যাইতে যাইতে দেখিলেন, নৈকট্য এক পর্ণকুটীর দারে জ্বনেক প্রহরী সঅস্ত্র হইয়া দাঁড়াইয়া আছে, তাঁহার ভুক্ষেপও নাই, প্রহরীরও ভুক্ষেপ নাই, ইহাতে বোধ হয় ঐ স্থান নিশ্চয় তাঁহার পরি-চিত স্থান, অথবা বাস স্থান। র্টি ঝম্ঝম্ শকে পড়িতেছে এবং রুকের পল্রে ছরু ছর্ ধনি করিতেছে—সম্মুখে বেধে হয় একটী স্থরম্য মট্রালিকা রহিয়াছে, সেই অপরিচিত পাস্থ ঐ অট্টালিক। নিরীক্ষণে কি পর্য্যন্ত কুতূহলাক্রান্ত হইলেন সামান্য রচনায় ব্যক্ত হয় না। সতৃষ্ট চাতক বারি বর্ষণে কি আহ্লাদিত হয়, সাগরে পতিত নিরাশ্রয়ী আশ্রয় অবলয়নে তাহার হর্ষই বা কত! পান্তের হর্ষ অসাধারণ, বর্ণনাতীত এবং খলৌকিক। মেঘদূত কাব্যের প্রেয়-বিহ্বল ব্যক্তি জলধরকে দেখিয়া তৎ প্রতি প্রেয়**দীর ত**ত্ত্ব বার্ত্তা বলিয়া যত স্থুখ পাইয়া ছিল, এই পাত্তের স্থ সৰ্ব্ব প্ৰক্লাৱে ততোধিক। সেই প্ৰেমাস্পদী • মট্টালিকা দর্শনে আহা! সে ব্যক্তি কত স্বাচ্ছন্দ

পাইলেন, কতই বা নিরাপদ অসুভব করিলেন, বোধ হয় দে,সময়ে তাঁহার অন্তঃকরণ পুলোকে মোহিত হইয়া নৃত্য করিয়াছিল। তাঁহার আর কোন আশংকা নাই, কোন দিকে কোন মতে বিপদ হইবার আশংসা নাই, তিনি এতাধিক পথ কফ বিস্মরণ করিয়াছেন। কিন্তু হে বিভ্রমি! তোমার এই গর্য্যন্ত দেখিতেছি, তোমার আশা র্থা দেখি, ন। বলিলেও নয় আঞ্জি ভোমার কি ব্দবস্থা, ক্ষণ পরে আবার কি অবস্থা হইবে। আহা ছুঃখিনি স্কুতঃ! এই যে তুমি আছ, আবার তুমি কোথায় বাইবে! আমরা ইত্যাদি যত ক্ষণ বলিতেছি ইহারও অপ্পা ক্ষণের মধ্যে ঐ মাত-ভ্ৰমী পান্ত পুলকে এৰূপ মগ্ন হইলেন অথব মোহে মুগ্ধ হইলেন, যে তাঁহার সতর্কতা–প্রদায়ক জ্ঞান তাঁহাকে পরিত্যাগ করিল। জ্ঞানবিহীন হইলে বিপদ নিকটাগত,—তিনি আহ্লাদে গদ্ধাদ চিত্তে অট্টালিকাভিমুখে যেমন দ্ৰুত যাই-বেন অমনি ভূমি তলে শায়িত লতায় তাঁহার পদাকীৰ্ণ হইল, তাহাতে তিনি একেবারে অবসঃ হইয়া পতিত হইলেন—পতনও অগ্রবর্জী ;— পড়িয়া চেতনরহিত—মুচ্ছবিপ্রাপ্ত-গলদ ঘর্মে একেবারে ত্রবিভূত। অঙ্গ অবশ, সর্বব শরীর নিষ্পন্দ, বাক্রোধ। কিন্তু ৰূপের প্রভা কি দমুজ্জ্বল, বোধ হয় যেন বিপাকে মগ্ন হইয়া তাহা নবীন কান্তি আকৰ্ষণ করিয়াছে। কিবা মোহন অঙ্গ দৌষ্টব! দেই পূর্ণযৌবন তরুণকে দেখিয়া অনুমান হয় যেন গগণ চাঁদ গগণ হইতে থসিয়া ভূতলে পড়িয়াছেন। দেই বিমল ৰূপী যুবাকে এ অবস্থায় দেখিলেও কোন্ যুবতী ললনার মন টলে না?

নলিনীকান্ত এমন যৌবন প্রেমান্ত্রাগে নিরর্থক হারা'লেন। কিন্তু পবিত্র প্রেমে সমর্পিলে ভাহা কত কাল স্কুথে সম্ভোগ করিতেন।

যাহা হউক, তিনি মূর্চ্ছাপ্রাপ্ত হইয়া অচেতনে অনেক ক্ষণ পড়িয়া রহিলেন, ভূতলস্থ এক থানা শীলায় তাঁহার মস্তক বিদীর্ণ হইয়া ছিল এবং রক্তে প্লাবিত হইতে ছিল। তাহার যাতনা মস্তরস্থ হইলে তাঁহার তিষধয়ে য় যৎ কিঞ্চিৎ চিন্তা ছিল। দেই চিন্তা অনেক পরে তাঁহার ঈষৎ জ্ঞান আনমন করিল। কিন্তু জ্ঞানালোকে তাঁহার অন্তর্ম তি স্বচ্ছ হইলে তাঁহার কোন উৎকৃষ্ট বিষয় স্মরণ হইল না, এমন সময়েও তাঁহার প্রেম ভাব আবিত্রাব হইল, তাঁহার বদন হইতে প্রেম বিষয়িক তুই এক উক্তি প্রকাশ পাইল, ত্রাধ্যে পশ্চাৎ ৰূপ উক্তি অপৰূপ ও হৃদয়ভেদী;—

[রাগিণী সিন্ধুরা। তাল মধ্যমান।]

কোথা আছ প্রিয়তমা কুরঙ্গিণী স্থবদনে! অনঙ্গ নিদয়ে অঙ্গ ভঙ্গ করে অকারণে।

> করাল কালেতে পাশে বন্ধন করে লো কেশে, রক্ষা কর মরি ত্রাশে

> > আসিয়া এ উপবনে।

এই গীত আলাপ করিলে সন্নিহিত পূর্ব্ব-কথিত রম্য অট্টালিকা হইতে ত্রৈলক্য-মোহিনী-ৰূপ এক কামিনী বাহির হইয়া ঐ হতাশ-প্রাণ ব্যক্তির সমীপে এই গান করিতে করিতে উপস্থিতা হইলেন;—

[রাগিণী সিন্ধুরা। তাল মধ্যমান।]

কেন নাথ ডাকিতেছ এ ঘোর রজনী কালে? কি করিবে কালে তব নিদয় করাল জালে।

> · আমি থাকিতে হে প্রাণ নিক্ষল কুসুম বান ! অনুষ্ঠকে অপুমান

> > করি আমি অবহেলে।

এই কামিনীর কমনীয় নাম কুরঙ্গিণী প্রথম গীতে প্রকাশ হইয়াছে, বস্তুতঃ ইনি আমা-দিগের সেই পরম প্রেমাস্পদা নটী বর্টেন এবং উ-পদ্তি রঙ্গভূমি তাঁহার সেই স্থরম্য উপবন।—

বিপন্ন ব্যক্তির ভাব ভঙ্গী বুঝিয়াকে না তাঁ-হাকে নলিনীকান্ত বলিয়া প্রতিপন্ন করেন? कुरिक्रगी ও निननीकां उ थहे छूहेंगे कि श्रिय नोग हिल, देश अनित्न देश पिरांत की ज़ा की-তুক দেখিলে কাহার না মন জুড়াত? কে না রনে বিগলিত হইতেন? কিন্তু আহা! দেই কুরঙ্গিণী, সেই নলিনীকান্তের উপস্থিত অবস্থা দেপিয়া, কারুণিক উক্তি শুনিয়া, অন্তর যে কেমন সম্ভাপিত হয়! আহা নলিনীকান্ত! হে প্ৰেমিক! অবশেষে তোমার এই দশা হ'ল! আহা! তুমি यथन कुत्रक्रिगीत मरक तरक नृष्ठा कतिएण—नेव নব বৈশ পরিতে—কুরঙ্গিণীকে চুম্বনালিঞ্গণ করিতে—বায়ু দেবনে উপবনে ভ্রমণ করিতে, তথন আমরা আহ্লোদে কি পর্য্যন্ত আদ্র্রি হই-ু আহা! যে দিন ভুমি স্ত্রী বেশ ধরিয়া কুরক্সিণীর সঙ্গে শৈল বিহার কর, সে দিনে আ-মরা কি পর্যান্ত না আপ্যায়িত হইয়া ছিলাম! এক্ষণে তোমাকে যে ভিন্ন ব্যক্তি দেখি, '' ভো-নাতে তুমি নাই" দেই ৰূপ তুমি; তোমার পূৰ্ব্ব ভাব একেবারে কি হৃদয়ভেদী ভাবে পরিবর্ত্তন श्रेल!

যথন কুরস্বিণী গান করিতে করিতে নলিনী- ° কান্তের সন্মুখবর্ত্তিনী হইলেন, তথন সেই রাজ-

পুত্রের বদন কি ভীষণ ভঙ্গী গ্রহণ করিল : অনুমানে বোধ হয় কুরঙ্গিণীকে দেখিয়া তাঁহার ঘ্ণা জিমিয়াছে, ভাবিতেছেন, হে নিষ্কুরা কৃহ-কিনি! মোহিনী বিদ্যায় ভুলাইয়া অবশেষে প্রাণ বিনাশের উপায় করিলি! আহা! সেই নয়নের বিক্বত গতি দেখিয়া বিষাদ-মগ্ন হইতে হয়। যথন সেই মর্ণোনাুথ রাজতনয় বিচলিত সজল নয়নে কুরঙ্গিণীর প্রতি এক দৃষ্টে দৃষ্টি ক্ষেপণ করিলেন আহা! তথন তাঁহার মনে কত শত ভাবোদয় হইল। প্রধাণত্ব তাঁহার কারু-ণিক ভাবই উপস্থিত, কিন্তু তাহা ঘৃণাও ক্রোধ মিশ্রিত। নলিনীকান্ত অশৎ পথে যাইয়া তৎ প্রতিফলৰপ ত্রিভূবনের উৎকট ছঃখ মর্ণ কবলে পড়িলে তিনি আপন কুকর্ম জন্য অনী-ব্রচনীয় খিদ্যমান হইলেন, ক্রমে ক্রমে তাঁহার প্রেম ভাব বিলয় হইল এবং শান্তি ভাব উদয় হইল।—প্রবল পরন হুছঃ শব্দ করিতে ক্ষ†ন্ত হয় নাই, ঝম্ ঝম্ শব্দে রুফিও পড়িতেছে, মেঘও ডাকিতেছে, বিছ্যুৎ প্রকাশিছে, অন্ধকার বশ-তঃ চারি দিকে সেই ৰূপ ভীরু দৃষ্ঠা, এমন সময়ে — कूत्रक्रिगीत উक्ति भिष ना शहरा शहरा 'আঁরো ভীরু দৃশ্য দর্শন গোচর হইল, দেখিতে দেখিতে নলিনীকান্ত অচেতন, দেই চক্ষু আর যুরিতেছে না, নিশ্বাস বহিতেছে না, অঙ্গ নড়ি-তেছে ন। তিনি মৃত মধ্যে এক্ষণে পরিগণিত, মলিন নিশিতে গগণ হইতে সমুজ্জ্বল **ন**ক্ষত্ৰ ভূতলে খদিয়া পড়িলে তাহা যেৰূপ দেখায় নলিনীকান্তকে তদ্ধপ দেখাইতেছে। কলি, অথবা তরুণ অঙ্কুর, কোন নিষ্ঠুর ব্যক্তি ছেদন করিলে তাহা যেমন মলিন হইয়াও রুম্য হয় রাজকুমারের পতনে তিনি তদ্বং হইয়াছেন। আহা কি অনুতাপ! কি লোচন-নিপীড়ক ঘটনা! কিন্তু তথাপি কোন দিকে আক্ষেপ নাই, এই ঘটনা দেখিয়া কাহারও কারোক্তি নাই, কেই বা শোকার্পিত হইবে, সকলেই নিস্তন্ধ, মে স্থান জনপুন্য বলিলে হয়। কুরক্সিণী এই আকস্মিক্ ছুদৈর ব্যাপার সন্দর্শনে বুদ্ধিহতা হইয়া নিষ্পান্দ শরীরে স্তব্ধ হইয়া রহিলেন, তাঁহার যে সন্তাপ হইবে আশ্চর্য্য নয়, এই ব্যাপার দেখিয়া পাষা-ণাতঃকরণও আ**দ্র হয়। এক নবীন সর্বাঞ্চ**-স্থন্দর রাজতনয় আপন নির্ক্তিতে চিরকালের মতন ধরা শধ্যায় শায়িত, এই দৃশ্য কি স্বন্প পীড়াদায়ক!

পঞ্চদশ অধ্যায়।

मगाश्चि।

কত হাস্ত কৌতুক; কত সন্তোষ-হারাবলি কত নৃত্য গীত বিষয়ক ; বিলাদ-স্থাধার ; কত লাবণ্য মনোমোহন; কত প্রাণতোষিণী রঙ্গিণী উপাধ্যান; শোক তরঙ্গিণী প্রভৃতি, যথা নাধ্য প্রকারে বর্ণনা করিয়া, পাঠকব্লন্দের সহিত কথন সানন্দ-সলিলে, কথন সন্তাপ-সাগরে ভা-দিয়া আমরা এক্ষণে সমাপ্তি-তটিনী *ত*টে উন্তীর্ণ হ**ইলাম। নলিনীকান্তের** মরণাভিনয় সাক্ষ হইলে পাঠকপুঞ্জ কেবল নয়ন জলে ভাসিয়া রহিলেন, কুরঙ্গিণী, কাশ্মীররাজ, ভূপালরাজ, প্রভৃতির রঙ্গ ভূমিতে কি কার্য্য হইল এতৎ বিব-রণ বিরহে তাঁহারা সন্দিহান প্রযুক্ত তৃপ্তিরদে সম্পূর্ণ আপ্যায়িত হইবেন না, তাঁহাদিগের এ সন্দৈহ দূরিকরণ করি।

্নলিনীকান্ত কাশ্মীর রাজের উদ্যান হইতে পলায়ন করিলে তাঁহার রক্ষকেরা দানেক ক্ষণ অনেক দূর পর্যান্ত তাঁহার অত্যেষণ করিয়াছিল,

কিন্তু কোন প্রকারে তাঁহার কোন উদ্দেশ না পাইলে তাহারা মভয়ে, সবিনয়ে ও সকপটে চন্দ্রভীমকে জানায়, নলিনীকান্ত আমাদিগের হস্ত হইতে কোথায় গেলেন আময়া বিস্তর অনুসন্ধান করিয়াও কোন তত্ত্ব পাইলাম না। রাজা এই সাজ্ঞাতিক বাৰ্ত্তা শ্ৰবণে সাতিশয় বিমৰ্য হন এবং রক্ষকদিগকে যৎপরোনাস্তি ভর্থণা করিয়া তাঁহাদিগের মঙ্গে অনেক অনুচরকে তত্ত্বারু-সন্ধান জন্য চারি দিকে পাঠান। ঐ লোকের। প্রায় সমস্ত রাত্রি যথা তথা স্থান বিপুল শ্রমে অন্তুসন্ধান করিয়াও নলিনীকান্তের কোন নিদর্শন না পাইয়া রাজাকে পুনশ্চ অবগতি করে। **রদ্ধ** রাজা তাহাতে সাতিশয় ক্ষুনান্তর হয়েন, কিন্তু নলিনীকান্তের পলায়নের স্থান পরিচিত থাকায় তিনি দৈন্য দামন্ত সমভিব্যাহারে তথায় ধাইতে প্রস্তুত হয়েন, ইতিমধ্যে ভূপালরাজের আগমনে ভাঁহার তৎ কালীন যাত্রার প্রতিবন্ধক হইল। ভূপালরাজ পুত্র বিরহে অতিরেক কাতর হইয়া তাঁহার তত্ত্বাসুসন্ধান করিতে ছিলেন, তিনি যে কুরঙ্গিণীর নিকুঞ্জে গিয়াছিলেন তাহা তিনি জানিতেন্না, নলিনীকান্ত বাটীতে প্রত্যাগমান করিয়া কাহারও নিকটে তদ্বিষয় উল্লেখ করেন নাই। ভুপালরাজ কেবল নলিনীকান্তের শুভা-

গমন বার্ত্তা শুনিয়া ছিলেন মাত্র, তিনি কোথায় গিয়াছিলেন তাহা শুনেন নাই। শোকার্ত্ত ব্যক্তি আবার মূতন শোক প্রাপ্ত হইলে তাহার বিপন্নাবস্থা হয়, ভুপালরাজ একে তনয়ের বি-রহে কাতর হইতে ছিলেন তাহাতে জামাতার পলায়ন রুস্তান্ত শুনিয়া কিৰূপ বিষয় হইলেন অনুভব কর। যাহা হউক, ভাঁহারা বিলম্ব না করিয়া দৈন্য দল দঙ্গে নলিনীকান্ত ও হিম-সাগরের অম্বেষণে চলিলেন। অনেক দূর যান, অনেক স্থল অস্বেষণ করেন, অনেককে জিজ্ঞাসা করেন, নলিনীকান্তের কোন তত্ত্ব পান না। তাঁ-হারা কুরঙ্গিণীর নিকুঞ্জ অবেষণ করিতেছেন, কিন্তু কুরক্লিণীর নিকুঞ্জ হিমালয় গহ্বরে তাঁহারা **এই মাত্র জানেন—কোন্ নিদৃষ্ট স্থলে জানেন** না। তাঁহারা হিমালয়ে উত্তীর্ণ হইয়া ইতঃস্তত তত্ত্ব করেন—নলিনীকান্তকে বা হিমদাগরকে কোন স্থলেই দেখেন না। কত স্থল ভ্রমণ করি-রাও কুরক্ষিণীর উপবনের পথ প্রাপ্ত হয়েন না। অনুসন্ধান করিতে করিতে তাঁহারা কুরঙ্গিণীর উপবনের প্রায় নিকটাবর্ত্তি হইলেন, কিন্তু তাঁ-হারা যে কুরঙ্গিণীর উপবনের নিকটারুর্ত্তি তাহা তাঁহারা জানেন না, এমন কালে দিবদ কাল , বিলয় হইয়া রাত্রিকাল উপস্থিত করিল। তাঁ-

হারা এক স্থানে শিবির স্থাপন করিয়া সে যামিনী অতিপাত করিতে লাগিলেন। পরে যামিনী স্থলান্তর গামিনী হইলে দিনমনী দিবসমানে পূর্ব্ব ভাগে কার্য্যারম্ভ করিলেন। বিহঙ্গিণীগণের রবৈ সকলে সচেতন হইল, কাশ্মীররাজ, ভু-পালরাজ অনুচরগণ সমভিব্যাহারে অন্বেষণ পথবর্ত্তি হইলেন-কিয়দ্যুর যান, অদূরে এক স্থন্দর উপবন তাঁহাদিগের লোচনাধীন হইল, ঐ উপবন কুরঞ্জিণীর, তাঁহারা নিশ্চয় সিদ্ধান্ত করিলেন, তাহাতে তাঁহাদিগের মনে হর্ষের মঞ্চার হইল, ভাঁহারা উপবনে যাইলেন। কিন্তু প্রহরীরা তাঁহাদিগকে কিছু বলিল না, বরঞ্চ সভীতের ন্যায় ত্রস্ত হইল। তাহাদিগের বদন মুান হইয়াছে, তাহারা অত্যন্ত বিষণ্ণে আছে; দকলি নিরব, বোধ হয় যেন কোন করুণ রুদা-শ্রিত নাট্য ক্রীড়া শেষ হইয়াছে। নৃপতি দ্বয় সেই উপবনে অপ্রতিরোধে যাইতে যাইতে এক স্থানে এক আশ্চর্য্য ঘটনা দেখিলেন; দেখেন, অসীম লাবণ্যবতী, পূর্ণযৌবনা এক ললনা কাল মর্পের দ্বারায় আপাদ মস্তক পর্য্যন্ত জড়িভূতা হইয়। জীবন লীলা সম্বরণ করতঃ ধরাশায়িনী হইয়াছেন। ত্রিভূবন মোর্হিনী ঐ কন্যার ঈদুশী নয়ননিপীড়ক বিপন্নাবস্থা দর্শনে সকলেই চি-

ত্রার্পিতের ন্যায় হইয়া রহিলেন এবং অদীন মনঃ পীড়া পাইলেন। তাঁহাকে এৰপ দেখিয়া সকলে কারুণিক ভাবে গলিত হইলেন, তাঁহা-দিণের হৃদয়ে দয়ার সঞ্চার হইল, কিন্তু ঐ কা-মিনী কে, কি কর্ম্ম করিয়াছে, এতদ্বিষয়িক পরিচয় প্রাপ্ত হইলে, তাঁহারা তৎ দণ্ডে ক্রোধ-প্রজ্বলিত হইতেন এবং তাহার কর্মোপযোগ্য শাস্তি হইয়াছে সরোষে প্রকাশ করিতেন। কারণ ঐ কামিনী সেই ছঃশীলা, অশৎ চরিত্রা কুরঞ্জিণী। তাঁহারা এই ঘটনা দেখিয়া স্লান্তরে এক ভীরু দৃশ্য দেখিলেন।—নলিনীকান্ত যাবজ্জীবনের মত ধরাশায়ী হইয়া আছেন। কাশ্মীররাজ আর ম**নুষ্যের মধ্যে** গণ্য নয়। তিনি শোকার্গিত বশতঃ হতবুদ্ধি না বাতুল, কিছুই স্থির করা যায় না। তাঁহার অবয়ব বিক্লত মূর্ত্তি গ্রহণ করিয়াছে । তিথালোক-পূর্ণা বিছ্যুল্লতা অনুচর বজু সমেত সমীপবর্ত্তি হইলে লোক যাদৃশী ত্রত হইয়া মুক্ষীগতঃ হয়, চক্রভীম, তন-য়ের অন্তিমাবস্থা দেখিয়া তমত হইলেন। তিনি একেবারে ধরাশায়ী, চেতনহীন, মৃতকণ্প-প্রায়—মৃতই কি না তাহাও ধার্য্য নাই। ভু-পাল রাজও স্বস্প শোকার্ত্ত হয়েন নাই; তিনিও হনজ্ঞান, বিকলেন্দ্রিয়। আহা! তাঁহার পর্য

প্রিয় ছহিতার কি দশা হইবে তিনি স্মরণ করিয়া সন্তাপে কি পর্য্যন্ত না মুয়মান হইতে-ছেন; চন্দ্রভীম তা'তে মুচ্ছাণতঃ হইবেন বিচিত্র কি! এই ঘুটনা কি পর্যন্তে পীড়াদায়ক বিবেচনা কর, উপবনস্থ প্রতিহারীরা এই কারুণিক ঘটনা দূর হইতে নিরীক্ষণ করিয়া ইহার তত্ত্ব জানিবার জন্য অভিলাষী হইল, কিন্তু তাহারা দৈন্যগণকে দেখিয়া সাতিশয় ভীত হইয়া ছিল—ভাবিতে ছিল, ঐ রাজারা নলিনীকান্তের আত্মীয়বর্গ, নলি-নীকান্তের মরণ বিবরণ প্রকারান্তরে শুনিয়া কুর-ক্সিণীকে এবং তাহাদিগকে উপযুক্ত শাস্তি দিবার জন্য দৈন্য সমভ্যারে আদিয়াছেন। তাহারা এই স্থির করতঃ পলায়নে উদ্যত হইয়া ছিল, কিন্তু পলায়নের কোন উপায় নাই, দৈন্যগণ চতুর্দ্দিকে দণ্ডায়মান। প্রাণতো রাজ দণ্ডে নিতান্ত সমর্পিত হইবে, এবং যৎকালে কোন প্রকারে পরিত্রাণোপায় নাই তথন রাজাদিণের নিকটে মিনতি দ্বারা উদ্ধার উপ্পায় করা শ্রেয়ঃ, এই যুক্তি ন্যায্য ধার্য্য করিয়া প্রতিহারীরা রাজা-দিগের সমুখে বিনীত ভাবে দ[®]ভায়মান রহিল। অনেক ক্লণের পর তাঁহাদিণের চেতনেশদ্ম **इहेटल** जाहोता समहे निश्रुश्मक श्रम्हती पिशटक

দেখিয়া জিজ্ঞানা করেন, নলিনীকান্তের দশা কি
কপে একপ হইল, দর্পাঘাতে মৃত রমণীই বা
কে, উপবনই বা কাহার? প্রহরীগণ হইতে
ইহার সম্পূর্ণ রজান্ত জ্ঞাত হইয়া, রাজ্ঞারা সাতিশয় উদ্বিম হন—কুরঙ্গিণীর উপরে সাতিশয়
বিরক্ত হন—প্রহরীদিগকে নফ্ট করিতে প্রস্তুত
হন—তাহারা অনেক কাতরোক্তি ও আপনাপন
নির্দোধিতা প্রকাশ করিলে তাঁহারা ক্ষান্ত হন।
কিন্তু স্থলোচনা প্রভৃতি সহচরীগণকে বিলম্ব
ব্যতীত শমন ভবনে পাঠান। কথোপকথার দ্বারায়
ভূপালরাজ হীমসাগরের মৃত্যু বিবরণ শুনেন—
শুনিয়া যৎপরোনান্তি অশান্ত হন ও বছরীপ
বিলাপ করেন। তাঁহারা উপবন অধিকার করিয়া
তথায় কতকগুলি দৈন্য রাথিয়া আপনাপন
রাজ্যে বিমর্ষান্তরে গমন করেন।

আমরা এন্থলে রঙ্গভূমি অঙ্গকার করি—নাট্য-ক্রীড়া সমাপ্তি করি।

मगश्चि।



िनिर्घक ।

	প্রথম অধ	अग्न !		श्रु १
निनीकांख, छेशद	নে উপনীত হয়ে	प्रन—सन्दर्श	ার হতবুলি	क्षा १३ ५
	ৰিতীয় অ ং	ধায়।		
প্রমালাপ ; –নিকু	ঞ্জ-বিহার।		• • • • • •	\$ 25
	তৃতীয় অং	ধ্যায় ৷		
ূনারের উদেগ-বু	রেঞ্চিণী কুহক-বা	চনে তাঁহাং	ক ভূলান।	\$20-28
	চতুর্থ অধ	र्गेग्र ।		
কুর্দ্ধিণীর নিকেত	নে গৰুকা কন্যাগ	াণের আগ	মন—ভা†ে	মাদ
श्रदमान ।		• • • •		:5-20
	পঞ্চন অধ	11ग्न ।		
নলিনীকান্ত আর্থ সাহনিকপলায়া				
	यक्षे खना	ग्र 1		
চক্ৰভীম র∷ः	• •		• · · · ·	9998
	মধ্যে আগ	7 7 T		
बलिबी अन्य अनुक				
	75% 4	ার্যনি কুর	। সিণীর নি	करहे
	V to We	श ० मध्य	•••	©3 <u>•</u> 0 ••

9/		नियण	1		
	7	বেন অধ্যা	य ।		ઇ ઇ
প্লায়ন ৷					95− ৮ €
		দশম অধ্য	ায়।		
কুর্জিণী নবি হিমসাগ	ননীকান্তের বের অকাল		ইতপ্ততঃ ব · · · ·	. 1	
	•	কাদশ অং	বা†ষ ।	•	
্নুছ্ছ নিগের হরণ—শ আসেন	ोनरमञीत उ	ালিনীকাডে ইতিহাস—ওঁ	ার বসন, গাঁহারা কা	र्थाते ता	र् <i>श-</i> रङ्ग <i>्र</i> १ ७ : : : ४
આ <u>(</u> ડન ન		' 'দশ অধ্যা	· · · · · · · · · · · · · · · · · · ·		, .
তিনটী র	ওর্সিক রঞ্চ কাশ্মীর রা ডিজ সহচরী জিার সহিৎ	জেনু উ পবি রু সঙ্গে সা	ংত হন— য় কাৎ—মন্	দরোবর ত্রীর আংধ	उ.हे
	ত্র	য়োদশ অং	धाम् ।		
সুশীলা—রাজ গমন কে	द्रम ।		••••	রঞ্জন যাণে ১০	
	74	ठूर्मंग ऋथा	ায় ৷		
	ন উদ্বিগ, এ উপবনে শোকপূৰ্ণ	পুনঃ পলা	য়্ন-এক	ভীষণ রয়	हनी 💮

পঞ্চদশ অধাায়।

-পর্মাপ্ত।

